যদি বল শ্রীকৃষ্ণ পরমাত্মা বলিয়া, অথবা স্বকীয় নিত্য প্রেয়সীগণের সহিত নিত্য বিহার করেন বলিয়া গোপিকাগণের প্রতি শ্রীকৃষ্ণের পরদারত্ব শঙ্কা নিরাকৃত হইল স্বীকার করিলাম, কিন্তু তাহার মধ্যে প্রথমপক্ষ অধ্যাহারাদি দ্বারা কোনরূপে কথঞ্চিৎ স্থাপিত হইয়াছে, নিত্য প্রেয়সী বলিয়া উত্তর পক্ষ যদি আশ্রয় কর, তাহাতে জিজ্ঞাস্য এই—হায়! তবে কেন তাহাদিগের পরদারত্ব শুনিতে পাওয়া যায়? আর এই প্রকারে শুনিতে পাওয়া যায় বলিয়াই তাহা-দিগের যে অন্যত্র বিবাহ হইয়াছে তাহারও উপলব্ধি হইতেছে অতএব জন্মান্তরে যাহাই থাক না কেন বর্ত্তমানে তাঁহারা বিবাহ সম্বন্ধ বিষয় তত্তৎ গোপেরই পত্নী।

সুতরাং ইহাতেও যদি বলেন—শ্রীভগবান্ ভক্তগণকে তৎপর ও অনুগৃহীত করিবার নিমিত্ত তাদৃশী লীলা প্রকাশ করেন, তাহা হইলে জিজ্ঞাস্য এই যে—শ্রীকৃষ্ণের পরম ভক্ত ব্রজবাসিগণের প্রতি কিরূপে অনুগ্রহ প্রকাশ পাইল? কারণ শ্রীকৃষ্ণ তাহাদিগের দারাভিমর্শন করিয়াছেন, পক্ষান্তরে নিত্য প্রেয়সী সেই গোপীগণের তাদৃশ দুরবস্থা এবং পরম ভক্ত সেই ব্রজবাসিগণের প্রতি তাদৃশ দুর্ণয় বৃত্তান্ত শ্রবণ করিয়া অভক্তের কথা পরিহার কর, অপরাপর ভক্তজনেরই বা কিরূপে তৎপরতা হইতে পারে? ইত্যাদি আশঙ্কা সমূহ নিরাকৃত করিবার নিমিত্ত এই শ্লোকের অবতারণা করা হইতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"পাঠক্রম অপেক্ষা অন্বয়ক্রম বলীয়ান্" সুতরাং সেই ক্রমানুসারে বলিয়াছেন। "নাসূয়ন্ খলু কৃষ্ণায় ইত্যাদি।"

খলু নিশ্চয়ে যস্মাৎ ব্রজৌকসঃ তস্মাৎ কদাচিদপি কৃষ্ণায় নাসূয়ন্নিত্যর্থঃ।

যেহেতু গোপগণ ব্রজবাসী সুতরাং তাঁহারা কদাপি শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া করেন নাই। কারণ দশমের ১৪ অধ্যায়ের ৩৫ শ্লোকে শ্রীকৃষ্ণের প্রতি ব্রহ্মবচন রহিয়াছে যথা—

"যদ্ধামার্থ-সুহৃৎ-প্রিয়াত্ম-তনয়েতি।"

ব্রজবাসিগণ তোমার গৃহ, অর্থ, সুহৃৎ, প্রিয়, আত্ম ও তনয়, ইত্যাদি।

আর দশমের ১৬ অধ্যায়ের ১০ শ্লোকে রাজার প্রতি শ্রীশুকদেবের বচন যথা—

"কৃষ্ণেঽর্পিতাত্ম-সুহৃদর্থ-কলত্রকামা" ইত্যাদি।

যে গোপগণ শ্রীকৃষ্ণে আত্ম, সুহৃদ, অর্থ, কলত্র, কাম, এই সকল অর্পণ করিয়াছেন। ইত্যাদি

যদি বল অনুগ্রাহ্য ব্রজবাসিগণ জানুন আর নাই জানুন, তাঁহাদিগের প্রতি শ্রীকৃষ্ণের তাদৃশ আচরণ অন্যায্য? ইহার উত্তরে বলিতেছি—শ্রীকৃষ্ণপ্রেয়সী গোপিকাগণ যদি বিবাহ দ্বারা তত্তৎ গোপগণের পত্নী হইয়া থাকেন, তবে তাহা উচিত হয় নাই বটে, আর যদি উক্ত ব্রজবাসিগণের ভ্রমবশে গোপিকাগণ তত্তৎ পত্নীরূপে প্রতীয়মানা হইয়া থাকেন তথাপি বস্তুবিচারে শ্রীকৃষ্ণেরই পত্নী সুতরাং শ্রীকৃষ্ণ যে তাঁহাদিগকে আকর্ষণ করিয়াছেন, ইহা যদি ব্রজবাসিগণ না জানিতে পারেন তাহা হইলে আর দোষ কি? শ্রীশুকদেব ও ইহাই বলিয়াছেন—"তস্য মায়য়া যোগমায়য়া মোহিতাঃ সন্তঃ তে তস্য দারান্ স্বান্ স্বান্ মন্যমানাঃ স্ব-স্ব-পার্শ্বস্থাংশ্চ মন্যমানাঃ" শ্রীকৃষ্ণের মায়ায় প্রেমবৈচিত্রী-রচনার্থ—বিচিত্র লীলা সমুল্লাসিকা যোগমায়ায় মোহিতা হইয়া ব্রজবাসিগণ শ্রীকৃষ্ণের পত্নীগণকে স্ব স্ব পত্নী এবং স্ব স্ব পার্শ্বে অবস্থিত বলিয়া মনে করিতেছিলেন।

শ্লোকস্থ "তস্য" এই শব্দের দ্বিবিধ অন্বয় ভেদ প্রদর্শিত হইল তন্মধ্যে প্রথম অন্বয়ভেদের অভিপ্রায় এই—যে যোগমায়াকল্পিত অন্যান্য গোপরমণীর সহিত ব্রজবাসিগণের বিবাহ সম্পন্ন হইয়াছিল, কিন্তু শ্রীকৃষ্ণের নিত্যপ্রেয়সীগণের সহিত নহে, আর মায়া দ্বারা রক্ষিত এবং মোহিত ব্রজরমণীগণের তদানীন্তন সেই বৃত্তান্ত সকল গোপগণের পরিজ্ঞাত থাকিত না। আর অন্যত্র শ্রুত হইলেও তাহা তাঁহাদিগের রুচিকর হইত না সুতরাং ব্রজবাসিগণ শ্রীকৃষ্ণের নিত্য প্রেয়সীগণকে পত্নী বলিয়া মনে করিতেন এই মাত্র বস্তুতঃ কিন্তু তাঁহারা তাঁহাদিগের পত্নী ছিলেন না।

পক্ষান্তরে ব্রজবাসিগণের প্রতি নিত্যপ্রেয়সীগণের মানসিক পতিভাব নিরাকৃতই রহিয়াছে সুতরাং তাঁহাদিগের সহিত ব্রজবাসিগণের বিবাহ সম্বন্ধ সংঘটিত হয় নাই, যে হেতু বর্ত্তমান শ্লোকে ব্রজবাসিগণ শ্রীকৃষ্ণের গুণেও দোষারোপ করেন নাই, আমি ইহাই বলিয়াছি কিন্তু "ঈর্ষা করিলেন না" এইরূপ বলি নাই।

উত্তর পক্ষে অন্বয় ভেদের অভিপ্রায় এই—শ্রীকৃষ্ণ রাসের নিমিত্ত গোপীগণকে আকর্ষণ করিলে যোগমায়াকল্পিত রমণীগণ সেই সেই গোপরমণীর প্রতিনিধিরূপে তত্তদ্গোপনিকটে নিজের প্রতি তাহাদিগের পত্নীভাব সহকারে সংজ্ঞা কল্পিত ছায়ার ন্যায় বর্ত্তমান রহিলেন। ব্রজবাসিগণ এইসকল রমণীগণকে স্বপার্শ্বস্থ এবং পত্নী মনে করিয়াছিলেন সুতরাং ইহাতে ও দোষ প্রসঙ্গ হয় না।

তাহা হইলে ভগবৎ প্রেয়সী-গণের ছায়ার (যোগমায়া কল্পিত রমণীগণের) সহিত যদি বলসহকারে গোপগণের বিবাহ হয়, তবেত মহান্ দোষ উপস্থিত হইবে? এই আশঙ্কায় দ্বিতীয় অন্বয় বিভাগে তাহার সিদ্ধান্ত করিয়াছেন যে, স্বপার্শ্বস্থ মনে করিয়াছিলেন অর্থাৎ ইহারা আমাদের বিবাহিত এইরূপ মনে করিয়া যোগমায়া কর্ত্তৃক বঞ্চিত হইয়াছিলেন।

শ্রীভগবান্ ২২ অ ২২ শ্লোকে গোপরমণীগণের প্রতি স্বয়ং বলিয়াছেন:—তোমাদিগের সহিত আমার মিলন নির্দ্দোষ অর্থাৎ ইহাতে পারদারিকত্বাদি দোষ নাই। আর গর্গবাক্যানুসারে কৌমুতিকন্যায়ে এই রূপ অর্থেরই উপলব্ধি হইতেছে যে—

য এতস্মিন্ মহাভাগে প্রীতিং কুর্ব্বন্তি মানবাঃ।
নারয়োঽভিভবন্ত্যেতান্ বিষ্ণুপক্ষানিবাসুরাঃ॥

অর্থাৎ যে মানবগণ এই মহাভাগ শ্রীকৃষ্ণে প্রীতি করে, অসুরগণ শ্রীবিষ্ণুপক্ষাশ্রিতদিগকে যে রূপ অভিভূত করিতে পারে না, সেইরূপ শত্রুগণ তাহাদিগকে অভিভূত করিতে পারে না।

পিতামহ ব্রহ্মাও স্বসংহিতায় ইহাই বলিয়াছেন—

শ্রিয়ঃ কান্তাঃ কান্তঃ পরমপুরুষ ইত্যাদি।

রমণীগণ লক্ষ্মী-স্বরূপ, শ্রীকৃষ্ণ পরম পুরুষ, এই বলিয়া ইহার অন্যথাত্বের মায়িকতা দৃঢ় করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এস্থলে এইটিও বিচার্য্য যে,—পূর্ব্বে ১ম অধ্যায়ের ৭ম শ্লোকে রমণীগণের পতিস্বজনগণ ও মাতা পিতা প্রভৃতি আত্মীয়গণ তাঁহাদিগকে বাহির হইতে নিষেধ করিয়াছিলেন ইহা শ্রবণ করা যায়, এবিষয়ে জিজ্ঞাস্য এই যে,—শ্রীকৃষ্ণ-কৃত আকর্ষণ জানিয়া বা না জানিয়া, তাহারা রমণী গণকে যাইতে নিষেধ করিয়াছিলেন, যদি না জানিয়া নিবারণ করিয়া থাকেন তবে শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া যুক্তিসঙ্গত হয় না, সুতরাং "অসূয়া হইবে" এইরূপ যে পূর্ব্ব পক্ষ নির্দ্দিষ্ট করা হইয়াছে তাহা অসঙ্গত হয় অতএব তাহার নিরাকরণ ও ব্যর্থ হইয়া পড়ে। আর যদি বলেন—"জানিয়া" তাহা হইলে তাহাদিগকে স্ব স্বপার্শ্বে বর্ত্তমান দেখিয়া নিজ নিবারণ প্রতিপালন মনে করিতে পারিতেন সুতরাং তাঁহাদিগের প্রতি অসূয়াও করিতেন না, কিন্তু শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আকর্ষণ জানিয়া তাঁহার প্রতি গোপদিগের অসূয়া হওয়া সর্ব্বথা সম্ভব পর, এইরূপ পূর্ব্ব পক্ষকরা যাইতে পারে। গোপরমণীগণ তত্তৎ স্বামীর পার্শ্বে অবস্থিত রহিয়াছেন ইহাও তাহার সিদ্ধান্ত বলিয়া কল্পিত হইতে পারে না। অতএব ইহার উত্তরে বক্তব্য এই—শ্রীকৃষ্ণের যে বুদ্ধি পূর্ব্বক অর্থাৎ জানিয়া শুনিয়া ব্রজসুন্দরীগণকে আকর্ষণ করিতেছেন ইহা ব্রজবাসিগণ জানিতেন না, কারণ শ্রীকৃষ্ণের ঐ বংশীরব বিস্তারিশেষনয়, সুতরাং ঐ বংশীরব গোপীগণের কর্ণেই কেবল প্রবিষ্ট হইত কিন্তু অন্যের কর্ণে প্রবিষ্ট হইত না। যদি সকলের কর্ণে প্রবিষ্ট হইত, তবে শ্রীকৃষ্ণ, শয়ন কালে শয়নগৃহ পরিত্যাগ করিয়া রজনীযোগে বিদূর নির্জ্জন বনে কেন গমন করিয়াছেন্ এই ভাবিয়া তাঁহার মাতা পিতা, মহা আশঙ্কায় সেই স্থানে যাইয়া উপস্থিত হইতে পারেন, অতএব "শ্রীকৃষ্ণ স্বীয় স্বাভাবিক মাধুর্য্যে সকলকেই পুনঃ পুনঃ আকর্ষণ করিয়া থাকেন" এই ভাবিয়া, গোপীগণেরও কৃষ্ণ-দর্শনার্থ গমন আশঙ্কা হয়, পক্ষান্তরে অসময় বিধায় তাঁহারা নিবারণ করিয়াছিলেন, তাহা হইলেও গোপীগণ সমস্ত রজনীই শ্রীকৃষ্ণের সহিত সেই নির্জ্জন বনে বাস করিয়াছেন, ইহা যদি ব্রজবাসিগণ জানিতে পারিতেন, তবে শ্রীকৃষ্ণ ব্রজবাসী বলিয়া তাঁহার প্রতি ব্রজবাসিগণের অসূয়া না হইলেও অসূয়ার আভাস অবশ্যই এই প্রকারে উদিত হইত যে, যে আমাদিগের সমস্ত জীবনের আদি মূল, সেই শ্রীকৃষ্ণ সমস্ত রাত্র পরস্ত্রীর নিজনিকটে অবস্থান অনুমোদন করিয়াছেন অতএব শ্রীকৃষ্ণের লোক ধর্ম্ম মর্য্যাদা ও মঙ্গলের অতিক্রম অনুমান করিয়া বিস্মিত ব্রজবাসিগণের শ্রীকৃষ্ণের মঙ্গল চিন্তাময় ভাবই কোপময়ের ন্যায় কোপাভাসত্বই হইয়া উঠিত, যদ্দ্বারা তাহারা বধূ এবং কন্যাগণের প্রতি অসূয়া করিতেন।

গোপীগণকে স্ব স্ব পার্শ্বে অবলোকন করিয়া তাহাদিগের তাদৃশ ভাবও ছিল না সুতরাং তাহাদিগের কৃষ্ণের প্রতি অসূয়ার অবকাশ ছিল না।

এই অভিপ্রায়েই ভগবান্ বিষ্ণু যুগান্তরগত স্বপ্রেয়সীগণের গোত্র প্রবর্ত্তক গোপগণের প্রতি বর দান করিয়াছিলেন—পাদ্মে সৃষ্টি খণ্ডে যথা—

"যখন নন্দ প্রভৃতি গোপগণ ধরাতলে অবতীর্ণ হইবেন তখন আমি তাহাদিগের মধ্যে থাকিব, আর আপনাদিগের কন্যাগণ আমার সহিত ক্রীড়া করিবে, তাহাতে দোষ, রোষ, মাৎসর্য্য ইহার কিছুই থাকিবে না"। (ইহার শ্লোক, তোষণীতে দ্রষ্টব্য)

অপিচ—স্বরূপ দ্বারাই যাহার পর্য্যাপ্তি হয় না তাহার পক্ষে উপাধি স্বীকার করা নিরাবশ্যক, সুতরাং শ্রীকৃষ্ণ ব্রজবাসী বলিয়াই ব্রজবাসিগণের তাঁহার প্রতি অসূয়ার উদয় হয় নাই এই প্রকার অর্থই যুক্তিসঙ্গত, কিন্তু মায়ামোহিত বিধায় তাঁহার প্রতি অসূয়া প্রকাশ করেন নাই এই প্রকার হেতু প্রদর্শন বিরুদ্ধ বলিয়া প্রতিভাত হয়। পক্ষান্তরে তন্মায়ামোহিত হইয়াই তাঁহার প্রতি অসূয়া প্রকাশ করিয়া থাকে কিন্তু মোহিত না হইলে অসূয়া প্রকাশ করে না। অতএব "মোহিতাঃ" এই পদের অন্যভাগের সহিত সঙ্গতিই ন্যায়োপেত; আর তদ্বিষয়ে, যাহারা শ্রীকৃষ্ণ সম্বন্ধে যে কিছু অসামঞ্জস্য চিন্তায় তর্কজালে বিজড়িত হ'ন, অপিচ যাঁহারা শ্রীকৃষ্ণের মঙ্গলচিন্তাময় ভাবই অসূয়া বলিয়া মনে করেন, এই দ্বিবিধ সম্প্রদায়ের নিরসনার্থ উক্তরূপ সমাধানের প্রয়োজনীয়তা।

যদি পূর্ব্বোক্ত সমাধানই ন্যায্য বলিয়া গৃহীত হইত, তবে "মায়য়া" এই পদে করণ কারক নির্দ্দেশ করা উচিত, আর যদি উক্ত পদে করণকারক নির্দ্দেশ করা হয় তবে কর্ত্তৃকারকের অপেক্ষা থাকিয়া যায়, সুতরাং "তস্য" এই রূপ নির্দ্দেশ না করিয়া কর্ত্তৃত্ব বোধক পদ "তেন" এইরূপ নির্দ্দেশ যুক্তিসঙ্গত হয়। পক্ষান্তরে যদি করণ না বলিয়া হেতু বলিয়া নির্দ্দেশ করা হয়, তাহা হইলে "মোহিতা" এইরূপ প্রয়োগ হইতে পারে না অতএব সেই মায়াই কর্ত্তৃরূপা যেহেতু তাহাকে তদ্রূপে নির্দ্দিষ্ট করা হইয়াছে। প্রিয়জনের প্রেমলীলা দ্বারা আবিষ্ট সেই শ্রীকৃষ্ণের প্রেরণা ব্যতিরেকেও পরম দক্ষ রাজপ্রতিনিধির ন্যায় মধ্যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যে অনুভূত শ্রীকৃষ্ণ লীলাকে পূর্ব্ব পূর্ব্ব ভগবৎলীলার ক্রমের অনুক্রম অনুসারে উৎকৃষ্ট বিলাস রসভাব প্রাপ্ত করাইতেন বলিয়া যোগমায়ার কর্তৃত্ববিবক্ষা এই অনুসারেই পূর্ব্বে "যোগমায়ামুপাশ্রিত" এই রূপ কথিত হইয়াছে।

এইরূপ পর্য্যালোচনায় ব্রজসুন্দরীগণের স্বকীয়াত্ব প্রতিপাদিত হইল সুতরাং "তস্য" এই পদের পূর্ব্বনিবেশে কোন প্রয়োজকতা নাই, আর শ্রুতার্থের অন্যথা অবগতি হয়, সুতরাং পরের সহিত যোগ করিয়া সার্থকতা প্রদর্শনে মহাত্মাগণ গোপীগণের প্রতি শ্রীকৃষ্ণের ঔপপত্য, আর গোপীদিগের অন্য সহবাস, শ্রীকৃষ্ণের প্রতি ব্রজবাসিগণের অসূয়াভাস, অপিচ গোপীদিগের অসামঞ্জস্য এই সকল দোষ নিরাকৃত করিয়াছেন। সে যোজনা এইরূপ—

তস্য মায়য়া যে স্বে স্বে দারাঃ তান্ স্বপার্শ্বস্থান্ মন্যমানাঃ ভগবৎপ্রেয়স্যবস্থানার্হসময়ে তদভেদেনানুভবন্তঃ যতো মোহিতা তয়া এব।

শ্রীকৃষ্ণের মায়াকর্তৃক মোহিত যে সমস্ত পত্নীগণ তাঁহাদিগকে স্বপার্শ্বস্থ। শ্রীকৃষ্ণ প্রেয়সীগণ যে সময়ে তত্তন্নিকটে অবস্থান করিতে পারেন না অর্থাৎ শ্রীকৃষ্ণের নিকটে থাকিতে হয় সেই সময়েও ব্রজবাসীগণ তদভেদ অনুভব করিয়াছিলেন কারণ যোগমায়াকর্তৃক মোহিত। এইরূপ হইবার কারণ পতিব্রতা রমণীগণ কখন পরের নিকটে পরাভূত হন না তাহাতে আবার যাহারা ভগবান্‌কে পতিত্বে বরণ করিয়াছেন তাঁহাদিগের পক্ষে আর কি বক্তব্য আছে? গর্গমুনি কৈমুতিক ন্যায়ে ইহাই বলিয়াছেন।

কূর্ম্মপুরাণের উত্তরভাগে ৩২ অধ্যায়ের অন্তে কথিত আছে(১)।

জনকনন্দিনী সীতা লোকশিক্ষা অথবা সতী রমণীর অবশ্য কর্ত্তব্যতাবোধে অবান্তর সুখের ক্ষণিক মোহে উপেক্ষা করিয়া পরমগুরু স্বামীর সহিত হিংস্র এবং অপ অথবা উপদেবতা সঙ্কুল গহন পঞ্চবটী বনে শ্রীলক্ষ্মণ কর্তৃক সযত্ন রচিত কুটীরে নন্দনসুখ অনুভব করতঃ নির্ব্বাধে বাস করিতে লাগিলেন। এদিকে তদানীন্তন দিগ্‌বিজয়ী দুর্দ্দান্ত রাক্ষস রাবণ সীতাদেবীর সেই অলোকসামান্য রূপ লাবণ্যে উপেক্ষা করিতে পারিল না; সে মায়া বিস্তারে জলন্ত অথচ মোহন ঋষিমূর্ত্তি ধারণ করিয়া সীতাহরণ অভিপ্রায়ে কুটীরের ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল কিন্তু পতিপরায়ণা সীতাদেবীর নিকটে রাক্ষসের সেই অন্যায্য গূঢ় অভিপ্রায় অপ্রকাশ রহিল না, সুতরাং তিনি পতির অনুপস্থিতি বিধায় নিজকে রক্ষা করিবার জন্য বিশ্বপাবন ভগবান্ পাবকের উপাসনা করিলেন, পতিব্রতার হেলায় উচ্চারিত বাক্যও দেবতাদিগের পর্য্যন্ত অবশ্য প্রতিপাল্য; বিপৎকালীন উপাসনা সম্বন্ধে আর কি কর্ত্তব্য আছে? সুতরাং পাবক তাঁহার আদেশ প্রতিপালন করিলেন, তিনি মায়াময়ী সীতা প্রতিমূর্ত্তি প্রতিদানে সীতাদেবীকে অন্তরালে প্রচ্ছন্ন বা স্বীয় অভ্যন্তরে লুক্কায়িত রাখিলেন। আর সেই সতীর প্রতিকৃতিকে হরণ করিয়াও দিগ্‌বিজয়ী রাক্ষস রাম-হস্তে নিহত হইল। পুনরায় অগ্নিপরীক্ষায় প্রকৃত সীতা সহকারে শ্রীরামচন্দ্র অযোধ্যায় ফিরিয়া আসিলেন। অতএব ঐ গার্হপত্য অগ্নি যেরূপ পতিপরায়ণা সীতাদেবীকে মায়াবলে রক্ষা করিয়াছিলেন, সেইরূপ যোগমায়াও কৃষ্ণপত্নীগণকে মায়াবলে ব্রজবাসিগণের নিকটে প্রচ্ছন্ন রাখিয়া রক্ষা করিয়াছিলেন। অনন্তর প্রস্তুতের অনুসন্ধান করা কর্ত্তব্য।

শ্রীচক্রবর্ত্তিমহাশয়ের ব্যাখ্যা যথা—

এইরূপে শ্রীকৃষ্ণ, গোপরমণীগণের সহিত নির্ব্বাধে সমস্ত রজনী ক্রীড়া বা বিহার করিলেন, কিন্তু গোপীগণের পতি এবং শ্বশ্রূ প্রভৃতি স্ব-স্ব-পত্নী অথবা বধূগণকে স্ব-স্ব-পার্শ্বে অথবা গৃহে দেখিতে না পাইয়া শ্রীকৃষ্ণের প্রতি কেন ক্রুদ্ধ হইলেন না, তাহাই বলিতেছেন।

শ্লোকোক্ত "মায়া" শব্দে যোগমায়াকেই বুঝিতে হইবে কিন্তু বহিরঙ্গ মায়া নহে, কারণ ভগবৎপরিবারের প্রতি বহিরঙ্গমায়ার প্রবেশাধিকার নাই, পক্ষান্তরে উক্ত বহিরঙ্গমায়া মোহিত ব্যক্তিবর্গের ভগবদ্বৈমুখ্য অবশ্যম্ভাবী আর গোপীদিগের তাদৃশ ভগবদ্বৈমুখ্যের অণুমাত্রও পরিলক্ষিত হয় না।

যোগমায়াকর্তৃক মোহনের প্রকার এরূপ গোপীগণ যখন শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইবার অভিপ্রায়ে তাঁহার প্রতি অভিসার করিতেন, তখন যোগমায়া সেই সেই গোপীর অনুরূপ তত্তৎসংখ্যক গোপী সৃষ্ট করিয়া তত্তদ্ গোপীস্থানে নিযুক্ত করতঃ পতি প্রভৃতিকে মুগ্ধ করিয়া রাখিতেন। অতএব ব্রজবাসিগণ স্ব স্ব

(১) বিস্তার ভয়ে সংস্কৃত শ্লোক এস্থানে লিখিত হইল না তাহার ভাবানুবাদ প্রদত্ত হইল। শ্লোকগুলি তোষণীতে দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Charitable Trust, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মরাত্র উপাবৃত্তে বাসুদেবানুমোদিতাঃ।
অনিচ্ছন্ত্যো যযুর্গোপ্যঃ স্বগৃহান্ ভগবৎপ্রিয়াঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

(এবং প্রাসঙ্গিকং নৃপপ্রশ্নসমাধানং সমাপ্য প্রকৃতং ব্রুবন্ তৎপরমানন্দনিমগ্নানামপি তত্রৈব আসক্তিং দর্শয়ন্ প্রেমপথপ্রবৃত্ত-

পত্নীগণকে স্বপার্শ্বস্থা মনে করিতেন। উজ্জ্বলনীলমণি গ্রন্থে কথিত আছে।

মায়া-কল্পিত-তাদৃক্স্ত্রী-শীলনেনানুসূয়ভিঃ।
ন জাতু ব্রজদেবীনাং পতিভিঃ সহ সঙ্গমঃ ॥

ব্রজবাসিগণ মায়াকল্পিত তাদৃশ স্ত্রীগণ দর্শনে বঞ্চিত রহিয়া শ্রীকৃষ্ণের প্রতি অসূয়া প্রকাশ করেন নাই, আর ঐ মায়াবলেই ব্রজদেবীগণের সহিত তত্তৎ পতিগণের কদাপি মিলন সম্ভব হয় নাই।

ইহা দ্বারা ইহাও প্রতিভাত হইল যে, যোগমায়া চিৎশক্তিবৃত্তি, সুতরাং তাঁহার কার্য্যকলাপ ও নিত্য সত্য, অতএব সকল মায়িকপ্রপঞ্চের বিনাশ হইলে পর ব্রজবাসিগণের পার্শ্বস্থ পত্নীগণের স্বস্ব ভার্য্যাজ্ঞান নিত্য সত্য, সুতরাং তাঁহারা স্বস্বপত্নী মনে করিয়াছিল ইহা অভিমান মাত্র কিন্তু যোগমায়া কল্পিত সেই রমণীগণেরও তত্তৎ পতিগণের সহিত সম্ভোগ হয় নাই, কারণ শ্রীকৃষ্ণের নিত্যপ্রেয়সীগণের সর্ব্বাংশে প্রতিকৃতি স্বরূপ সেই রমণীগণের অন্য সম্ভোগ অন্যায্য। অতএব স্বপার্শ্বস্থ ইহার অর্থ এক শয্যাস্থ, আর যোগমায়াকর্তৃকই এবম্বিধ বিহিত হইয়াছে, কারণ তিনি ব্রজবাসিগণের তত্তৎ পত্নীগণের প্রতি কামভাব বিলুপ্ত করিয়া রাখিয়াছিলেন।

গোপীগণ যখন বিহারান্তে শ্রীকৃষ্ণের নিকট হইতে স্বালয়ে ফিরিয়া আসিতেন, তখন যোগমায়া মায়িক গোপীগণকে লুক্কায়িত করিয়া রাখিতেন ইহা তাৎপর্য্যতঃ বুঝিতে হইবে।

ভগবৎকামানাং গৃহাদিত্যাগাবশ্যকত্বেঽপি তৎপথসিদ্ধানাং প্রাপ্ত তৎস্বরূপানন্দানাং তত্রৈব নিমগ্নচিত্তত্বেন গৃহাস্থাসক্তিশূন্যানামপি ভগবদিচ্ছয়া গৃহাদিসম্বন্ধাবাধকত্বমাহ—ব্রহ্মরাত্র ইতি)

ব্রহ্মরাত্রে (ব্রহ্মণঃ রাত্রৌ যুগসহস্রপ্রমাণায়াং অর্থাৎ সত্যসঙ্কল্পস্য ভগবতঃ সঙ্কল্পবশাৎ যামচতুষ্টয়াত্মিকায়াং রজন্যাং সহস্রযুগপরিমিতে যথোক্তলীলা নির্ব্বাহকে কালে ব্রাহ্মে মুহূর্ত্তে বা) উপাবৃত্তে (উপ—আধিক্যেন আবৃত্তে একামাবৃত্তিং গতে সতি) বাসুদেবানুমোদিতাঃ (বাসুদেবেন চিত্তাধিষ্ঠাত্রা তেনৈব অনুমোদিতা অন্তঃপ্রেরিতা অপি; কিম্বা বসুদেবঃ—বসুষু অষ্টাসু দীব্যতীতি বসুপ্রবরঃ দ্রোণরূপঃ শ্রীনন্দ এব অর্থাৎ প্রাগ্জন্মনি বসুষু বিরাজিতত্বাৎ ব্রজেশ্বর এব বসুদেব ইতি নাম্না অভিহিতঃ, তৎপুত্রঃ বাসুদেবঃ শ্রীকৃষ্ণঃ তেন অনুমোদিতাঃ—ব্রজমঙ্গলার্থং অনুজ্ঞাতাঃ কিম্বা অনু নিরন্তরং মোদিতাঃ হর্ষিতাঃ) ভগবৎপ্রিয়াঃ (ভগবানেব প্রিয়ঃ যাসাং তাঃ, কিম্বা ভগবতঃ প্রিয়াঃ প্রেয়স্যঃ) গোপ্যঃ অনিচ্ছন্ত্যঃ (অপি) স্বগৃহান্ যযুঃ (তেন সমং বিহারেণৈব ব্রজং নিকটপ্রায়ং আগত্য স্বস্বগৃহবর্ত্মাপি জগৃহুরিত্যর্থঃ) ॥ ৩৯ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

ব্রহ্মরাত্রে ব্রাহ্মে মুহূর্ত্তে উপাবৃত্তে প্রাপ্তে ॥ ৩৯ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

বাসুদেবেন চিত্তাধিষ্ঠাত্রা তেনৈব অনুমোদিতাঃ অন্তঃ প্রেরিতা অপি। যদ্বা বসুষু অষ্টাসু দীব্যতীতি বসুপ্রবরো দ্রোণরূপঃ শ্রীনন্দ এব তৎপুত্রো বাসুদেবস্তেন ভগবত্তাপ্রকটনপরেণ শ্রীকৃষ্ণেন ব্রজমঙ্গলার্থমনুজ্ঞাতাঃ, কিম্বা অনু নিরন্তরং মোদিতাঃ হর্ষিতাঃ অত এবানিচ্ছন্ত্যঃ তথাপি স্বস্বগৃহান্ যযুঃ, কুতঃ ভগবৎপ্রিয়াঃ তৎপ্রীতি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মালোচ্যেত্যর্থঃ। অন্যথা তাত-মাতৃবন্ধুস্বর্গসন্তোষণগোপালনাদে-স্তথা পূর্ব্ববদ্রাসক্রীড়াদিসুখস্য চাসম্পত্তিঃ, তত্তদসম্পত্ত্যা ভগবতো মাধুর্য্যবিশেষাসিদ্ধিশ্চেতি দিক্ ॥ ৩৯ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

তদেতৎ প্রাসঙ্গিকং সমাপ্যোপসংহরন্ পরমসুখামৃতসিন্ধুমবগাঢ়ানামপি তাসামতৃপ্তিমাহ—অনিচ্ছন্ত্যোঽপি গোপ্যঃ স্বগৃহান্ যযুঃ তেন সমং বিহারেণৈব ব্রজং নিকটপ্রায়মাগত্য স্বস্বগৃহবর্ত্মানি জগৃহুরিত্যর্থঃ। তত্র হেতুঃ ব্রহ্মেতি তৎকালস্য গৃহগমনায়ৈব যোগ্যত্বাদিত্যর্থঃ। নন্বু তদর্থত্যক্তসর্ব্বাণাং তাসাং কথং তদপেক্ষা তত্রাহ—বসুদেবোঽত্র প্রাগ্জন্মনি বসুষু বিরাজিতত্বাৎ ব্রজেশ্বর এব। গোকুললীলায়াং তদর্থং তস্যৈব সান্নিধ্যাৎ ততশ্চাপত্যার্থেঽপি তেন তস্যাপত্যতয়া অপেক্ষিততদনুস্মরণার্হপ্রাতঃকালেন অনুমোদিতাঃ পুনরাশু স্বসঙ্গদানাদ্যঙ্গীকারস্তত্যাদিভিঃ কারিতানুমোদনা ইত্যর্থঃ। শ্লেষবিশেষেণ তত্তন্নিকটে সর্ব্বদা এব সতা ক্রীড়তা চানুমোদিতা ইতি প্রত্যেকমপ্যনুনয়ো দর্শিতঃ। ঐশ্বর্য্যার্থত্বে তু তেনাপ্যনুনয়াৎ তাসাং মাহাত্ম্যং দর্শিতম্।

যদ্বা বসুদেবং তাসাং শুদ্ধসন্তঃকরণম্। "সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিত"মিতি শ্রীশিবোক্তেঃ। প্রেম্ণা তদধিষ্ঠাত্রেতি তত্র সত্ত্বমুক্তম্। নন্বু তাভির্দ্দুর্ল্লভসঙ্গানন্দস্য তস্য ত্যাগে তদ্যত্নেনাপ্যনুমোদনং কথমিব ঘটেত প্রেমবশত্বপক্ষেঽপি তৎসঙ্গ এব প্রেমফলমিতি তদ্ধ্যানাদাবপি কথং তদ্বশত্বং তত্রাহ—ভগবানেব প্রিয়ো যাসাং তাঃ। ভগবতঃ প্রেয়স্যো বা অতঃ দুঃখমপি তাঃ সহন্তে নতু তৎসঙ্কোচলেশমপীতি ভাবঃ। সৎপুরুষাণাং প্রেয়সীবশত্বেঽপি লজ্জা-মর্য্যাদা-দাক্ষিণ্যাদিভিঃ তদেকসঙ্গত্যাগস্য দর্শনাদিতি চ ভাবঃ ॥ ৩৯ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

ব্রহ্মরাত্রে উপাবৃত্তে ব্রহ্মরাত্রে ব্রাহ্মমুহূর্ত্তে ॥ ৩৯ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

প্রকৃতমাহ—ব্রহ্মরাত্র ইতি। ব্রহ্মরাত্রে ব্রাহ্মে মুহূর্ত্তে উপাবৃত্তে প্রাপ্তে সতি বাসুদেবেনানুমোদিতাঃ অনুমোদনপূর্ব্বকমাজ্ঞাপিতা অপি গোপ্যঃ ভগবানেব নিরতিশয়প্রিয়ো যাসাং তথাভূতা অতএবানিচ্ছন্ত্যঃ গন্তুমিতি শেষঃ, কথঞ্চিৎ স্বগৃহান্ প্রতি যযুঃ ॥৩৯॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

ব্রহ্মরাত্রে ব্রাহ্মে মুহূর্ত্তে ॥ ৩৯ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৃহৎক্রমসন্দর্ভঃ।

ফলিতমাহ—ব্রহ্মরাত্র ইত্যাদি। মিলিতানামনেকরাত্রীণাং শেষযামার্দ্ধে উপাবৃত্তে ভগবদিচ্ছয়া সংপ্রাপ্তে সতি তাঃ গোপ্যঃ ঊঢ়ানূঢ়াদিপ্রকারোক্তাঃ সর্ব্বা এব ভগবৎপ্রিয়াঃ সত্যঃ স্বগৃহান্ অনিচ্ছন্ত্যঃ বাসুদেবানুমোদিতা বাসুদেবমনুমোদয়িতুং শীলং যাসামিতি তথা তৎ শ্রীবৃন্দারনান্তর্ব্বর্ত্তিপুরবিশেষং যযুরিতি ভাবঃ। বস্তুতস্তু স্বগৃহং পুনর্ন গতা এবেতি গ্রন্থার্থঃ, স্বগৃহান্ অনিচ্ছন্ত্য ইতি হেতুমদ্বিশেষণেন গৃহান্তরং লক্ষ্যতে ॥ ৩৯ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৩৯ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

এবং প্রাসঙ্গিকং পরিত্যক্ত্য উক্তাং লীলামুপসংহতি—ব্রহ্মরাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইতি। অরুণোদয়ো ব্রহ্মরাত্রঃ তস্মিন্ উপাবৃত্তে সম্যক্ জাতে তদন্তর্য্যামিতয়া প্রবিষ্টো ভগবান্ গৃহে গন্তব্যমিতীচ্ছামুৎপাদিতবান্, ততঃ ভগবতা অনুজ্ঞাতাঃ যতো ভগবান্ মোক্ষদাতা তাশ্চেৎ আসন্ধ্যমন্তঃ স্মরণং করিষ্যন্তি তদা মোক্ষাধিকারিণ্যো ভবিষ্যন্তীতি বাসুদেবেনানুমোদিতাঃ, যদ্যপি তাসামিচ্ছা ন স্থিতা সর্ব্বপরিত্যাগেন ভগবদ্ভজনস্য কৃতত্বাৎ কিং গৃহেণ লোকৈর্ব্বেতি তথাপি গোপ্য ইতি বিপরীতবুদ্ধিঃ হঠবুদ্ধিশ্চ তাসাং নাস্তীতি স্বগৃহান্ যযুঃ, তথাপি তাসাং ন গৃহাঃ প্রিয়াঃ কিন্তু ভগবানেব নাপি সংসারময়ং যতো ভগবতঃ প্রিয়াঃ॥ ৩৯॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

ব্রহ্মরাত্র ইতি সমাসান্ত আর্ষঃ। ব্রহ্মণো রাত্রৌ যুগসহস্রপ্রমাণায়ামুপাবৃত্তে উপ আধিক্যেন আবৃত্তে একাম্যবৃত্তিং গতে সতি গোপ্যঃ স্বগৃহান্ যযুঃ। একস্যামেব রজন্যামেতাবত্যো লীলাঃ কর্ত্তব্যা ইতি ভগবতঃ সত্যসঙ্কল্পত্বাৎ, নৃত্যগীতাদয়ো বিলাসা যাবন্তো মনস্তভীপ্সিতা আসন্ তাবত্যাং সম্পূর্ত্তৌ যাবন্তঃ সময়াঃ সম্ভবন্তি তাবদ্ভিঃ সময়ৈর্যুগসহস্রং পূর্ণং বভূব, তচ্চ যুগসহস্রং প্রহরচতুষ্টয়াত্মকরজনীমধ্য এব রাসস্থল্যাং প্রবিবেশ। যথা পঞ্চযোজনাত্মক-বৃন্দাবন-প্রদেশৈকদেশ এব পঞ্চাশৎকোটিযোজনপ্রমাণানি ব্রহ্মাণ্ডানি প্রবিষ্টানি ব্রহ্মণা দৃষ্টানি, যথা চাতিস্তোক এব ভগবত উদরস্যোপরি অপরিমিতানি দামানি অন্তরে চ ব্রহ্মাণ্ডমেব দৃষ্টমভূদিত্যত্র নাসম্ভাবনা কার্য্যা। যদুক্তং ভাগবতামৃতে—

"এবং প্রভোঃ প্রিয়াণাঞ্চ ধাম্নশ্চ সময়স্য চ।
অবিচিন্ত্যপ্রভাবত্বাদত্র কিঞ্চিন্ন দুর্ঘটং॥" ইতি

বাসুদেবানুমোদিতাঃ মম চ ভবতীনাঞ্চ প্রতি তাদৃশক্রীড়াসিদ্ধ্যর্থং প্রচ্ছন্নকামতৈবাভীষ্টেতি কৃষ্ণেন কৃতানুমোদনা ইত্যর্থঃ। যদ্বা চিত্তাধিষ্ঠাত্রা বাসুদেবেনৈব গুরুলজ্জাভয়াদিকমুদ্ভাব্য প্রেরিতাঃ। অতএব প্রিয়বিরহস্য দুঃসহত্বাদনিচ্ছন্ত্যোঽপি যযুঃ॥ ৩৯॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

অন্যচ্চ আশ্চর্য্যং হরেঃ পারমৈশ্বর্য্যমাহ—ব্রহ্মরাত্র ইতি। সমাসান্ত আর্ষঃ। যুগসহস্রপরিমিতায়াং ব্রহ্মণো রাত্রাবুপাধিক্যেনাবৃত্তায়াং সম্যক্ একাম্যবৃত্তিং গতায়াং সমাপ্তায়ামিত্যর্থঃ। ভগবৎপ্রিয়াস্তা গন্তুমনিচ্ছন্ত্যোঽপি বাসুদেবেন বিশুদ্ধসত্ত্বাবির্ভাবিতানন্দাত্মজেনানুমোদিতাঃ পুনরেবমেব লীলাভির্ভাব্যমিতি। কৃতানুমোদনাঃ সত্যঃ স্বগৃহান্ যযুঃ। যোগয়া খলু ত্রিযামায়ামেকস্যাং ব্রহ্মণো রাত্রিঃ প্রবেশিতা অন্যথা কোটিসংখ্যানাং তাসাং অমিতাতিবিচিত্রগুণবতীনাং তস্য চ নায়কমণেরনন্তাতিচিত্রগুণখনেস্তে তে গুণা মিথস্তয়া নানুভাব্যাঃ স্যুরিতি ভাবঃ॥ ৩৯॥

শ্রীমৎকিশোরপ্রসাদরিঙ্খৎকৃত-বিশুদ্ধরসদীপিকা।

তদেবং প্রাসঙ্গিকং সমাপ্য প্রাকরণিকমপ্যুপসংহরিষ্যন্ যত্র তত্র বিজ্ঞাপিতস্য প্রেয়সীভাবানাং সখীভাবানাঞ্চ বর্গদ্বয়স্য যথাযোগ্যং রাসানন্তরভাবিচরিতমাহ—ব্রহ্মরাত্র ইতি। ব্রাহ্মে মুহূর্ত্তে সূর্য্যোদয়াৎ প্রাগ্দণ্ডদ্বয়াত্মকে প্রাতঃ কাল ইত্যর্থঃ। উপাবৃত্তে শিশুমারপরিবর্ত্তনেন পুনরাবৃত্তে সতি। যদ্বা ব্রহ্মণশ্চতুর্ব্বক্ত্রস্য রাত্রেরপ্রবৃত্তির্যত্র তাদৃশে নিভৃতবিহারে জাতে সতি। যদ্বা, ব্রহ্মণো বেদস্যাপি রাত্রিরজ্ঞানং যত্র তস্মিন্। যদ্বা, ব্রহ্মণঃ পরব্রহ্মণঃ শ্রীকৃষ্ণস্য রাত্রিসুখসত্রময়ং পর্ব্ব যস্মিংস্তাদৃশে সময়ে উপাবৃত্তে সম্প্রবৃত্তে সতি। যদ্বা ব্রহ্মণঃ সর্ব্ববিহারপূর্ণস্য রাত্রে উপ অধিকমাবৃত্তে নিত্যবিহারস্য বৃত্তৌ জ্ঞাতায়ামিত্যর্থঃ।

যদ্বা ব্রহ্মণঃ শ্রীরাধায়াঃ "অয়মাত্মা ব্রহ্মেতি" শ্রুতেঃ "আত্মনা রময়ে"তি ব্রহ্মসংহিতায়াং "পরাৎ পরং ব্রহ্মে"তি রুদ্রযামলাৎ রাত্রে রাতি সুখমিতি রাত্রস্তাদৃশেঽবসরে উপাবৃত্তে সর্ব্বোপরিতয়া আবৃত্তে সতীতি প্রভূতার্থমিদং, বাসুদেবানুমোদিতাঃ অত্র বাসুদেবেতি শ্লেষমহিম্না বর্গদ্বয়াদ্বয়ি তথাহি বসুষু দীব্যতি বসূনাং দেবো রাজা বাসুদেবঃ শ্রীনন্দরাজঃ "দ্রোণো বসূনাং প্রবর" ইতি প্রাগুক্তেঃ, তস্য পুত্রাপত্যং বাসুদেব ইত্যবতারাভিপ্রায়ং ব্রজসম্বন্ধিনামধেয়ং তদনুমোদিতাঃ সম্প্রতি প্রাতর্জাতং লোকাপবাদো মাস্থিতি পৃষ্টে তেন দত্তানুজ্ঞানাঃ প্রেয়সীত্বাভিমানাঃ শ্রুতিমুনি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপাশ্চ কাশ্চিৎ অনিচ্ছন্ত্যোঽপি প্রিয়তমাপবাদভীতা যযুঃ ব্রজমিতি শেষঃ। ভগবৎপ্রিয়াস্তু শ্রীকিশোরীরমণৈকসুখাঃ স্বগৃহান্ স্বস্বকুঞ্জগৃহানিত্যাবৃত্ত্যান্বয়ঃ। তচ্চ তচ্চ গমনাদিকং তাসাং তাসামন্যোঽন্যমপরিকলিতমেব বৃত্তমিতি সঙ্ক্ষেপঃ॥ ৩৯॥

শ্রীমদ্রামনারায়ণকৃত-ভাবভাববিভাবিকা।

এবং প্রাসঙ্গিকং নৃপপ্রশ্নসমাধানং সমাপ্য প্রাকৃতং ক্রবংস্তৎপরমানন্দনিমগ্নানামপি তত্রৈবাসক্তিং দর্শয়ন্ প্রেমপথপ্রবৃত্তভগবৎকামানাং গৃহাদিত্যাগাবশ্যকত্বেঽপি তৎপথসিদ্ধানাং প্রাপ্ততৎস্বরূপানন্দানাং তত্রৈব নিমগ্নচিত্তত্বেন গৃহাদ্যাসক্তিশূন্যানামপি ভগবদিচ্ছয়া গৃহাদিসম্বন্ধাবাধকত্বমাহ—ব্রহ্মরাত্র ইতি। ব্রহ্মণো রাত্রিসমকালে উপাবৃত্তে ব্যতীতে সতি। যদ্বা ব্রহ্ম কৃষ্ণস্বরূপং রাতি তথা সর্ব্বদোষদুঃখাদিভ্যঃ স্বানুসন্ধানবতো জনান্ আ সমন্তাৎ ত্রাতীতি ব্রহ্মরাত্রো রাসাদিবিহারস্তস্মিন্নুপাবৃত্তে সর্ব্বজনোদ্ধারায় প্রেমিণামুল্লাসায় চৈবং প্রকাশমাপন্নে তা যতো ভগবতঃ প্রিয়া অতো বাসুদেবেন বসুদেবতপসাবির্ভূতেন।

যদ্বা দ্রোণবসুনামকদেবো বসুদেবস্তৎপুত্রেণ গোপালব্রহ্মণা। যদ্বা "সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিত"মিত্যাদিবচনাৎ শুদ্ধসত্ত্বাত্মকান্তঃকরণে এবাবির্ভাবযোগ্যোনানু পুনঃ পুনর্ম্মোদিতা অপি যতো ভগবৎপ্রিয়া ভগবানেব প্রিয়ো যাসাং ন গৃহাদয়োঽতো গৃহান্ গন্তুমনিচ্ছন্ত্যোঽপি যতো গোপ্যো ভগবদ্রহস্যানামনধিকারিভ্যো গোপনশীলা অথচ বসন্ত্যস্মিন্ ভূতানীতি বাসুঃ সর্ব্বাধারস্তথা দেবো নিয়ন্তা তেন বাসুদেবেন সর্ব্বাবাসক্রীড়াপরেণ বানুমোদিতা ন মদ্বিহারস্য গৃহে বনে বোপরাম ইতি বহিরন্তর্ভাবেন প্রত্যেকং কৃতানুমোদনাঃ তেন বিহরন্ত্য এব ব্রজমাগত্য স্বগৃহান্ যযুঃ॥ ৩৯॥

শ্রীমদ্ধনপতিসূরিকৃত-ভাগবতগূঢ়ার্থদীপিকা।

ইতঃ পরং সংশয়মনুচিতং মন্যমানঃ খিন্নচিত্তঃ শ্রীশুকো রাসক্রীড়াবর্ণনমুপসংহরতি—ব্রহ্মরাত্র ইতি। ব্রহ্মরাত্রৌ সমাসান্ত আর্ষঃ। সত্যসঙ্কল্পস্য ভগবতঃ সঙ্কল্পবশাৎ যামচতুষ্টয়াত্মিকায়াং রজন্যাং সহস্রযুগপরিমিতে যথোক্তলীলানির্ব্বাহকে কালে উপাবৃত্তে সম্যগেকামাবৃত্তিঙ্গতে সতি। তত্র হেতুঃ বিক্লব্যমিতি। কার্য্যা ভগবদ্যোগ মায়ায়াং সর্ব্বসম্ভবাৎ, তথাচ যথা বৃন্দাবনস্য কস্মিংশ্চিৎ প্রদেশে অসঙ্খ্যাতানি ব্রহ্মাণ্ডানি প্রবৃত্তানি ব্রহ্মণা দৃষ্টানি, যথা বা বাল্যে স্থিতস্য ভগবতঃ স্বল্পস্যোদরস্যোপর্য্যপরিমিতানি দামানি বদ্ধান্যবলোকিতানি ব্রজৌকোভির্যথা বা ভগবন্মুখে চতুর্দ্দশভুবনানি শ্রীযশোদয়া তথা স্বল্পদেশে ক্রীড়াযোগ্যদেশস্য স্বল্পে কালে তদ্যোগ্যকালস্য চাভাবে নাস্তি কিঞ্চিদপি চিত্রং ব্রহ্মরাত্রে ব্রাহ্মমুহূর্ত্তে উপাবৃত্তে সতীত্যনেন বাসুদেবেনানুমোদিতাঃ বাসুদেবেনান্তরবস্থিতেন তেন তাসামন্তরঙ্গমনোদ্যোগং স্বয়মেবোৎপাদ্য বহিরপ্যনুমোদিতাঃ অতএবানিচ্ছন্ত্যোঽপি স্বগৃহান্ যযুঃ। ভগবানেব প্রিয়ো যাসাং তাঃ তথাচ গমনাগমনাভ্যাং ভগবৎপ্রিয়মেব যাসাং সম্পাদ্যমিতি ভাবঃ। যদ্বা স্বগৃহান্ প্রতিগতা অপি ভগবৎপ্রীতিবিষয়া এবেতি ভাবঃ॥ ৩৯॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

ব্রহ্মরাত্রে তদ্রাত্রীণামন্তে ব্রহ্মমুহূর্ত্তে বাসুদেবানুমোদিতা আজ্ঞাপিতাঃ ক্ষণমপি তদ্বিয়োগমনিচ্ছন্ত্যঃ যতো ভগবানেব প্রিয়ো যাসাং তাঃ কথঞ্চিৎ স্বগৃহান্ যযুঃ॥ ৩৯॥

বঙ্গানুবাদ।

এক্ষণে পরীক্ষিতের প্রশ্নের উত্তর সমাধান করিয়া প্রকৃত পদার্থ বলিতে যাইয়া তাদৃশ পরমানন্দনিমগ্ন ব্যক্তিবর্গের তাহাতে আসক্তি প্রদর্শন করতঃ প্রেমপথে অগ্রসর ও ভগবৎলাভেচ্ছু জনগণের গৃহাদি ত্যাগ আবশ্যক হইলেও তৎপথে সিদ্ধকাম সুতরাং ভগবদানন্দ লাভ করিয়া উহাতে চিত্ত নিমগ্ন বিধায় গৃহাদিতে আশক্তি রহিত হইলেও ভগবানের ইচ্ছায় গৃহাদি সম্বন্ধের বাধক, তাহাই বলিতেছেন;—

অনন্তর ভগবৎপ্রিয়া গোপীগণ ব্রহ্মরাত্র উপাবৃত্ত (১) হইলে

---

(১) শ্রীশ্রীধরস্বামীর মত—ব্রহ্মরাত্র অর্থাৎ ব্রাহ্মমুহূর্ত্ত।

শ্রীমজ্জীবগোস্বামী প্রভৃতি স্মরণীয় টীকাকারগণও তন্মতানুযায়ী। কিন্তু শ্রীচক্রবর্ত্তি মহাশয় ইহার অন্যরূপ অর্থ করিয়াছেন, দিব্যযুগ সহস্র প্রমাণ (১) ব্রহ্মার রাত্র অতীত হইলে।

(১) মনুষ্য পরিমাণে এক বৎসরে দৈব একদিন (অহো-) তাদৃশ দিনের পঞ্চের দিনে এক পক্ষ, দুই পক্ষে এক

CC-0. Prof. Satya Vrat Shastri Collection. Digitized by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ
শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্ যঃ।
ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং
হৃদ্‌রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ॥ ৪০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৩॥

বাসুদেব কর্ত্তৃক অনুমোদিত (১) হইয়া অনিচ্ছাসত্ত্বেও স্বস্বগৃহে গমন করিলেন (২)॥ ৩৯॥

ভাবার্থ এই—সত্যপ্রতিজ্ঞ শ্রীকৃষ্ণের সঙ্কল্প বশতঃ যাম চতুষ্টয়াধিক রজনীতে যথোক্তলীলা সহস্র যুগপরিমিত অনুপ্রবিষ্ট এবং উপাবৃত্ত অর্থাৎ অতীত হইলে—উক্ত সহস্র যুগপরিমিত কাল একবার মাত্র অতীত হইলে।

(১) বাসুদেব কর্ত্তৃক অনুমোদিত—চিত্তাধিষ্ঠাতা শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অনুমোদিত—অন্তঃপ্রেরিত হইয়া কিম্বা অষ্টবসুর মধ্যে শ্রেষ্ঠ দ্রোণ-রূপ শ্রীনন্দ পূর্ব্বজন্মে বসুদিগের মধ্যে বিরাজ করিতেন বলিয়া ব্রজেশ্বরই বসুদেব নামে অভিহিত, তৎপুত্র বাসুদেব—শ্রীকৃষ্ণ, তৎকর্ত্তৃক অনুমোদিত;—হর্ষিত হইয়া।

(২) শ্রীকৃষ্ণের সহিত বিহার করিতে করিতে ব্রজের নিকটে আসিয়া স্বস্ব গৃহে যাইবার পথ অবলম্বন করিলেন।

মাস, বারমাসে একবর্ষ, এতাদৃশ বর্ষের বার হাজার বর্ষে সন্ধ্যা সহিত দৈব চতুর্যুগ, তাদৃশ চতুর্যুগের এক সহস্র চতুর্যুগে ব্রহ্মার একদিন, এবং ঐ পরিমাণে এক রাত্র। এইরূপ গণনায় ১৫৫৫২০০০০০০০ এক লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত বিশ কোটী সংখ্যক মনুষ্য পরিমিত দিনে ব্রহ্মার একদিন, এবং ঐ পরিমাণ রাত্র।

মনুষ্য পরিমাণে এক লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত বিশ কোটী দিবসে বা ৪৩২০০০০০০০ চারি শত বত্রিশ কোটী বর্ষে ব্রহ্মার এক দিন বা এক অহোরাত্রের অর্দ্ধ।

এবিষয়ে শ্রীচৈতন্য চরিতামৃতে লিখিত আছে যে,—

সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, চারিযুগ জানি।
সেই' চারি যুগে দিব্য একযুগ মানি॥

অন্বয়ঃ।

(সর্ব্বলীলাচূড়ামণেঃ রাসস্য শ্রবণ-কীর্ত্তন-ফলমপি সর্ব্বফলচূড়ামণি-ভূতমেব ইত্যাহ—বিক্রীড়িতমিতি)।

শ্রদ্ধান্বিতঃ (শ্রদ্ধয়া—বিশ্বাসেন অন্বিতঃ) ধীরঃ (পণ্ডিতঃ)

একাত্তর চতুর্যুগে একমন্বন্তর।
চৌদ্দ মন্বন্তর ব্রহ্মার দিবস ভিতর॥

বিশেষ জ্ঞাতব্য এই যে—

এক রজনীতে ইয়ৎপরিমাণ লীলা করিতে হইবে শ্রীভগবানের এই সঙ্কল্প সত্য হেতু, যে পরিমাণ নৃত্য গীত বিলাসাদি তাঁহার মনে অভিলাষ হইয়াছিল, তাহা সম্পূর্ণ করিতে যে পরিমাণ সময় আবশ্যক হয়, সে পরিমাণ সময়ে ব্রহ্মার একরাত্র বা দিব্য সহস্র যুগ পরিপূর্ণ হইয়াছে। এবং উক্ত সহস্র যুগই প্রহরচতুষ্টয়াত্মক রজনী মধ্যে রাসস্থলীতে অনুপ্রবিষ্ট। অপিচ, পঞ্চযোজনাত্মক বৃন্দাবন প্রদেশের একদেশেই পঞ্চাশৎ কোটি যোজন পরিমিত ব্রহ্মাণ্ড প্রবিষ্ট হইয়াছিল, তাহা ব্রহ্মা কর্ত্তৃকই দৃষ্ট হইয়াছিল, আর অতিবাল্যেই ভগবানের উদরের উপরি অপরিমিত রজ্জু এবং অন্তরে এই বিশাল ব্রহ্মাণ্ড দৃষ্ট হইয়াছিল, তাহার পক্ষে কোন বিষয়েই অসম্ভাবনা নাই।

ভাগবতামৃতে কথিত আছে—

এবং প্রভোঃ প্রিয়াণাঞ্চ ধাম্নশ্চ সময়স্য চ।
অবিচিন্ত্য প্রভাবত্বাদত্র কিঞ্চিন্ন দুর্ঘটং॥

প্রভু শ্রীকৃষ্ণ, তৎপ্রেয়সী, তাঁহার তেজঃ, এবং সময় সম্বন্ধে শ্রীকৃষ্ণের তাদৃশ প্রভাব বশতঃ কোন ব্যাপারের অসম্ভাবনা নাই।

(চক্রবর্ত্তী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যঃ (জনঃ) ব্রজবধূভিঃ (ব্রজে যা বধ্বঃ ইব নবযুবতয়ঃ তাভিঃ সহ) বিষ্ণোঃ (শ্রীকৃষ্ণস্য) ইদঞ্চ (রাসক্রীড়ালক্ষণং চকারাৎ অন্যদপি) বিক্রীড়িতং (বিশিষ্টং ক্রীড়িতং ক্রীড়াং) অনুশৃণুয়াৎ (অনু নিরন্তরং শৃণুয়াৎ) অথ (অনন্তরং স্বয়ং) বর্ণয়েৎ (শ্রাবয়েৎ, উপলক্ষণমেতৎ স্মরেচ্চ, সঃ) অচিরেণ ভগবতি পরাং (শ্রীগোপিকাপ্রেমানুসারিত্বাৎ সর্ব্বোত্তমজাতীয়াং) ভক্তিং (প্রেমলক্ষণাং) প্রতিলভ্য (প্রতিক্ষণং নূতনত্বে লব্ধ্বা) হৃদ্রোগং কামং আশু (অচিরেণ) অপহিনোতি (প্রতিত্যজতি, দুষ্টকামত্যাগ এব সংসারনিবৃত্তিরিত্যর্থঃ)

(যদ্বা উত্তরার্দ্ধস্যান্বয়ঃ) কামং (যথেষ্টং) আশু পরাং ভক্তিং আশু প্রতিলভ্য হৃদ্রোগং (আধিং শ্রীকৃষ্ণাপ্রাপ্ত্যাদিকৃতং) অচিরেণ অপহিনোতি, (অন্যৎ সমানং) ॥ ৪০ ॥

ইতি শ্রীধাম নবদ্বীপনিবাসি-
শ্রীযুক্তপণ্ডিত শচীনন্দনগোস্বামিভক্তিরত্নকৃত-
ত্রয়স্ত্রিংশাধ্যায়স্য সান্বয়ব্যাখ্যা।

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

ভগবতঃ কামবিজয়রূপরাসক্রীড়াশ্রবণাদেঃ কামবিজয়মেব ফলমাহ—বিক্রীড়িতমিতি। অচিরেণ ধীরঃ সন্ হৃদ্রোগং কামমাশু অপহিনোতি পরিত্যজতীতি ॥ ৪০ ॥

সেয়ং শ্রীপরমানন্দসেবিশ্রীধরনির্ম্মিতা।
শ্রীভাগবতভাবার্থদীপিকা দশমাশ্রয়া ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং
শ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকায়াম্
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

ব্রজে যা বধ্ব ইব নবযুবত্যঃ। যদ্বা রাসক্রীড়য়া সাক্ষাৎ তৎপত্নীত্বমিব প্রাপ্তাস্তাভিঃ ইদঞ্চ রাসক্রীড়ালক্ষণং বিশিষ্টং ক্রীড়িতং ক্রীড়াং চকারাৎ ঈদৃশমন্যদপি কিম্বা স্বার্থে চশব্দোঽন্যতো বিশেষাৎ; বিষ্ণোরিতি "তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়ো"রিত্যাদ্যুক্তব্যাপকত্বাভিপ্রায়েণ। শ্রদ্ধান্বিত ইতি অন্যথা রসানুদয়েন পরমভক্ত্যসম্পত্তিঃ, শ্রদ্ধান্বিতত্বাদেব অনু নিরন্তরং শৃণুয়াৎ, এতচ্চ তথৈব। যদ্বা নু নিশ্চিতম্ অথ শ্রবণানন্তরং শ্রদ্ধান্বিতত্বাৎ।

যদ্বা বিকল্পার্থেঽনুর্বর্ণয়েৎ বা কিম্বা অনু উক্তসমুচ্চয়ে। স্মরেচ্চ প্রত্যেকং সর্ব্বেষাং পরমভক্তিসাধনত্বাৎ, তথাপি শ্রবণাদিত্রয়স্যাস্য যথোত্তরং তত্র শ্রৈষ্ঠ্যং জ্ঞেয়মেব। য ইত্যধিকারিত্বাপেক্ষা নিরস্তা পরাং পরমাং প্রেমলক্ষণাং প্রতিক্ষণং নূতনত্বেন লব্ধ্বা হৃদ্রোগরূপং কামমিতি ভগবদ্বিষয়কঃ কামবিশেষো ব্যবচ্ছিন্নঃ, তস্য পরমামৃতত্বেন তদ্বৈপরীত্যাৎ, ধীরঃ সর্ব্বার্থতত্ত্ববেত্তা, অপুনঃ কামাদিক্ষুভিতচিত্তো বা, হৃদ্রোগত্যাগাদিকমেতৎ পরমভক্তেরানুষঙ্গিকং ফলং জ্ঞেয়ং তস্যা এব মুখ্যফলত্বাৎ, তৎক্রীড়াশ্রবণাদিনাপ্যেতৎ স্যাৎ কিম্বক্তব্যং তস্য লৌকিকনিন্দ্যকামক্রীড়াবৎ তস্য সা ক্রীড়েতি প্রসঙ্গানুসারেণ তাৎপর্য্যং কল্প্যম্। অত স্তস্য তাসাঞ্চ স কামবিশেষঃ প্রেমপরিপাকবিলাসবিশেষরূপ এব নতু প্রাকৃত ইতি লিখিতমেব বিবৃতঞ্চ শ্রীভাগবতামৃতে। অন্যত্তৈর্ব্ব্যাখ্যাতং যদ্বা ধীরঃ বিচারয়ন্ সন্নিত্যর্থঃ। কামং যথেষ্টমাশু ভক্তিং প্রতিলভ্য হৃদ্রোগমাধিং শ্রীকৃষ্ণাপ্রাপ্ত্যাদিকৃতমচিরেণাপহিনোতি তৎপ্রাপ্তেরিতি ভাবঃ। অন্যৎ সমানম্ ॥ ৪০ ॥

ক্রীড়তা বহিরন্তশ্চ জনোঽয়ং যেন নর্ত্ত্যতে।
তস্য চৈতন্যরূপস্য প্রীত্যৈ ভগবতোঽস্বিদম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং
শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণ্যাম্
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

অথ তাদৃশ-লীলা-শ্রবণাদেরপি প্রাকৃতকামবিরোধিত্বেন শ্রীভগবৎপ্রেমাবহত্বেন চ কৈমুত্যাত্তল্লীলায়াঃ পরমভক্তিফলরূপত্বং দর্শয়িষ্যন্ পূর্ব্বসিদ্ধান্তমেবোৎকর্ষয়ন্ তল্লীলাবর্ণনসমাপ্তৌ সুখাবেশেনোত্তরকালভাবি তচ্ছ্রোতৃবক্তৃজনানাশিষয়ন্নিব চ স্বাভাবিকতৎফলং কথয়তি বিক্রীড়িতমিতি। বিশিষ্টাং ক্রীড়াং চকারাদীদৃশমন্যদপি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিক্ষোরিতি "তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়ো"রিত্যাদ্যুক্তব্যাপকত্বাভিপ্রায়েণ। শ্রদ্ধয়া বিশ্বাসেনান্বিত ইতি। তদ্বিপরীতাবজ্ঞারূপাপরাধনিবৃত্ত্যর্থঞ্চ নৈরন্তর্য্যার্থঞ্চ। তচ্চ ফলবৈশিষ্ট্যার্থম্ অতএব যোঽনু নিরন্তরং শৃণুয়াৎ, অথানন্তরং স্বয়ং বর্ণয়েচ্চ উপলক্ষণঞ্চৈতৎ স্মরেচ্চ। ভক্তিং প্রেমলক্ষণাং পরাং শ্রীগোপিকাপ্রেমানুসারিত্বাৎ সর্ব্বোত্তমজাতীয়াম্। প্রতিক্ষণং নূতনত্বেন লব্ধ্বা। হৃদ্রোগরূপং কামমিতি ভগবদ্বিষয়ঃ কামবিশেষো ব্যবচ্ছিন্নঃ। তস্য পরমপ্রেমরূপত্বেন তদ্বৈপরীত্যাৎ। কামমিত্যুপলক্ষণমন্যেষামপি হৃদ্রোগাণাম্। অন্যত্র শ্রূয়তে—

"ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরা"মিতি॥

অত্র তু হৃদ্রোগাপহানাৎ পূর্ব্বমেব পরমভক্তিপ্রাপ্তিঃ। তস্মাৎ পরমবলবদেবেদং সাধনমিতি ভাবঃ। ধীরঃ সন্নিতি ধৈর্য্যঞ্চ লভত ইত্যর্থঃ। যদ্বা কামং যথেষ্টম্ আশু ভক্তিং প্রতিলভ্য হৃদ্রোগমাধিং শ্রীকৃষ্ণাপ্রাপ্ত্যাদিকৃতমচিরেণাপহিনোতি তৎপ্রাপ্তেরিতি ভাবঃ। অন্যৎ সমানম্।

ক্রীড়তা বহিরন্তশ্চ জনোঽয়ং যেন নর্ত্ত্যতে।
তস্য চৈতন্যরূপস্য প্রীত্যৈ ভগবতোঽস্থিদম্॥ ৪০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
রাসক্রীড়ায়াং শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণব-
তোষণ্যাং ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৩॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

শ্রোতা আশু অপহিনোতি বর্ণয়িতা অচিরেণ। যদ্বা হৃদ্রোগনাশোপক্রমশ্রবণয়োর্ম্মধ্যে কাল আশু-শব্দঃ শমোন্মুখস্য রাগাদেরিব চিরেণ নিঃশেষশান্তিশঙ্কাব্যুদাসায়াচির-শব্দঃ॥ ৪০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে
শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ে পূর্ব্বার্দ্ধে
রাসক্রীড়ায়াং ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৩॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

প্রকৃতরাসক্রীড়াশ্রবণাদিফলমাহ—বিক্রীড়িতমিতি। ব্রজবধূভিঃ সাকম্ ইদং বিষ্ণোঃ কৃষ্ণস্য বিক্রীড়িতং ভাবে ক্তঃ। যঃ পুমান্ শ্রদ্ধান্বিতোঽনুক্রমেণ শৃণুয়াৎ অথবা বর্ণয়েচ্ছ্রাবয়েচ্চ স ভগবতি পরামুৎকৃষ্টাং ভক্তিং প্রাপ্য ধীরঃ জীবদ্দশায়াং জিতেন্দ্রিয়ঃ কামং নিতরাং হৃদ্রোগং রোগবদনর্থকরং হৃৎস্থমজ্ঞানমাশু অচিরেণ বিধুনোতি নিরস্যতি শ্রোতা আশু ধুনোতি তথা বর্ণয়িতাপ্যচিরেণ ধুনোতীতি প্রত্যেকাভিপ্রায়য়োরচিরেণানুশব্দয়োঃ প্রয়োগঃ, অতো ন পৌনরুক্ত্যং। যদ্বা হৃদ্রোগনাশোপক্রমণয়োর্ম্মধ্যে কালবিলম্বাভাবাভিপ্রায়কঃ আশু-শব্দঃ। শ্রবণোন্মুখরোগাদেরিব চিরেণ নিঃশেষশান্তিকশঙ্কাব্যুদাসায়াচিরেণ শব্দঃ অচিরেণ ধীরঃ আশু বিধুনোতীতি বান্বয়ঃ। হৃদ্রোগরূপং কামং মদনমাশু বিধুনোতি জয়তীত্যর্থো বা॥ ৪০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং
শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকায়াং
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৩॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

সংসারনিবৃত্তিহেতুত্বাদস্মিন্ কৃষ্ণবিক্রীড়িতে শ্রদ্ধাদিকং কার্য্যমিতি বিধায়কফলমাহ—বিক্রীড়িতমিতি। চ-শব্দঃ শ্রদ্ধাতিশয়জননার্থঃ। পূর্ব্বোক্তবিক্রীড়িতানি যথা সংসারনিবর্ত্তকানি তথেদঞ্চেতি। আশু ভক্তিং প্রতিলভ্যানুদিনং কৃত্বা হৃদ্রোগং কামমনিষ্টমপহিনোতি প্রতিত্যজতি। দুষ্টকামত্যাগ এব সংসারনিবৃত্তিরিত্যর্থঃ॥ ৪০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং
শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবল্যাম্
একত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩১॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৃহৎক্রমসন্দর্ভঃ।

উপসংহরতি—বিক্রীড়িতমিত্যাদি। "ভজতে তাদৃশীঃ ক্রীড়াঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঃ শ্রুত্বা তৎপরো ভবে"দিত্যুক্তস্য বিশেষোঽয়ং হৃদ্রোগম্ অন্তঃকরণমালিন্যম্ অচিরেণ তৎক্ষণাদেব ধীরঃ পণ্ডিতঃ বিচক্ষণ ইত্যর্থঃ অত ইদং রহস্যং ধীরো যো ভবতি স শ্রদ্ধান্বিতঃ সন্ শৃণুয়াৎ বর্ণয়েৎ কীর্ত্তয়েৎ স্বতঃ শক্তো যদি তদা স্বপথেনাপি বর্ণয়েৎ সুগমম্ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৃহৎক্রমসন্দর্ভে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং শ্রীমজ্জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

মোক্ষার্থমিদং চরিত্রমিতি জ্ঞাপয়িতুমেতদুপাখ্যানশ্রবণস্য ফলমাহ—বিক্রীড়িতমিতি। ব্রজবধূভিঃ সহ ভগবত ইদং বিশেষেণ ক্রীড়িতং শ্রদ্ধান্বিতো ভূত্বা সম্যক্ কথ্যমানমুপশৃণুয়াৎ অথবা বর্ণয়েৎ শ্রবণানন্তরমেব কীর্ত্তনমিত্যথশব্দঃ। য ইতি নাত্র বর্ণাদিনিয়মঃ কিন্তু যঃ কশ্চন ভগবতো মাহাত্ম্যশ্রবণাদেবমপি মোচয়তীতি ভক্তানাঞ্চ সর্ব্বথা প্রতিপত্তিশ্রবণাচ্চ ভগবতি পরাং ভক্তিমুপগতঃ ততো ভক্ত্যা অন্তঃস্থিরীভূতয়া হৃদয়স্য রোগরূপং কামং আশু শীঘ্রমেবাপহিনোতি। যঃ পূর্ব্বং হৃদয়বাধকত্বেন স্থিতঃ শীঘ্রমেব চ বাধকর্ত্তা তমাশু এব দূরীকরোতি শ্রবণমাত্রেণৈব ততঃ পূর্ব্ববাসনয়া পুনরুদ্গমে অচিরেণৈব ধীরো ভবতি অত ইদং সাভিপ্রায়ং শ্রোতব্যমিতি ফলপ্রকরণত্বাৎ ফলমুক্তম্ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসুবোধিন্যাম্ শ্রীমল্লক্ষ্মণভট্টাত্মজ-শ্রীমদ্বল্লভদীক্ষিতবিরচিতায়াং দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে রাসক্রীড়ায়াং ত্রিংশাধ্যায়বিবরণম্ ॥ ৩০ ॥ ৩৩ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

সর্ব্বলীলাচূড়ামণেঃ রাসস্য শ্রবণকীর্ত্তনফলমপি সর্ব্বফলচূড়ামণিভূতমেবেত্যাহ—বিক্রীড়িতমিতি। চকারাদীদৃশমন্যদপ্যন্যকবিবর্ণিতং তাভিঃ সহ বিক্রীড়িতম্। বিষ্ণোরিতি "তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়ো"রিত্যাদ্যুক্তব্যাপকত্বাভিপ্রায়েণ। নু নিশ্চিতম্। অনুদিবা শৃণুয়াৎ অথ বর্ণয়েৎ কীর্ত্তয়েৎ। স্বকবিতয়া কাব্যরূপেণ নিবধ্নীতেতি বা। পরাং প্রেমলক্ষণাং প্রাপ্যেতি ক্ত্বা-প্রত্যয়েন হৃদ্রোগবত্যপ্যধিকারিণি প্রথমত এব প্রেম্ণঃ প্রবেশস্ততস্তৎপ্রভাবেণৈবাচিরতো হৃদ্রোগনাশ ইতি প্রেমায়ং জ্ঞানযোগ ইব ন দুর্ব্বলঃ পরতন্ত্রশ্চেতি ভাবঃ। হৃদ্রোগরূপং কামমিতি ভগবদ্বিষয়কঃ কামবিশেষো ব্যবচ্ছিন্নঃ। তস্য প্রেমামৃতরূপেণ তদ্বৈপরীত্যাৎ। ধীরঃ পণ্ডিত ইতি হৃদ্রোগে সত্যপি কথং প্রেমা ভবেদিত্যনাস্তিক্যলক্ষণেন মূর্খত্বেন রহিত ইত্যর্থঃ। অত এব শ্রদ্ধান্বিত ইতি শাস্ত্রাবিশ্বাসিনং প্রেমাপি নাঙ্গীকরোতীতি ভাবঃ।—

শ্রীকৃষ্ণাতিবশীকারচুঞ্চোর্জ্জিষ্ণুশিরোমণেঃ।
প্রেম্ণো হাস ইবায়ং শ্রীরাসঃ শ্রীরপি নাপ যং ॥
শাস্ত্রবুদ্ধিবিবেকাদ্যৈরপি দুর্গমমীক্ষ্যতে।
গোপীনাং রসবর্ষ্মেদং তাসামনুগতীর্ব্বিনা ॥
পদবাক্যপ্রকরণধ্বনয়োঽত্র সহস্রশঃ।
সন্ত্যগম্যাশ্চ গম্যাশ্চ নোক্তা বিস্তরভীতিতঃ ॥ ৪০ ॥
ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্।
দশমস্য ত্রয়স্ত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥ ৩৩ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

রাসলীলাশ্রবণাদেঃ ফলমাহ—বিক্রীড়িতমিতি। বিষ্ণোর্ব্যাপিনো যুগপদেব নিখিলপ্রেয়সী-সন্নিধানক্ষমস্য নন্দসুতস্যেদং ব্রজবধূভিঃ সহ বিক্রীড়িতং চান্যদপ্যস্য চিদ্বিলাসভূতং যঃ শ্রদ্ধান্বিতঃ সন্ অনু শৃণুয়াদনুবর্ণয়েচ্চেত্যাসক্তিঃ সূচ্যতে, স ধীরো ভগবতি পরাং প্রেমরূপাং ভক্তিমচিরেণ প্রতিলভ্য হৃদ্রোগং কামমাশু হিনোতি নাশয়তীতি ক্ত্বা-প্রত্যয়েন হৃদ্রোগে কামে সত্যেব তচ্ছ্রবণাদিপ্রভাবাৎ প্রেমোদয়স্ততস্তদ্রোগবিনাশ ইতি সূচ্যতে। তথা চাবিদ্বাং-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিনিবৃত্তিপূর্ব্বকঃ শ্রীকৃষ্ণলাভাচ্ছ্রবণাদিফলমিতি পরমপুরুষার্থ-প্রদং তদুপাসনমিত্যুক্তং ॥ ৪০ ॥

ব্রজস্ত্রীণাং ভাবানমৃতমধুরানাশু দধতী
নৃতা শ্রীরাধায়া মহিমনিকরেণাতিগুরুণা।
ইয়ং পঞ্চাধ্যায়ী বিবৃতিরমিতার্থা শিখরিণী
জগন্নাথপ্রীত্যৈ কিমু বিশদবর্ণা ন ভবিতা ॥
পঞ্চাধ্যায়ী টিপ্পণী ভাবরত্নৈ-
শ্চিত্রাবিদ্যাভূষণেন প্রণীতা।
এতাং শ্রীগোবিন্দপাদাব্জভৃঙ্গাঃ
কারুণার্দ্রাঃ সাধবঃ শোধয়ধ্বং ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিন্যাং
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

শ্রীমৎকিশোরপ্রসাদবিদ্বৎকৃত-বিশুদ্ধরসদীপিকা।

এবঞ্চ কামবিজয়কক্রীড়ায়াঃ শ্রবণফলমপি কামবিজয় এবেত্যুপসংহরতি—বিক্রীড়িতমিতি। বিবিধাভির্ব্রজবধূভির্ব্বিধিং ক্রীড়িতং বিশিষ্টং বা ক্রীড়িতং চকারাদীদৃশমন্যদপি সংগ্রাহ্যং। যদ্বা চোঽপ্যর্থে। তা গোপ্যো হৃদ্রোগং জহুরিতি কিং বক্তব্যং যঃ কশ্চিদেতাসাং ক্রীড়িতং শৃণুয়াৎ সোঽপীত্যর্থঃ। বিষ্ণোরিতি সর্ব্বাসাং যথোচিতমনোরথপূরণেন ব্যাপকস্য। যদ্বা ব্রহ্মর্ক্ষতৃতীয়চরণপ্রাদুর্ভাবাদ্বিষ্ণুরিতি শ্রীনন্দাত্মজস্যৈব জন্মনাম ততশ্চ তাসাং তস্য নিত্যসম্বন্ধঃ সূচিতঃ। শ্রদ্ধয়া দৃঢ়বিশ্বাসেন অন্বিতঃ অসম্ভাবনাবিপরীতভাবনারহিত ইত্যর্থঃ।

অনু নিরন্তরং শৃণুয়াৎ অথ অনন্তরং স্বয়ং বর্ণয়েৎ উপলক্ষণং স্মরণস্য সর্ব্বোঽপ্যয়ং শ্রদ্ধানুভাবঃ, সচ পরাং শুদ্ধপ্রেমলক্ষণাং ভক্তিং ভগবতি শ্রীরাধাবল্লভে প্রতিলভ্য সুখেন লব্ধ্বা হৃদ্রোগমাশু তৎক্ষণমেব অপহিনোতি এবঞ্চ হৃদ্রোগহানাৎ প্রাগেব তৎকারণপরাভক্তিলাভ ইতি কথনাং কার্য্যশৈঘ্র্যপ্রত্যায়নং। ততশ্চ বলবদেতৎসাধনম্ অত্র হৃদ্রোগপদেনৈব গতার্থত্বে পুনঃ কামমিত্যুক্তিঃ স্পষ্টপ্রতিপত্তয়ে, সন্তি বহবো হৃদ্রোগা এতস্মিন্ বিষয়েতু কাম এবেতি ভাবঃ। অথবা কামং যথেষ্টমিতি ক্রিয়াবিশেষণম্ অচিরেণ ধীরো ভবতীতি শেষঃ। ধিয়ং নিশ্চয়াত্মিকাং চেতোবৃত্তিং অস্মিন্নিত্যবিহারিণি ভগবতি রাতি যোজয়তীতি ধীরঃ তদ্বিহারভাবুকো ভবেদিত্যর্থঃ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
রাসপঞ্চাধ্যায়ীব্যাখ্যায়াং শ্রীমৎকিশোরপ্রসাদবিদ্বৎকৃতায়াং
বিশুদ্ধরসদীপিকায়াং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥
মূলস্য ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

শ্রীমদ্রামনারায়ণকৃত-ভাবভাববিভাবিকা।

এবম্পরমানন্দরূপাং সর্ব্বজনোদ্ধার-পরমানন্দ-নিমগ্নতা হেতু-ভূতাং লীলাং নিরূপ্য তচ্ছ্রবণাদেঃ ফলং দর্শয়ন্নস্য কামবিজয়োপাখ্যানস্য শ্রোত্রাদীনামপি হৃদ্রোগকামনিবর্ত্তকত্বান্ন কামাধীনতয়া কথঞ্চিদ্ভগবতঃ পরকীয়দারসম্বন্ধভ্রমো নচ নিবৃত্তিপরাণামত্রৌদাসীন্যযোগ্যতা প্রত্যুত—

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ইতি

ভগবদ্বচনাদ্ব্রহ্মজ্ঞানৈকলভ্যপরভক্তে "র্ভিদ্যতে হৃদয়গ্রন্থি" রিত্যাদিশ্রুতের্জ্ঞানৈকসাধ্যহৃদ্রোগবিমোকস্য চাত্র শ্রবণাদিমাত্রলভ্যতয়াত্রৈব সর্ব্বথা প্রবৃত্তিঃ কার্য্যেতি দর্শয়তি—বিক্রীড়িতমিতি। বিষ্ণোর্ব্যাপকস্য "সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষি শিরোমুখ"-মিত্যাদিনা বিভুসর্ব্বাঙ্গস্যাপীদং বিক্রীড়িতং স্বরূপাভিব্যঞ্জকস্বেচ্ছয়া যত্র তত্রাবির্ভাবাদিনা বিশিষ্টং সর্ব্বগুণোৎকর্ষান্বিতং ক্রীড়িতং তত্রান্যক্রীড়াপেক্ষয়া বিশিষ্টত্বদ্যোতনায়াহ—ব্রজবধূভিরিতি। ব্রজে যাঃ স্বীয়া বধ্ব ইতি বধূ-শব্দেন পরদারত্বাদিভ্রমব্যাবৃত্তিঃ। ব্রজশব্দেনান্যধামগতরুক্মিণ্যাদিবধূনাং ব্যাবৃত্তিস্তাভিস্তথাচ যথৈকস্য পরমরসায়নস্যাপ্যনুপানভেদেন গুণবৈচিত্র্যং তথা পরমরসায়নস্য ভগবৎক্রীড়িতস্যাপ্যন্যধামবধূরূপশক্তীনাং শ্রীসরস্বত্যাদীনামৈশ্বর্য্যজ্ঞানাদিপ্রাধান্যতয়া তাভিঃ সহ ক্রীড়িতশ্রবণাদেরৈশ্বর্য্যাদি ফলত্বম্, অত্র ব্রজধামগতভগবদ্বধূনাং প্রেমরসৈকপ্রাধান্যতয়া তাভিঃ সহ বিক্রীড়িতশ্রবণাদেঃ প্রেমলক্ষণপরাভক্তিফলত্বমিতি সর্ব্বক্রীড়াভ্যো বৈশিষ্ট্যং জ্ঞেয়ং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদেব দর্শয়তি—শ্রদ্ধান্বিত ইত্যাদিনা। ধীরো ধৈর্য্যাদিগুণসম্পন্নঃ ধিয়ং ভগবতীরয়তীতি ভগবদ্রসজিজ্ঞাসুর্ব্বা ধীনিয়ন্তৃতদুপাধিকজীবমাত্রং বা "যচ্ছ্রদ্ধয়া বিত্তয়া উপনিষদা ক্রিয়তে তদ্বীর্য্যবত্তরং ভবতী"তিশ্রুতেঃ "শ্রদ্ধালোরেব সর্ব্বত্র বৈদিকেষ্বধিকারত" ইতি বৃদ্ধোক্তেশ্চ তয়ান্বিতোঽনুশৃণুয়াদ্ভক্তিলীলারসিকতয়াঽনু নিরন্তরং মুহুস্তচ্ছ্রবণপরঃ স্যাদথ বর্ণয়েৎ স্বয়মপি তদ্রসভাবুকেষু প্রেমভাবোদ্দীপনেন প্রকাশয়েৎ চকারাদ্বক্তৃশ্রোত্রভাবে স্মরেচ্চিত্তৈকাগ্র্যেণ ধ্যায়েচ্চ ভগবতি পরামনুরক্তিরূপাং "সা পরানুরক্তিরীশ্বরে" ইতি সূত্রিতাং প্রভিলভ্য চকারাদ্ব্রহ্মাত্মাববোধঞ্চাজ্ঞাত্বা প্রেমাসম্ভবাৎ কামং মনোজং হৃদ্রোগং যথা রোগোঽঙ্গজ এব তদ্দুঃখদস্তথা মনোজন্যমপি তদ্দুঃখদং।

যদ্বা কামমন্যচ্চ সর্ব্বহৃদ্রোগং ক্রোধাদিকং। যদ্বা কামমিতরাভিলাষমাত্রং হৃদ্রোগং তন্মূলভূতান্তঃকরণাদ্যুপাধ্যধ্যাসাত্মকহৃদয়গ্রন্থিঞ্চাশু অচিরেণানায়াসেন চাপহিনোতি নিবর্ত্তয়তি, অত্রায়ং ভাবঃ—নিবৃত্তিপরগ্রন্থে সুমনোঽবলম্বমলব্ধ্বা প্রথমং বিষয়েভ্যো দোষদৃষ্ট্যা মনঃ সংনিবর্ত্ত্য নিরালম্বস্য ভগবদালম্বনং ভবতি, তত্র চিরম্প্রয়াসশ্চ অত্র রসরূপলীলাশ্রবণেন স্বভাবতস্তত্র প্রেমোদ্ধর্ষাৎ সাবলম্বতয়া ঝটিত্যনায়াসং কামহৃদ্রোগনিবৃত্তিঃ, কিঞ্চ পরভক্তিলাভেন পরমানন্দাবাপ্তির্হৃদ্রোগোপশমেন সর্ব্বানর্থনিবৃত্তিশ্চ। যদ্বা মনোজাদেরপি হৃদ্রোগান্তঃপাতিত্বেন পৃথগনুক্তেঃ, কামং যথেষ্টং পরাং ভক্তিং প্রতিলভ্যেতি বা, পরাং ভক্তিং ভগবতি কামং কামসুখং সর্ব্বকামং চ "সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতে"তি শ্রুত্যা প্রতিলভ্য ইতি বার্থঃ। যদ্বা কামং হৃদ্রোগমাশ্বপহিনোত্যথ ভগবতি পরাং ভক্তিং প্রতিলভ্য ধীরো গায়ত্র্যাদৌ ধীপ্রেরকত্বেন শ্রুতঃ পরব্রহ্মকৃষ্ণাত্মক এব স্যাৎ॥ ৪০॥

শ্রীরাধা গোপিকাঃ কৃষ্ণো গুরবো বৈষ্ণবা দ্বিজাঃ।
প্রীয়ন্তাং স্বপ্রপন্নায় যচ্ছন্তু পরমাং রতিম্॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধান্তর্গত-রাসপঞ্চাধ্যায়ীব্যাখ্যায়াং
শ্রীচন্দ্রভাগাখ্যবিষ্ণুসখ্যাপন্ন-
শ্রীরামনারায়ণ-বিরচিতায়াং ভাবভাববিভাবিকায়াং
ভগবচ্ছ্রীমদ্রাসবিহারাদি নিরূপণে
পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫॥
মূলে ত্রয়স্ত্রিংশঃ॥ ৩৩॥

শ্রীমদ্ধনপতিসূরিকৃত-ভাগবতগূঢ়ার্থদীপিকা।

অথ ভগবতঃ কামবিজয়রূপসর্ব্বলীলাবতংসরাসক্রীড়াশ্রবণাদের্যথাযোগ্যং পরমোৎকৃষ্টং ফলমাহ—বিক্রীড়িতমিতি। ইদং বিক্রীড়নং ময়া বর্ণিতং ব্রজবধূভির্বিষ্ণোঃ পূর্ণস্য ক্রীড়ানুরূপরূপাণি প্রকটীকৃত্য বিবিধং ক্রীড়িতং, শ্রদ্ধান্বিতঃ সর্ব্বলোকোদ্ধারার্থমাপ্তকামেন ভগবতেদং বিক্রীড়নং কৃতমিতি বিশ্বাসযুক্তঃ যোঽনু নিশ্চয়েন সংশয়কলঙ্করহিতঃ শৃণুয়াৎ অনুদিনং বা শৃণুয়াৎ, অথবা যঃ কীর্ত্তয়েৎ স ভগবতি পরাং প্রেমলক্ষণাং ভক্তিং প্রতিলভ্য ভগবদনুগ্রহাদচিরেণ ধীরঃ তত্ত্ববিৎ সন্ হৃদ্রোগং সর্ব্বানর্থভূতং কামমাশু শীঘ্রমপহিনোতি পরিত্যজতি, তথাচ সর্ব্বানর্থনিবৃত্তিপরমানন্দপ্রাপ্তিরূপপরমপুরুষার্থফলকোঽয়ং পঞ্চাধ্যায়াত্মকো গ্রন্থঃ, পরমাদরেণ শ্রোতব্যো বর্ণয়িতব্যশ্চেতি—

শ্রুতি-গোপাঙ্গনাভির্যঃ ক্রীড়তে সৎসু মানসে।
বনে তং ধনপত্যাখ্যো নৌমি কৃষ্ণং পরাৎপরম্॥ ৪০॥

ইতিশ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য-বালগোপালতীর্থশ্রীপাদশিষ্যদত্তবংশাবতংসরামকুমার-সূনুধনপতিমিশ্র-সূরিকৃতায়াং
ভাগবতগূঢ়ার্থদীপিকায়াং দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
রাসক্রীড়ায়াং ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৩॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

কামবিজয়িসর্ব্বেশ্বররাসক্রীড়াশ্রবণাদেঃ কামজয়ং পরভক্তিযোগঞ্চ ফলমাহ—বিক্রীড়িতমিতি। যঃ ধীরঃ শ্রবণে বর্ণনে বা যে বিশ্বাসজ্ঞয়শীলঃ শ্রদ্ধান্বিতশ্চ বিষ্ণোর্ব্রজবধূভিঃ সহ বিক্রীড়িতম্ কামং যথেষ্টমনু অনুক্রমেণ শৃণুয়াৎ অথবা বর্ণয়েৎ স অচিরেণ পরাং ভক্তিং প্রতিলভ্য আশু হৃদ্রোগং রোগবদনিষ্টকরং কামমপহিনোতি পরিত্যজতি॥ ৪০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
রাসক্রীড়ায়াং শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে
ত্রয়স্ত্রিংশাধ্যায়ার্থপ্রকাশঃ॥ ৩৩॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বঙ্গানুবাদ।

সকল লীলার শ্রেষ্ঠ রাসলীলার শ্রবণ ও কীর্ত্তনের ফলও যে, সকল লীলার শ্রেষ্ঠ তাহাই বলিতেছেন ;—(১)

যে পণ্ডিত বিশ্বাসান্বিত হইয়া (২) ব্রজবধূস্বরূপ নবযুবতিগণের সহিত শ্রীকৃষ্ণের (৩) এই রাসক্রীড়ালক্ষণ (৪) বিশিষ্টলীলা নিরন্তর শ্রবণ, অনন্তর বর্ণন (৫) করেন, তিনি অচিরে ভগবানে গোপিকানুসারিত্ব হেতু সর্ব্বোত্তম-জাতীয়া প্রেমলক্ষণা ভক্তি নূতন ভাবে প্রতিক্ষণ লাভ করিয়া হৃদয়-রোগ কামকে (৬) অবিলম্বে পরিত্যাগ করেন ॥ ৪০ ॥

(১) অথবা তাদৃশ রাসক্রীড়াদিও যখন প্রাকৃত-কামের বিরোধী এবং শ্রীভগবৎ প্রেমাবহ, তখন "কৈমুত্য" ন্যায়ানুসারে সেই রাসক্রীড়ার পরম ভক্তি ফলস্বরূপত্ব দেখাইয়া পূর্ব্বসিদ্ধান্তকেই উৎকৃষ্ট করিয়া শ্রীশুকদেব রাসলীলা বর্ণন সমাপ্তিতে অধিক সুখের আবেশে এই লীলার শেষবর্ত্তি বক্তা ও শ্রোতাদিগকে আশীর্ব্বাদ করিতে করিতেই যেন স্বাভাবিক ফল নির্দ্দেশ করিতেছেন—যে পণ্ডিত ইত্যাদি।

(২) বিপরীত ভাবিয়া অবিশ্বাস করিলে যে অপরাধ হইবে সেই অবিশ্বাস রূপ অপরাধের নিবৃত্তির নিমিত্ত এবং শ্রবণের নৈরন্তর্য্যার্থই "বিশ্বাসান্বিত" এইরূপ বলিলেন।

(৩) "শ্রীকৃষ্ণের" এই শব্দ প্রয়োগ করিবার তাৎপর্য্য এই ;—এই অধ্যায়ের ৩য় শ্লোকে "দুই দুই গোপাঙ্গনার মধ্যে অবস্থিত থাকিয়া" ইহা দ্বারা শ্রীকৃষ্ণের ব্যাপকতা সূচিত হইয়াছে, এই অভিপ্রায় করিয়াই "শ্রীকৃষ্ণের" এইরূপ প্রয়োগ করিয়াছেন।

(৪) এইস্থলে "রাসক্রীড়া" এইটী উপলক্ষণমাত্র, রাসক্রীড়াসদৃশ অপরাপর ক্রীড়ারও নির্দ্দেশ করা হইয়াছে, এইটী মূলে যে "ইদঞ্চ" এই 'চ'কার আছে এই 'চ'কারদ্বারাই সূচিত হইয়াছে।

(৫) এইস্থলে "বর্ণন" এইটী উপলক্ষণ, স্মরণ অনুমোদন প্রভৃতিও বুঝিতে হইবে।

(৬) হৃদয়রোগ কাম, ইহা দ্বারা ভগবদ্‌বিষয়ক যে কাম, তাহার ব্যবচ্ছেদ করা হইয়াছে—অর্থাৎ "হৃদয়রোগ কাম এবং ভগবদ্‌বিষয়ক কাম" এই দুই যে পৃথক্ বস্তু তাহাই প্রতিপন্ন করা হইয়াছে।

এইস্থলে "কামকে" এই পদটী উপলক্ষণমাত্র, অন্যান্য হৃদ্‌রোগকেও অবিলম্বে পরিত্যাগ করিয়া থাকেন। ইহা অন্যত্রও শুনিতে পাওয়া যায় ;—

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং ॥

যিনি ব্রহ্মস্বরূপ এবং যাঁহার আত্মা প্রসন্ন, যাঁহার শোক নাই, আকাঙ্ক্ষা নাই, যিনি সকল জীবে তুল্যদর্শী, তিনিই আমার পরমা ভক্তি লাভ করিয়া থাকেন।

কিন্তু এইস্থলে দেখা যাইতেছে—হৃদয়রোগ বিনাশের পূর্ব্বেই পরমা ভক্তির লাভ হইয়া থাকে, সুতরাং এই রাসক্রীড়াশ্রবণরূপ সাধন—সর্ব্বাপেক্ষা বলবান্।

অথবা অচিরেই যথেষ্ট ভক্তিলাভ করিয়া শ্রীভগবানের অপ্রাপ্তি জনিত হৃদ্‌রোগ হইতে মুক্তিলাভ করা যায়, যে হেতু অবিলম্বেই শ্রীকৃষ্ণকে লাভ করিতে পারা যায়।

ক্রীড়তা বহিরন্তশ্চ জড়োঽয়ং যেন নর্ত্ত্যতে।
তস্য চৈতন্যরূপস্য প্রীত্যৈ ভগবতোঽস্ত্বিদং ॥

অর্থাৎ যিনি অন্তরে ও বাহিরে ক্রীড়া করিয়া এই লোক নাচাইতেছেন, সেই চৈতন্যরূপি শ্রীভগবানের প্রীতিদান করিবার জন্য আমার এই উদ্যম হউক ॥

ইতি শ্রীধাম নবদ্বীপনিবাসি-
শ্রীযুক্তপণ্ডিত শচীনন্দনগোস্বামিভক্তিরত্ন-কৃত-
ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

শ্রীশুক উবাচ(১)—

একদা দেবযাত্রায়াং গোপালা জাতকৌতুকাঃ।
অনোভিরনড়ুদ্‌যুক্তৈঃ প্রযযুস্তেঽম্বিকাবনম্ ॥ ১ ॥
তত্র স্নাত্বা সরস্বত্যাং দেবং পশুপতিং প্রভুম্*।
আনর্চ্চুর্হর্ষণৈর্ভক্ত্যা দেবীঞ্চ নৃপতেঽম্বিকাম্ ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুক উবাচ—

অথ রাসলীলাপ্রসঙ্গাৎ তাদৃশীং শঙ্খচূড়বধাবসানাং অন্যাং লীলাং দর্শয়িতুং তয়োর্ম্মধ্যে জাতত্বেন ক্রমপ্রাপ্তং তৎপ্রভাবদর্শনময়ত্বেন তাদৃশলীলা-প্রতিকূলজন-স্তম্ভকতয়া তদুপযুক্তঞ্চ লীলান্তরমাহ—

একদা (তদ্রাসানন্তরং ফাল্গুনে শিবরাত্রৌ) দেবযাত্রায়াং (দেবস্য শ্রীশিবস্য যাত্রায়াং) জাতকৌতুকাঃ (জাতং কৌতুকং ঔৎসুক্যং যেষাং তে) তে গোপালাঃ (শ্রীনন্দাদয়ঃ গোপাঃ কিম্বা 'গোপালাজাতকৌতুকা' ইতি একপদে গোপালেন শ্রীকৃষ্ণেন হেতুনা আ সম্যক্ জাতকৌতুকাঃ) অনড়ুদ্‌যুক্তৈঃ (অনড়ুদ্‌ভিঃ বৃষভৈঃ যুক্তৈঃ) অনোভিঃ (শকটৈঃ) অম্বিকাবনং (শ্রীমথুরাপুর-বায়ব্যদিগ্‌বিভাগে সরস্বতীতীরস্থং শ্রীশিবোমামূর্ত্তিভূষিতং তদ্দৈবত্যং, কিম্বা গুর্জ্জরদেশে সিদ্ধপুরস্য নাতিদূরবর্ত্তিতীর্থং) প্রযযুঃ (প্রকর্ষেণ যযুঃ) ॥ ১ ॥

নৃপতে! (তে শ্রীনন্দাদয়ঃ) তত্র (তদ্বনসমীপস্থায়াং) সরস্বত্যাং (তন্নামাখ্যায়াং নদ্যাং) স্নাত্বা অর্হণৈঃ) বিবিধোপচারৈঃ) দেবং (পূজ্যং) প্রভুং (শ্রীভগবদ্ভক্ত্যাদিপ্রদানসমর্থং, 'বিভুং' ইতি পাঠে স এবার্থঃ) পশুপতিং (শ্রীশঙ্করং) অম্বিকাং দেবীং (অম্বিকাং দেবীঞ্চ) ভক্ত্যা আনর্চ্চুঃ (পূজয়ামাসুঃ) ॥ ২ ॥

---

(১) বাদরায়ণিরুবাচ ইতি পাঠান্তরং।

* বিভুং ইতি পাঠান্তরং।

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

চতুস্ত্রিংশেঽহিনা গ্রস্তং নন্দং হরিরমুমুচৎ।
বিদ্যাধ্রঞ্চাঙ্গিরঃ শাপাচ্ছঙ্খচূড়ং তথাবধীৎ ॥
রাসাপদেশতঃ কামং কিঙ্করীকৃত্য কামতঃ।
অনুগৃহ্লন্ বশং নিন্যে তথা বিদ্যাধরাধিপম্ ॥

তদেবং কামানুগ্রহমুখেন কামজয়ং প্রতিপাদ্য তথৈব বিদ্যাধরজয়ং প্রতিপাদয়িতুং তৎপ্রসঙ্গং দর্শয়তি—একদেতি ॥ ১—২।

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

এবমৈশ্বর্য্যসম্বলিতলৌকিকলীলায়াঃ প্রসঙ্গাত্তাদৃশীমেবান্যাং বদন্ গোপানাং সাক্ষাদাশ্চর্য্যদর্শনেন সর্ব্বথা শ্রীভগবতি তেষাং ভক্তিবিবৃদ্ধিং দর্শয়িতুং প্রসঙ্গান্তরমারভতে—একদেতি। কৈশোর এব কস্মিংশ্চিৎ সময়ে তত্রাপি যুক্ত্যা শিবরাত্রৌ কার্ত্তিকে ইতি কেচিৎ। দেবস্য শ্রীশিবস্য যাত্রায়াং, জাতকৌতুকমৌৎসুক্যং যেষাং তে ইতি কেবলং কৌতুকেনৈব প্রমাণং নতু কেনচিৎ কামাদিনেত্যর্থঃ। যতঃ গোপালাঃ কৌতুকশীলা ইত্যর্থঃ। যদ্বা গোপালাঃ শ্রীভগবদেকনিষ্ঠা অপি অনড়ুদ্ভির্ম্মহাবৃষভৈর্যুক্তৈরনোভিরিতি স্বভাবতো গোপানাং শকটৈরেব গমনাৎ বিশেষতশ্চ তীর্থে বহুলজ্বনয়নাৎ অত এব প্রকর্ষেণ যযুঃ অম্বিকাবনং শ্রীমথুরাপুরপশ্চিমদিগ্‌ভাগে সরস্বতীতীরস্থং শ্রীশিবোমামূর্ত্তিবিভূষিতং তদ্দৈবত্যং, গুর্জ্জরদেশে সিদ্ধপুরস্য নাতিদূরবর্ত্তিতীর্থং অম্বিকাবনমিতি কেচিৎ ॥১॥

তত্র বনে দেবং পূজ্যং শ্রীবিষ্ণুবৈষ্ণবৈকপ্রিয়ত্বাৎ, বিশেষতঃ পশূনাং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পতিং পালকং কিঞ্চ প্রভুং শ্রীভগবদ্ভক্তিপ্রদানে সমর্থং অত এব অর্হণৈঃ বিবিধোপচারৈর্ভক্ত্যা পূজয়ামাসুঃ চকারেণাম্বিকায়া অপি তাদৃশত্বং সমুচ্চীয়তে। হে নৃপতে ইতি কৌতুকশীলানাং কৌতুকাচরণবৃত্তং রাজত্বাৎ ভবতা জ্ঞায়তে এব, কিম্বা বৈষ্ণবানামপি শ্রীভগবদ্ভক্ত্যর্থং তত্তৎপূজাবৃত্তং ভগবতা জ্ঞায়তে এব, কিম্বা বৈষ্ণবানামপি শ্রীভগবদ্ভক্ত্যর্থং তত্তৎপূজাবৃত্তং ভবতা পাল্যত এবেতি ॥ ২ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ১—২ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

কোন্ ব্যক্তি (৫) উত্তম শ্লোকের বাক্য (৬) সম্যক্‌রূপে পরিত্যাগ (১) করিতে চেষ্টা করে? (২) যে উত্তম শ্লোক শ্রীকৃষ্ণের অনিচ্ছা সত্ত্বেও শ্রীমতী লক্ষ্মী দেবী তাঁহার বক্ষঃ হইতে কখনও বিচ্যুতা হয় না ॥ ৪৮ ॥

অন্বয়ঃ।

(অহো তদ্বিস্মরণে সত্যাশাপি হীয়েত তচ্চ নৈব ঘটেত ইত্যাহুঃ—সরিদিতি যুগ্মকেন)

প্রভো! (সর্ব্বদাসমর্থ! কিম্বা হে বোদ্ধুং সমর্থ!) সঙ্কর্ষণ-সহায়েন সঙ্কর্ষণঃ সহায়ঃ সঙ্গী যস্য তেন, কিম্বা সঙ্কর্ষণস্য সহায়েন) কৃষ্ণেন (জগচ্চিত্তাকর্ষকক্রীড়েন) আচরিতাঃ (সেবিতাঃ অনুশীলতাঃ, কিম্বা স্বক্রীড়াসাধনত্বং নীতাঃ) সরিচ্ছৈলবনোদ্দেশাঃ (সরিৎ—নদী শৈলাঃ—গোবর্দ্ধনাদিপর্ব্বতাঃ, বনোদ্দেশাঃ—বৃন্দাবনস্য তত্তৎপ্রদেশাঃ) গাবঃ (নিনীলিতনেত্রাভিরবারিতশ্রবণাঃ) বেণুরবাঃ, ইমে (সরিতাদয়ঃ অবশ্যমনুভূয়মানাঃ, কিম্বা তদ্বিরহাতুরাঃ সাক্ষাদত্রৈবৈতে নিপতিতাঃ শ্রীদামসুবলাদয়ঃ তৎসহচরাঃ) নন্দগোপ-সুতং (নন্দঃ গোপঃ

---

(১) আশাই সকলের দুঃখ-হেতু, তাহা অবশ্যই পরিত্যাগ করা উচিত; ইহাই সাধন, "প্রজায়ত আশায়া বৈ শাম্যতি" এই শ্রুতিও বলিয়াছেন, অতএব নৈরাশ্যই শ্রুত্যনুভব সিদ্ধ সাধন, তাহার ফলের অব্যভিচার বলিতেছেন—পরম সৌখ্য অর্থাৎ স্বভাবতই পরম সুখস্বরূপ। (সুবোধিনী)

(২) একাদশস্কন্ধের ৮ম অধ্যায়ের ৪৪ শ্লোকে বলিয়াছে।

(৩) যদ্যপি শ্রীকৃষ্ণের আশাই তত্ত্বতঃ পরমানন্দময়ী এবং সেই আশাই জীবনের অবলম্বন; তথাপি বিরহার্ত্তি বশতঃ জীবনে নৈরপেক্ষ্য হেতু এইরূপ বলা হইয়াছে। (তোষণী)

আমরা তাঁহার আশা কিছুতেই ত্যাগ করিতে পারিব না; কারণ কৃষ্ণবিষয়ে আশা, সর্ব্বজন কর্ত্তৃক দুস্ত্যজ্যা। পিঙ্গলার পুরুষান্তরেই আশা ছিল; অতএব সে তাহা পরিত্যাগ করিয়াছিল; এই ভাবার্থ। (চক্রবর্ত্তী)

(৪) অপিচ লোভী ব্যক্তি লোভের যোগ্য বস্তু প্রাপ্ত হউক; আর প্রাপ্ত নাই হউক; কিন্তু লোভের উৎকণ্ঠা পরিত্যাগ করিতে সমর্থ হয় না; ইহাই বলিতেছেন—কোন্ ব্যক্তি ইত্যাদি। (চক্রবর্ত্তী)

(৫) "কোন্ ব্যক্তি" এই সামান্য নির্দ্দেশ, সর্ব্বলোক অপেক্ষা করিয়া বলা হইয়াছে; স্ত্রীলোকের কথা আর কি বলিব?

(৬) অর্থাৎ উত্তম—উৎকৃষ্ট; শ্লোক—রূপ গুণ বর্ণও হইয়াছে যাঁহার, তাঁহার অর্থাৎ "ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং" ইত্যাদি স্বরূপ বাক্য। (তোষণী)

কিম্বা উত্তম শ্লোক অর্থাৎ গুণরূপাদি বর্ণনদ্বারা কবিগণের পদ্যনিচয় রহিয়াছে যাঁহাতে (ইহাদ্বারা মাহাত্ম্য বিশেষ উক্ত হইল) তাঁহার বাক্য।

কিম্বা "উত্তমঃশ্লোকের বাক্য" এইরূপ পাঠে—দূরীভূত হইয়াছে তমঃ যাহাতে, তথাভূত শ্লোক—যশঃ যাঁহার (ইহাদ্বারা জানাইলেন যাঁহার যশঃ শ্রবণেও তমোহানি হয়; তাঁহার বাক্য—(বৃহত্তোষণী)

(১) দৃঢ়তা জ্ঞানের অভাব হইলেও তদ্দ্বারা অবজ্ঞা করিতে পারে না; সুতরাং বিস্মরণের কথা আর কি বলিব? (তোষণী)

কিম্বা বিস্মৃত হইতেও পারে না; সুতরাং তাহার আশা যে ক্ষণকালের জন্যও ত্যাগ করিতে পারে না; তাহার কথা আর কি বলিব? (বৃহত্তোষণী)

(২) তাহার আশা পরিত্যাগ করিবার কথা আর কি বলিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহারাজঃ তস্য সুতঃ) পুনঃ পুনঃ স্মারয়ন্তি (কিঞ্চ) শ্রীনিকেতৈঃ (ধ্বজাদ্যসাধারণলক্ষণৈঃ কিম্বা শ্রিয়ঃ—সর্ব্বলাবণ্যকারণভূতায়াঃ নিকেতৈঃ বাসস্থানৈঃ) তৎপদকৈঃ (তস্য নন্দগোপসুতস্য পদকৈঃ—কোমলপদৈঃ সর্ব্বত্রোদিতৈঃ কৃত্বা) বিস্মর্ত্তুং ন এব শক্নুমঃ বত (অহোকষ্টং ন প্রাপ্তুং শক্যতে নাপি বিস্মর্ত্তুং কিং কুর্ম্মঃ? ক্ব গচ্ছাম ইত্যর্থঃ)॥ ৪৯—৫০॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

কিঞ্চ তদ্বিস্মৃতৌ ন তাবদ্দুঃখমস্তি সাপি নাস্মাকং সম্ভবতি ইত্যাহুঃ—সরিচ্ছৈলেতি ত্রিভিঃ। আচরিতাঃ সেবিতাঃ॥ ৪৯—৫০॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

অহো! তদ্বিস্মরণে সত্যাশাপি হীয়েত, তচ্চ নৈব ঘটেতেত্যাহুঃ—সরিদিতি। যদি জলান্তিকে বামস্তদা সরিতঃ, গৃহে চেত্তিষ্ঠামস্তদা শিলাবদ্ধভূভাগেন স্মার্য্যমাণা অত্যুচ্চত্বাদ্বা দৃশ্যমানাঃ শৈলাঃ, যদি বা বনানি প্রবিশামস্তদাপি বনস্থানানি জল-স্থল বনানি সর্ব্বাণ্যেবেত্যর্থঃ। ইমে ইত্যস্য লিঙ্গবিপরিণামেন সর্ব্বৈরপ্যন্বয় ইতি। তেষাং সর্ব্বেষামেব প্রত্যক্ষতোক্তা। যদ্বা ইমে তদ্বিরহাতুরাঃ সাক্ষাদত্রৈবৈতে নিপতিতাঃ শ্রীদাম-সুবলাদয়স্তৎসহচরাঃ তেষামত্যন্তশ্রীকৃষ্ণস্মারকহেতু-মহার্ত্তিজননান্নামাগ্রহণম্। এবং সরিদাদীনাং যথোত্তরং স্মরণে শ্রৈষ্ঠ্যমূহ্যং।

সম্যক্ কর্ষতি শ্রীকৃষ্ণস্য ক্রীড়াসুখার্থং সখীন্, কিম্বা স্নেহভরেণ তস্য চিত্তমেবাকর্ষতীতি সঙ্কর্ষণঃ, সহায়ঃ সঙ্গী যস্য তেন, কিম্বা সঙ্কর্ষণস্য সহায়েনেত্যুভয়থাপি মিথঃস্নেহেন সুখক্রীড়া সূচিতা। কৃষ্ণেন জগচ্চিত্তাকর্ষক-ক্রীড়েনেতি তৎক্রীড়াস্পদানাং সরিদাদীনামপি চিত্তাকর্ষকত্বমভিপ্রেতম্। আচরিতাঃ সেবিতা ইতি তৈর্ব্ব্যাখ্যাতম্। যদ্বা স্বক্রীড়াসাধনত্বং নীতাঃ। যদ্বা আচরিতাঃ কৃতা ইতি বেণুরবাণামেব বিশেষণং, ততশ্চ সঙ্কর্ষণসহায়েনেতি তদুপগায়নত্বেন তেষামেব মাধুর্য্যবিশেষঃ সূচিতঃ। সরিদাদীনান্তু শ্রীকৃষ্ণক্রীড়ত্বং ব্যক্তমেব। যদ্বা আচরিতাঃ প্রবর্ত্তিতা গোপানাং বেণুরবাঃ ইমে ইদানীন্তনাঃ তত্তদ্ব্রজজাতত্বেনৈব তৎপ্রকারবিশেষশিক্ষণাৎ॥ ৪৯॥

পুনঃ পুনরিতি, কথঞ্চিৎ প্রযত্নেন তচ্চিন্তায়াং ত্যক্তায়ামপি পুনঃ স্মারণাৎ, পুনস্তথৈব ত্যক্তায়ামপি পুনঃ স্মরণাদিত্যেবমসকৃদিত্যর্থঃ। কিম্বা অবিরতমেবেতি। প্রভো! ইতি পরমদৈন্যেন সম্বোধনং। যদ্বা হে বোদ্ধুং সমর্থেতি ভবতেদং বুদ্ধ্যত এবেতি ভাবঃ। নন্দো গোপো মহারাজস্তস্য সুতমিতি প্রযত্নশতৈরীশ্বরত্বেন স্মর্ত্তুমিষ্যমাণমপি শ্রীবল্লবেন্দ্রকুমারত্বেনৈব স্মারয়ন্তীত্যর্থঃ। বত খেদে। নন্বু তত্র শ্রীকৃষ্ণসম্বন্ধানাং বলাত্ত্যক্তুং তং বিস্মরত তত্রাহুঃ—শ্রীনিকেতৈঃ ধ্বজাদ্যসাধারণলক্ষণৈঃ শ্রিয়ঃ সর্ব্বস্যাঃ সম্পদঃ শোভায়া বা নিকেতৈঃ তস্য নন্দগোপসুতস্য পদকৈঃ কোমলপদৈঃ সর্ব্বত্রোদিতৈঃ তদানীমপি তথৈব তেষামনুবৃত্তিঃ প্রাক্ব্যুৎপাদিতৈব॥ ৫০॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

অহো! তদ্বিস্মরণে সত্যাশাপি হীয়তে তচ্চ নৈব ঘটত ইত্যাহুঃ—সরিদিতি যুগ্মকেন। বনোদ্দেশেন ব্রজোঽপি গৃহ্যতে। তদন্তর্ব্বর্ত্তিত্বাত্তস্যেতি। সর্ব্বাণি অবস্থানানীত্যর্থঃ। বেণুরবা ইদানীমপি কৈশ্চিৎ ক্রিয়মাণাঃ। ইমে ইতি স্ফূর্ত্ত্যা প্রত্যক্ষা ইব ক্রিয়ন্তে তত্র গাব ইত্যত্র লিঙ্গং বিপরিণমনীয়ম্। আচরিতাঃ সেবিতা অনুশীলিতা ইত্যর্থঃ। অন্যকৃতবেণুরবস্যাপি তদনুশীলিত্বং জাত্যৈক্যাৎ সঙ্কর্ষণসহায়েনেতি। তত্র তত্র শোভাদিপরিপোষাত্তেনাপি সহাগমনমীহিতম্॥ ৪৯॥

পুনঃ পুনরিতি স্মরণাবিচ্ছেদেঽপি স্মরণবিশেষাণাং পুনঃ পুনরতিশয়িতা ধ্বনিতা। প্রভো! ইতি পরমদৈন্যেন। যদ্বা হে প্রভো! সর্ব্বদা সমর্থেতি ত্বমেবাত্র ন্যায়কর্ত্তা ভবেতি ভাবঃ। শ্রীনন্দাভিধস্য গোপস্য রাজ্ঞঃ সুতমিতি ভবদ্বিধোপদেশাৎ প্রযত্নশতৈরীশ্বরত্বেন স্মর্ত্তুমিষ্যমাণমপি তদ্রূপং তথৈব স্মারয়ন্তীতি জ্ঞানাগুনবসরো ব্যঞ্জিতঃ। নন্বু তত্র তত্রানুসন্ধানমাত্রং বলাৎ ত্যক্ত্বা তং বিস্মরত তত্রাহুঃ—শ্রীনিকেতৈর্ধ্বজাদ্যসাধারণলক্ষণৈঃ শ্রিয়ঃ সর্ব্বস্যাঃ সম্পদঃ শোভায়া বা নিকেতৈস্তস্য পদকৈঃ সর্ব্বত্রোদিতস্তল্লীলাভেদেন পদচিহ্নানাং প্রকারৈঃ। স্থূলাদিত্বাৎ প্রকারে কন্। তদানীমপি তেষামনুবৃত্তিঃ প্রাগ্ব্যুৎপাদিতৈব॥ ৫০॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৪৯—৫০ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

কিঞ্চ তদ্বিস্মৃতৌ তু নাস্মাকং দুঃখমস্তি, সাপি ন সম্ভবতীত্যাহুঃ—ত্রিভিঃ সরিদিতি। প্রভো! হে উদ্ধব! সঙ্কর্ষণসহিতেন কৃষ্ণেন সরিদাদয় আচরিতাঃ সেবিতাঃ॥ ৪৯॥

ততঃ কিমিত্যত আহুঃ—পুনঃ পুনর্নন্দগোপসুতং স্মারয়ন্তি। বত কৈঃ লিঙ্গৈরিত্যত আহুঃ—শ্রীনিকেতৈঃ। শ্রিয়ঃ সৌন্দর্য্যসম্পদো নিকেতৈরাশ্রয়ৈঃ তস্য ভগবতঃ পদকৈঃ পদানীব পদকানি "ইবে প্রতিকৃতৌ" ইতি কঃ প্রত্যয়ঃ। তৈঃ স্মারয়ন্তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ, অতস্তং বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ॥ ৫০॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

আক্রীড়িতাঃ ক্রীড়ারঙ্গীকৃতাঃ ইমে সরিদাদয়ঃ॥ ৪৯॥

নন্দগোপ-সুতং পুনঃ পুনঃ স্মারয়ন্তি। বত আশ্চর্য্যং। নন্বু সরিদাদিদর্শন এব শ্রীকৃষ্ণস্মরণম্ অন্যদা নাস্তীত্যায়াতমিতি তত্রাহ—শ্রীনিকেত ইতি। তস্য শ্রীকৃষ্ণস্য পদকে প্রশস্ত-পদে প্রশস্তত্বং কুত ইত্যত উক্তং শ্রীনিকেত ইতি॥ ৫০॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

বেণুরবা ইদানীমপি কৈশ্চিৎ ক্রিয়মাণা ইমে ইতি স্ফূর্ত্ত্যা প্রত্যক্ষা ইব শ্রাব্যন্তে স্ম, এষাং তদাচরিতত্বং জাত্যৈক্যাৎ॥ ৪৯॥

পুনঃ পুনরিতি। স্মরণাবিচ্ছেদেঽপি স্মরণবিশেষাণাং পুনঃ পুনরতিশয়িতা ধ্বনিতা॥ ৫০॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

স্মরণত্যাগাশক্যতামুপপাদয়ন্তি—সরিচ্ছৈলেতি ত্রিভিঃ। স্মারকাঃ হি বহবঃ যেষু অবশ্যং প্রবৃত্তিঃ সর্ব্বপরিত্যাগেঽপি জলার্থমবশ্যং গন্তব্যং, বহির্নির্গত উচ্চৈঃ স্থিতং পশ্যেদেব, অতো যমুনাগোবর্দ্ধনদর্শনমাবশ্যকং বিহারার্থমবশ্যং বনোদ্দেশাশ্চ দ্রষ্টব্যাঃ, এতে ত্রয়ঃ সত্ত্বাদিভেদাঃ গৃহেঽপ্যবশ্যং দ্রষ্টব্যা, গাবঃ নির্মীলিতাক্ষাণামপি ইমে বেণুরবাঃ স্মারকাঃ, যে ইদানীমপ্যনুভূয়ন্তে অতঃ স্মারকাঃ সর্ব্বত্র কিঞ্চ ভগবতঃ আচরিতান্যপি ভগবৎস্মারকাণীত্যাহুঃ—সঙ্কর্ষণেতি। বহির্বৃত্তিনিরোধে পূর্ব্বোক্তা ন স্মারকা ভগবচ্চরিতানি তু চৌর্য্যাদীনি দৈত্যাদিমারণেন পালনরূপাণি স্বচ্ছন্দরমণরূপাণি চ আচরিতা ইত্যুচ্যন্তে, সঙ্কর্ষণসহায়ত্বং লীলাদৌ নির্ভয়ত্বায়, তত্রাপি কৃষ্ণেন সদানন্দেন অস্মদর্থমেবাবির্ভূতেন স্মারণার্থমেব তাদৃশকর্ত্রা। প্রভো! ইতি সম্বোধনং তাদৃশার্থবিস্মারণে কদাচিত্তব সামর্থ্যং ভবেৎ ন ত্বস্মাকমিতি জ্ঞাপিতম্। অনেন স্বদৃষ্টান্তেন ভবতীভিরপি সুখং ন স্থাতব্যমিতি পক্ষো নিবারিতঃ, অত এব ত্বং স্বস্থো বর্ত্তসে ন বয়ম্॥ ৪৯॥

স্মারকান্নিরূপ্য তৈঃ ক্রিয়মাণস্মরণস্য বলিষ্ঠতামাহুঃ—পুনঃ পুনঃ স্মারয়ন্তীতি। স্মরণেন পীড়য়া মূর্চ্ছায়াং জাতায়াং বিস্মরণমাশংসমানানাং সর্ব্ববৃত্তিনিরোধে স্মারয়িষ্যন্তীতি ভয়াৎ স্মৃতা এব ভবন্ত্যতঃ পুনঃ পুনঃ স্মারয়ন্তি, কিঞ্চ পীড়ায়াং সমর্থাশ্রয়ণং কর্ত্তব্যমিতি বিচারেঽপি নন্দঃ চেৎ স্মৃতঃ তদা নন্দগোপসুতঃ ইতি স্মৃত এব ভবতি ভগবান্, কিঞ্চ লক্ষ্মীস্থানরূপাণ্যতিসুন্দরাণি সর্ব্বত্রোদিতানি পদান্যচ্যুতত্বাদাধারস্থিতে অতিরোভাব-স্বভাবানি তাদৃশৈঃ তস্যৈব ভগবতঃ পদৈরসাধারণৈর্হৃদয়াদিষু স্থাপিতৈর্ব্বা সানুভাবৈঃ দৃষ্টাদৃষ্টোপায়েন বলিষ্ঠৈঃ কৃত্বা বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ॥ ৫০॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

কিঞ্চ তদ্বিস্মৃতৌ সত্যামাশাপি হীয়তে, সা ত্বমস্মাকং নৈব ঘটত ইত্যাহুঃ—সরিদিতি ত্রিভিঃ। আচরিতাঃ সেবিতা অনুশীলিতাঃ। শ্রীনিকেতৈর্ধ্বজবজ্রাদিচিহ্নশোভাযুক্তৈঃ শিলাদিষ্বস্থাপি বর্ত্তমানৈঃ॥ ৪৯—৫০॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

কিঞ্চ তদ্বিস্মৃতৌ সত্যাং তদাশাস্মাকং হীয়েত, সা তু হেতুসত্ত্বান্নিত্যং বর্দ্ধত ইত্যাহুঃ—সরিদিতি দ্বিকং। আচরিতাঃ সেবিতা অনুশীলিতা ইতি যাবৎ, বেণুরবা ইদানীমপি কৈশ্চিৎ ক্রিয়মাণাঃ। সঙ্কর্ষণেতি তেনাপি সার্দ্ধমাগতিরিষ্টানন্দাভিধানস্য গোপস্য রাজ্ঞঃ সুতমিতি। তদ্রূপতয়ৈব স্মরণামিষ্টস্তৎপদকৈস্তৎপদচিহ্নৈরস্থাপি শৈলাদিষু সন্তিঃ শ্রীনিকেতৈর্ধ্বজবজ্রাদিশোভাযুক্তৈঃ॥ ৪৯—৫০॥

শ্রীমদ্ধনপতিসূরিকৃত-ভাগবতগূঢ়ার্থদীপিকা।

এতদ্দুঃখস্য ভৈষজ্যং যদেতন্নানুচিন্তয়েৎ।
এতদ্বিজ্ঞানসামর্থ্যং ন বালৈঃ সমতামিয়াৎ।

ইত্যাদিনা। নন্বস্মরণং যদ্যপি দুঃখৌষধমুক্তং তথাপ্যস্মাকং তদতীব দুর্ল্লভং স্মারকাণাং প্রবলানাং বহূনাং বিদ্যমানত্বাদিত্যাহুঃ—সরিদিতি। সরিৎ সর্ব্বত্যাগেঽপি জলানয়নার্থমবশ্যং গন্তব্যা নদী যমুনা, বহির্গতাভিরনিবারিতদর্শন উচ্চৈঃ স্থিতঃ শৈলো গোবর্দ্ধনঃ, বিহারার্থমবশ্যং গন্তব্যা বনোদ্দেশা বৃন্দাবনস্য তত্তৎপ্রদেশাঃ, গৃহাদাববশ্যং দ্রষ্টব্যা গাবো নিমীলিতনেত্রাভিরবারিতশ্রবণা বেণুরবাঃ, সঙ্কর্ষণসহায়েন কৃষ্ণেন সদানন্দস্বরূপেণ স্মৃতিসন্ততিসম্পাদনার্থং সঙ্কর্ষণেন সহ কৃতাবতারেনাচরিতাস্তদাচরণসম্বন্ধা ইমে সরিদাদয়ঃ অবশ্যমনুভূয়মানাঃ পুনঃ পুনঃ স্মারয়ন্তীতি পরেণান্বয়ঃ। যদ্বা চ চৌর্য্যদৈত্যমারণাদিস্মৃত্যা পালনলালনস্বচ্ছন্দস্মরণাদিরূপাণি ভগবচ্চরিতানি নিরুদ্ধশ্রোত্রাদিবৃত্তীনামপি স্মারয়ন্তি, প্রভুণা প্রেষিতত্বমপ্যস্মাকং প্রভুরতোঽস্মদ্দুঃখমাকর্ণ্য নিবারয়েতি সম্বোধনাশয়ঃ। তদ্বিস্মরণে ত্বং প্রভুঃ স্যাঃ ন তু বয়মিতি বা॥ ৪৯॥

কদাচিন্মূর্চ্ছাদৌ ক্ষণমাত্রং বিস্মরণে পুনঃ পুনঃ স্মারয়ন্তি ইতি স্মারকাণাং প্রাবল্যমুক্তং, তত্রাপি নন্দগোপসুতং মহত্যাং পীড়ায়াং প্রবলাশ্রয়ণং কার্য্যমিতি বিচারে নন্দরায়শ্চেৎ স্মৃতিপথমারোহতি তদা তৎসুতত্বেন শ্রীকৃষ্ণোঽপীতি ভাবঃ। যদ্বা নন্বু দূরস্থিতং বস্তু স্মর্য্যতে ভগবাংস্তু ন দূরস্থিতঃ কিন্তু সর্ব্বেষামাত্মত্বাদত্যন্তনিকটবর্ত্তী অত এব "ভবতীনাং বিয়োগো মে ন হি সর্ব্বাত্মনা ক্বচি"দিতি ভগবতাদিষ্টমিত্যাশঙ্কানিরাসায়োক্তং নন্দেতি। কিঞ্চ শ্রিয়ঃ সর্ব্বলাবণ্যকারণভূতায়া নিকেতৈর্ব্বা সংস্থানৈস্তস্য পদকৈঃ কোমলৈশ্চরণারবৃন্দৈঃ হৃদিকৃতদৃঢ়স্থানৈঃ স্মরণপুষ্কলকারণৈঃ কৃত্বা বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ। বতেতি খেদে। অহো কষ্টং ন প্রাপ্তুং শক্যতে নাপি বিস্মর্ত্তুং কিং কুর্ম্মঃ ক্ব গচ্ছাম ইত্যর্থঃ॥ ৫০॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

হে প্রভো! উদ্ধব! কৃষ্ণেন আচরিতাঃ সেবিতাঃ সরিচ্ছৈলবনোদ্দেশাদয়ঃ তস্য পদকৈঃ চরণচিহ্নৈঃ সহিতাঃ পুনঃ পুনঃ স্মারয়ন্তি বিস্মরণেন কদাচিৎ স্বাস্থ্যসম্ভাবনায়াং বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ৪৯—৫০॥

বঙ্গানুবাদ।

অহো! তাঁহাকে বিস্মৃত হইলে আশাও নষ্ট হইয়া যাইবে তাহাও সম্ভবপর হইতে পারে না; ইহাই বলিতেছেন;—

হে প্রভো! (১) সঙ্কর্ষণসঙ্গী (২) শ্রীকৃষ্ণ (৩) কর্ত্তৃক

---

(১) "হে প্রভো!" এই সম্বোধন, পরম দৈন্যবশতঃ করিয়াছেন—অর্থ এই—হে সর্ব্বদা সমর্থ! তুমিই এই বিষয়ে ন্যায় কর্ত্তা হও। অথবা তুমি ইহা বুঝিতে সমর্থ!

(২) সঙ্কর্ষণসঙ্গী অর্থাৎ শ্রীকৃষ্ণের ক্রীড়া সুখের নিমিত্ত সখাগণকে সম্যক্‌রূপে আকর্ষণ করেন যিনি, তিনিই সঙ্গী যাঁহার; সেই শ্রীকৃষ্ণ।

কিম্বা স্নেহভরে শ্রীকৃষ্ণের চিত্তকেই আকর্ষণ করেন যিনি, তিনিই সঙ্গী যাহার; সেই শ্রীকৃষ্ণ।

কিম্বা সঙ্কর্ষণের সঙ্গী, ইহাদ্বারা উভয়েই পরস্পর স্নেহবশতঃ সুখক্রীড়া সূচিত হইল। (বৃহত্তোষণী)

কিম্বা তত্তৎস্থলে শোভাদি পরিপোষণ করেন বলিয়া তাঁহার (সঙ্কর্ষণের) সহিত আগমন অভিপ্রেত। (তোষণী)

(৩) শ্রীকৃষ্ণ অর্থাৎ জীবমাত্রের চিত্তাকর্ষক ক্রীড়নশীল,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গত্যা ললিতয়োদারহাস-লীলাবলোকনৈঃ।
মাধ্ব্যা গিরা হৃতধিয়ঃ কথং তদ্ বিস্মরাম হে * ॥ ৫১ ॥

আচরিত (১) যে "যমুনাদি নদী, গোবর্দ্ধনাদি পর্ব্বত, বৃন্দাবনীয় তত্তৎ প্রদেশ (২), ধেনুগণ (৩) ও বেণুরব" (৪) ইহারা সকলে (৫) নন্দগোপ-তনয়কে (৬) বারংবার (৭) স্মরণ করাইয়া দিতেছে।

অভিপ্রায় এই—তৎক্রীড়াস্পদ নদী প্রভৃতিরও চিত্তাকর্ষকত্ব রহিয়াছে।

(১) সেবিত—অনুশীলিত কিম্বা স্বক্রীড়া সাধনত্ব প্রাপিত।

(২) এইস্থলে মূলে "বনোদ্দেশ" শব্দ রহিয়াছে; তদ্দ্বারা ব্রজও গৃহীত হইয়াছে। কারণ ব্রজও তাহার অন্তর্বর্ত্তী; সুতরাং সমস্ত স্থানই জানিতে হইবে।

(৩) নিমীলিতলোচন ও উৎকর্ণা।

যদি জল সমীপে গমন করি, তাহা হইলে যমুনাদি নদী। যদি গৃহে থাকি তাহা হইলে শিলাবদ্ধ ভূভাগ দ্বারা স্মর্য্যমাণ শৈল, কিম্বা অত্যুচ্চত্বহেতু দৃশ্যমান শৈল। যদি বা বনে প্রবেশ করি, তাহাতেও বনস্থানসমূহ ও জলস্থল বনসমূহ সমস্তই শ্রীকৃষ্ণকে স্মরণ করাইয়া থাকে। (বৃহত্তোষণী)

(৪) সম্প্রতিও কোন কোন লোক কর্ত্তৃক ক্রিয়মাণ বেণুরব।

(৫) কিম্বা শ্রীকৃষ্ণের বিরহে আতুর সাক্ষাৎ এই স্থানেই নিপতিত শ্রীদাম সুবলাদি, শ্রীকৃষ্ণের সহচরগণ অর্থাৎ ইহারা সর্ব্বদা হা কৃষ্ণ! হা কৃষ্ণ! বলিয়া ক্রন্দন করিয়া থাকে; তাহা দর্শনে বা শ্রবণে কিম্বা ইহারা আমাদিগের নিকট কৃষ্ণের কথা জিজ্ঞাসা করিয়া থাকে সুতরাং ইহারা সকলে ইত্যাদি।

ইহাদিগের নাম গ্রহণ না করিবার কারণ—ইহাদিগের নাম লইয়ে শ্রীকৃষ্ণের স্মরণ অধিক হইবে; সুতরাং অত্যন্ত দুঃখ হইবে। (বৃহত্তোষণী)

(৬) নন্দগোপ-তনয়কে অর্থাৎ শ্রীনন্দ নামক গোপ—রাজা তাঁহার পুত্রকে, এই পদের তাৎপর্য্য এই—তোমার মত ব্যক্তির শত শত প্রযত্নে তাঁহাকে ঈশ্বর বলিয়া স্মরণ করিতে চেষ্টা করিলেও আমাদিগের পক্ষে শ্রীব্রজেন্দ্র-কুমারত্বরূপেই স্মারিত করিয়া দিতেছে। (বৃহত্তোষণী)

(৭) স্মরণের বিচ্ছেদ না থাকিলেও স্মরণ বিশেষের পুনঃ পুনঃ অতিশয়তা ধ্বনিত হইল। (তোষণী)

(অর্থাৎ যে নদী, পর্ব্বত ও বৃন্দাবনে তিনি ক্রীড়া করিতেন, তত্তৎ ক্রীড়াস্থল দর্শনে এবং তৎপালিত ধেনুগণের অবস্থা দর্শনে, আর তৎকর্ত্তৃক প্রবর্ত্তিত বা শিক্ষিত গোপগণের বেণুরব শ্রবণে শ্রীকৃষ্ণ আমাদিগের স্মৃতিপথে জাগরূক হইতেছেন) অপিচ শ্রীকৃষ্ণের ধ্বজাদি অসাধারণ চিহ্ন সম্পন্ন, কিম্বা নিখিল লাবণ্যের কারণীভূত লক্ষ্মীর বাসস্থান স্বরূপ, সর্ব্বত্র প্রকাশিত পদচিহ্ন সমূহে (১) তাঁহাকে বিস্মৃত হইতে পারিতেছি না। হায় হায়!! কি কষ্ট! যে হেতু তাঁহাকে পাইতেওছি না, ভুলিতেও পারিতেছি না; হায়! কি করিব? কোথায় যাইব ॥ ৪৯—৫০ ॥

অন্বয়ঃ।

(নন্বু তেষু দৃষ্টিমকৃত্বা কিম্বা বস্ত্রেণ নেত্রমাবৃত্য বুদ্ধ্যা মনোঽন্যত্র নীত্বা সর্ব্বং তদীয়ং বিস্মৃত্য স বিস্মর্য্যতাং তত্রাহুঃ—গত্যেতি)

হে (উদ্ধব) ললিতয়া (মনোহরয়া) গত্যা (গমনেন), উদারহাসলীলাবলোকনৈঃ (উদারহাসাশ্চ লীলয়া অবলোকনানিচ তৈঃ) মাধ্ব্যা (শব্দতোঽর্থতশ্চ মধুরয়া) গিরা (বাক্যেন) হৃতধিয়ঃ (এবং ত্রিবিধচেষ্টয়া হৃতবুদ্ধয়ঃ) তৎ (গত্যাদিকং তদীয়সৌহৃদং বা) কথং (কেনোপায়েন) বিস্মরাম (অপিতু ন কথমপীত্যর্থঃ, যদ্বা পুনরন্যো বা তদুপায় উপদিশ্যতামিত্যর্থঃ) ॥ ৫১ ॥

কিম্বা কথঞ্চিৎ প্রযত্নে তচ্চিন্তা পরিত্যক্ত হইলেও পুনর্ব্বার স্মরণ হেতু, পুনর্ব্বার তথাবিধ তচ্চিন্তা পরিত্যক্ত হইলেও পুনর্ব্বার স্মরণ হেতু এইরূপে বারম্বার। কিম্বা অবিরতই। (বৃহত্তোষণী)

(১) যদি বল—সেই সেই স্থানে অনুসন্ধান পর্য্যন্ত বল পূর্ব্বক ত্যাগ করিয়া তাহাকে বিস্মৃত হও, তাই বলিতেছেন—পদচিহ্ন সমূহে ইত্যাদি। (তোষণী)

* কথং তং বিস্মরামহে ইতি পাঠান্তরং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১) হে কৃষ্ণ! হে রমানাথ! ব্রজনাথার্ত্তিনাশন!।
মগ্নমুদ্ধর গোবিন্দ! গোকুলং বৃজিনার্ণবে (২) ॥ ৫২ ॥

(ততশ্চ অস্মাকং দুঃখং অস্যোপদেশাৎ নাপগচ্ছেদিতি তং উদ্ধবমপি অনাদৃত্য সমুত্থিততয়া মথুরাভিমুখীভবন্ত্যঃ সমুন্নতনাদেন স্বকান্তমেব সম্বোধয়ন্ত্যঃ সদৈন্যরোদনমাহুঃ—তত্রচ তস্য গোকুলপ্রিয়তাস্মরণেন গোকুল-দুঃখাসহনতয়া স্বদুঃখমপ্যনাদৃত্য গোকুলরক্ষামেব প্রার্থয়ন্তে—হে কৃষ্ণেতি)

হে কৃষ্ণ! (হে স্বতঃ পরমানন্দ-ঘনমূর্ত্তেঃ) হে রমানাথ! রমাপর্য্যন্ত-নাথ্যমানকৃপাদৃষ্টিতয়া পরমদুর্ল্লভ! কিম্বা হে রম!—হে কান্ত!) হে অনাথব্রজনাথ (ন বিদ্যতে ত্বাং বিনা নাথঃ অন্যঃ যস্য তস্য ব্রজস্য নাথ! হে) আর্ত্তিনাশন! (দুঃখনাশন! কিম্বা ব্রজনাথ! আর্ত্তিনাশন! গোবিন্দ! (হে গোকুলেন্দ্র! অতোঽধুনা) বৃজিনার্ণবে (দুঃখসমুদ্রে) মগ্নং গোকুলং (সর্ব্বান্ অত্রত্যান্ প্রাণিনঃ, বৃজিনার্ণবাদিতি পাঠে দুঃখসমুদ্রাৎ) উদ্ধর (সকৃন্নিজদর্শনেন সর্ব্বং দুঃখমপাস্য পুনর্জ্জীবয়ন্ সুখীকুর্ব্বিত্যর্থঃ)॥ ৫২ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

হে উদ্ধব! তং কথং বিস্মরামেতি ॥ ৫১—৫২ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

নন্বু তেষু দৃষ্টিমকৃত্বা বুদ্ধ্যা মনোঽন্যত্র নীত্বা সর্ব্বং তদীয়ং বিস্মৃত্যাসৌ বিস্মর্য্যতাং তত্রাহুঃ—গত্যেতি। দেহচেষ্টোপলক্ষিতা উদারহাসাশ্চ লীলয়াবলোকনানি চ তৈরিতি মাধুরীভির্ম্মনোভাববিশেষঃ, বহুত্বং তেষাং প্রত্যেকং পরম্পরয়া। মাধ্ব্যা শব্দতোঽর্থতশ্চ মধুরয়া এবং ত্রিধা হৃতবুদ্ধয়ঃ তদ্গত্যাদিকং তদীয়সৌহৃদং বা কথং কেনোপায়েন বিস্মরাম অপি তু কথমপি বিস্মর্ত্তুং নৈব শক্নুম ইত্যর্থঃ। তত্তৎস্মরণেন তস্যৈব স্ফূর্ত্যুৎপাদনাৎ "তমি"তি পাঠো বা ॥ ৫১ ॥

ততশ্চ প্রেমার্ত্তিভরোদয়েন শ্রীভগবন্তমেব সাক্ষাদিব সম্বোধ্যার্ত্তনাদেন প্ররুদত্য আহুঃ—হে কৃষ্ণেতি। স্বতঃ পরমানন্দঘনমূর্ত্তে! ন চানন্দপরিপূর্ণত্বাত্তক্তোপেক্ষাস্তীত্যাহুঃ—হে রমানাথ! লক্ষ্মীপতে ইতি। অত্যন্তার্ত্ত্যা পুনঃ পুনর্হেশব্দঃ, ন চ রমানাথত্বাদন্যজনোপেক্ষাস্তীত্যাহুঃ—ব্রজনাথ! হে ব্রজপালকেতি। যদ্বা হে রম! হে কান্ত! "রমঃ কান্তে রমা লক্ষ্ম্যাম্" ইত্যভিধানাৎ। হে অনাথব্রজনাথ! ন বিদ্যতে ত্বাং বিনা নাথোঽন্যো যস্য তস্য ব্রজস্য নাথ! তত্র চ কদাপি তব দীনজনোপেক্ষা নাস্ত্যেবেত্যাহুঃ—আর্ত্তিনাশনেতি। এতচ্চাম্বোদ্দেশেনোক্তম্, অতো দুঃখ-সমুদ্রে মগ্নং গোকুলং সর্ব্বানত্রত্যান্ প্রাণিন "উদ্ধর সকৃন্নিজদর্শনেন সর্ব্বং দুঃখমপাস্য পুনর্জ্জীবয়ন্ সুখীকুর্ব্বিত্যর্থঃ। তচ্চ তবাবশ্যকৃত্যমেবেত্যভিপ্রায়েণ সম্বোধয়ন্তি—গোবিন্দ! গোকুলেন্দ্রেতি। মগ্নমিত্যতীতনির্দ্দেশেনার্ণবরূপকেণ চ স্বতোঽপ্রতিকার্য্যতয়া মহাদৈন্যং সূচিতমিতি ॥ ৫২ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

নন্বু বস্ত্রেণ নেত্রমাবৃত্য বুদ্ধ্যা মনোঽন্যত্র নীত্বা সর্ব্বং তদীয়ং বিস্মৃত্য স বিস্মর্য্যতাং তত্রাহুঃ—গত্যেতি। অনয়া দেহচেষ্টামাত্রমুপলক্ষিতম্। উদারহাসশ্চ লীলাবলোকনানি চ তৈরিতি তদীয়ভাববিশেষঃ, বহুত্বং তেষাং প্রত্যেকং পরম্পরয়া। মাধ্ব্যা শব্দতোঽর্থতশ্চ মধুরয়া এবং ত্রিবিধচেষ্টয়া হৃতবুদ্ধয়ঃ। তদ্গত্যাদিকং তদীয়সৌহৃদং বা কথং কেনোপায়েন বিস্মরাম, অপি তু ন কথমপীত্যর্থঃ। যদ্বা পুনরন্যো বা তদুপায় উপদিশ্যতামিত্যর্থঃ ॥ ৫১ ॥

ততশ্চাস্মাকং দুঃখমস্যোপদেশান্নাপগচ্ছেদিতি তমুদ্ধবমপি অনাদৃত্য সমুত্থিততয়া মথুরাভিমুখীভবন্ত্যঃ সমুন্নতনাদেন স্বকান্তমেব সম্বোধয়ন্ত্যঃ সদৈন্যরোদনমাহুঃ—তত্র চ তস্য গোকুলপ্রিয়তাস্মরণেন গোকুলদুঃখাসহনতয়া স্বদুঃখমপ্যনাদৃত্য গোকুলরক্ষামেব প্রার্থয়ন্তে;—হে কৃষ্ণেতি। সর্ব্বতদীয়াদ্ভুতরূপ-গুণ-ক্রীড়া ক্রোড়ীকারিতয়া সন্ততং নিজান্তঃস্ফুরতা বিশেষ্যনাম্না প্রথমতঃ সম্বোধনং হে রমানাথেত্যাদিনা বিশেষেণ নামভিরিতি জ্ঞেয়ম্। হে কৃষ্ণেত্যত্র "হে নাথে"তি ক্বচিৎ পাঠঃ। প্রথমতঃ স্বীয়ভাবস্ফূর্ত্তিঃ, হে সর্ব্বাসামস্মাকমাসাং স্বামিন্নিত্যর্থঃ। হে রমানাথেতি রমাপর্য্যন্তনাথ্যমানকৃপাদৃষ্টিতয়া পরমদুর্ল্লভ! তত্র চ "তস্মান্মচ্ছরণং গোষ্ঠং মন্নাথ"মিত্যাদ্যনুসারেণ

(১) হে নাথ ইতি পাঠান্তরং।
(২) বৃজিনার্ণবাৎ ইতি পাঠান্তরং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রজস্য নাথঃ আর্ত্তিনাশনশ্চ সন্ নির্ব্বাহিত তাদৃশসঙ্কল্প! অতোঽধুনা তু দুঃখসমুদ্রে মগ্নং গোকুলং সর্ব্বান্ তত্র চ হে গোবিন্দেতি সম্বোধ্য গোকুলেন্দ্রতয়াভিষিক্তস্য তব গোবিন্দতাপালনার্থমপ্যবশ্যমেবেদং কৃত্যমিতি সূচিতবত্যঃ।

"স্বেষামাত্মবিয়োগার্ত্তিমপ্যবজ্ঞায় বল্লভাঃ।
ব্রজস্য হর্ত্তুং বৃষ্ণানা নিরস্তেৎ কথমচ্যুতঃ" ॥ ৫২ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৫১—৫২ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

কিঞ্চ গত্যাদিভির্হৃতা ধীর্যাসাং তা বয়ং কথং কৃষ্ণং বিস্মরামহে, ততশ্চ স্মারকৈলিঙ্গৈস্তৎস্মৃতিরবর্জ্জনীয়া, ততশ্চ দুঃখমপীতি ভাবঃ ॥ ৫১ ॥

ততশ্চেদং দুঃখং স এব ভগবান্ অপনুদতু ইতি প্রার্থয়ন্তে ;—তত্র বুদ্ধ্যাসন্নিধাপিতস্য ভগবতঃ সম্বোধনানি হে নাথেত্যাদীনি। ব্রজিনার্ণবে দুঃখাব্ধৌ মগ্নং গোকুলমুদ্ধর, নাহং শক্ত ইত্যত্র সম্বোধয়ন্তি ;—হে নাথেতি। ঈশ্বরস্য ন কিমপ্যশক্যমিতি ভাবঃ। নন্বীশ্বরো নিগৃহ্যাত্যপীত্যত আহুঃ—হে রমানাথেতি। "লক্ষ্ম্যা সহ হৃষীকেশো দেব্যা কারুণ্যরূপয়া। রক্ষকঃ সর্ব্বসিদ্ধান্ত" ইত্যুক্তরীত্যা কেবলকারুণ্যমূর্ত্ত্যা পুরুষকারভূতয়া লক্ষ্ম্যা নিত্যযুতস্য তবানুগ্রহ এবোচিত ইতি ভাবঃ। নন্বেবমপি কাংশ্চিন্নিগৃহ্নন্নেব দৃশ্যে ইত্যত্রাহুঃ—ব্রজনাথেতি। ব্রজস্বনুগৃহ্নন্নেব দৃশ্যসে ইত্যভিপ্রায়ঃ। তমেবাবিষ্কুর্ব্বন্তি ; —হে আর্ত্তিনাশনেতি "বিষজলাপ্যয়াৎ ব্যালরাক্ষসাদ্বর্ষমারুতাদ্বৈদ্যুতানলাদি"তি তত্তৎপ্রযুক্তপীড়াহারিত্বং বহুশো দৃষ্টমিতি ভাবঃ ॥ ৫২ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

উক্তমেব দ্রঢ়য়ন্তি—গত্যেতি ॥ ৫১ ॥
নিত্যং স্বজাপ্যং বিজ্ঞাপয়ন্তি ;—হে নাথেতি। ঐশ্বর্য্যমূর্ত্তে! রমায়াঃ অপি আশীঃপ্রদ! ব্রজনাথানাং গোপানাম্ আর্ত্তিনাশন! মগ্নং দুঃখার্ণবে ইতি শেষঃ। গবাং বিন্দো লাভো যস্মাৎ স তথা গোবিন্দ ইতি ॥ ৫২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবল্যাং
পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৫ ॥*

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৫১—৫২ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

কিঞ্চ বিস্মরণে হি মনোনিরোধঃ, সাধনং মনশ্চ অমলয়া বুদ্ধ্যা নিরুধ্যতে, সা বুদ্ধিঃ পূর্ব্বমেব ভগবতা হৃতেতি কোঽস্য উপায়ো বিস্মরণ ইতি পৃচ্ছন্ত্য ইবাহুঃ—গত্যেতি। বুদ্ধির্হি ত্রিবিধ গুণৈস্ত্রিবিধা তামপি বুদ্ধিং কায়বাঙ্মনোবিষয়াং ত্রিবিধা ধর্ম্মা হরন্তি, তত্র প্রথমং ভগবতঃ কায়িকচেষ্টয়া দেহবিষয়িণী বুদ্ধির্হৃতেত্যাহুঃ—ললিতয়া গত্যেতি। গতির্হি স্বয়ং গচ্ছন্তী বুদ্ধিমপি নয়তি, ললিতা তু সর্ব্বতো নিরোধেন নয়তি তদংশমনসো হরণাৎ, মনসো হরণে উপায়মাহুঃ—উদারহাসলীলাবলোকনৈরিতি। মনো হি সঙ্কল্পবিকল্পাত্মকং তত্র সঙ্কল্পাংশং ভগবতো হাসো নিবারয়তি মোহাত্মকত্বাৎ, সঙ্কল্পসাধনরূপং সুখং চ বহুধা প্রযচ্ছতীতি ফলেনাপি ন সঙ্কল্পঃ সাধয়িতুং শক্যতে তদাহুঃ,—উদারেতি।

ভ্রান্তো হি বিকল্পাৎ করোতি তন্নিবৃত্ত্যর্থং চ লীলাবলোকনানি জ্ঞানাত্মকত্বাদবলোকনস্য বিকল্পং নাশয়ত্যেব তত্রাপি ফলাভাবাৎ জ্ঞানং দুর্ব্বলং ভবেৎ তন্নিষেধার্থং লীলেতি স্বতঃ পুরুষার্থমিত্যর্থঃ। বাক্প্রধানস্তু গীর্হরতি সজাতীয়হারিণী স্ত্রী স্ত্রিয়ং চেৎ হরেৎ ন কোঽপি প্রতিবন্ধকো ভবতি। তত্রাপি ফলরূপত্বায় মাধ্ব্যেতি এবং লোকপ্রসিদ্ধ-প্রকারেণ বিস্মরণাসম্ভবাৎ তৎ কথং প্রবৃত্তিঃ সম্ভবতি অতো ভগবদুক্তং জ্ঞানং পূর্ব্বার্থবিস্মরণে ভবতীতি অশক্যমেবোপদিষ্টবান্ ॥ ৫১ ॥

এব লৌকিক-প্রকারেণ বৈদিকপ্রকারেণ চ বয়ং সর্ব্বথা দুঃখ-

* শ্রীমদ্বিজয়ধ্বজমতে ইত্যধ্যায়সমাপ্তিঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাগরান্ন নিস্তীর্ণা ভবিষ্যাম ইত্যাহুঃ—হে নাথেতি। প্রমেয়-বলাদেবোদ্ধর্ত্তব্যাঃ নতু প্রমাণবলেন তথা করণে আবশ্যকো হেতুঃ, তথাত্বং। নন্বচ্যুতোঽহমসঙ্গোঽহং চ অতো মনাপ্যশক্যো রমণেনৈব ভবতীনামুদ্ধারো ভবতীতি চেত্তত্রাহুঃ—হে রমানাথেতি। স্মরণৈক-স্বভাবা হি সা উত্তরোত্তরং বর্দ্ধমানা নিত্যা চ তস্মাত্ত্বং নাথ ইতি সর্ব্বজনীনং সাপ্যস্মৎপ্রকারেণৈব সাধ্যা ভবতি লক্ষ্মীত্বাদেব ন পোষণাদিকমপেক্ষ্যতে। নন্বু তদাবশ্যকমিতি কথঞ্চিন্নির্ব্বাহ্যত ইতি চেত্তত্রাহুঃ—ব্রজনাথেতি। যথা ত্বং লক্ষ্মীপতিঃ সর্ব্বজনীনঃ এবং ব্রজপতিরিতি লক্ষ্মীব্রজয়োস্তুল্যত্বাদ্দোষগুণাস্তুল্যা ইতি ভাবঃ।

নন্বু সাপ্যাশক্যা চেৎ ত্যাজ্যত এবেতি কোঽয়ং দৃষ্টান্ত ইতি চেত্তত্রাহুঃ—আর্ত্তিনাশনেতি। হরিত্বম্ আর্ত্তিং নাশয়ন্তেব কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যাৎ,আর্ত্তিং তু নাশয় অন্যথা হরিত্বমেব ন স্যাদতঃ স্বরূপরক্ষার্থ-মেতদবশ্যং কর্ত্তব্যং। কিঞ্চ ইদং হি সর্ব্বমেব গোকুলং দুঃখসমুদ্রে নিমগ্নং তদুদ্ধর পূর্ব্বং হ্যেকো গজঃ সোঽপি পুষ্করিণ্যামর্দ্ধনিমগ্ন এব স্থিতঃ সোঽপি দয়য়া চেদুদ্ধৃতঃ কিমস্মাদুদ্ধারে দয়ায়া বিলম্বো ভবেৎ, মগ্নোদ্ধারে ত্বমেব সমর্থঃ যথা মন্দরোদ্ধারে। নন্বু তেঽস্মদ্বাক্যাৎ প্রবৃত্তা ইতি তদর্থমুদ্ধৃতাঃ ভবত্যস্তু নাস্মদ্বাক্যাৎ প্রবৃত্তা ইতি চেত্তত্রাহুঃ—গোবিন্দেতি। ত্বং হ্যস্মদিন্দ্রত্বেন সর্ব্বৈরভিষিক্তঃ, অতো "যাবদধি-কারত্বাদাধিকারিকারিক"মিতি ন্যায়েন যাবদ্গোকুলং জীবিষ্যতি তাবদস্য রক্ষা ভবত আবশ্যকী, অন্যথা প্রমাণবলং ত্বয়ৈব নাশিতং স্যাৎ, পূর্ব্বমপি মৎস্যাদিভাবেন বেদা উদ্ধৃতাঃ, তথা গোবিন্দভাবেন বয়মপ্যুদ্ধর্ত্তব্যাঃ নতূদ্ধবেন,তথা সতি জঘন্যতাপত্তিরিতি ভাবঃ॥ ৫২॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

নন্বু তর্হি সরিদাদিষু কুত্রাপ্যগত্বা বস্ত্রেণ নেত্রমাবৃত্য ধিয়া মনোঽন্যত্র নীত্বা স বিস্মর্য্যতাং, তত্রাস্মাকং ধীর্নাস্ত্যেব তেনৈব হৃতত্বাদিত্যাহুঃ—গত্যেতি। মাধ্ব্যা মধুরয়া। হে উদ্ধব!॥ ৫১॥

ততশ্চোদ্ধবমপ্যনাদৃত্য পরমার্ত্ত্যা মথুরাভিমুখীভবন্ত্যঃ কৃষ্ণাভি-মুখেনৈব সম্বোধয়ন্ত্যঃ সদৈন্যরোদনমাহুঃ—হে কৃষ্ণ! অযোগ্যানামপ্য স্মাকং চিত্তাকর্ষক! হে রমানাথ! রময়াপি নাথ্যমানাদ্ভুতমাধুর্য্য-রসবিলাসাদিমহাসম্পত্তে! হে ব্রজনাথ! ব্রজস্থাং নাথতি, হে আর্ত্তি-নাশন! পূর্ব্বং গোবর্দ্ধনং ধৃত্বা ইন্দ্রকৃতামার্ত্তিমনাশয়ৎ ভবানিত্যর্থঃ। সম্প্রতি তু ত্বদ্বিরহাদেব সর্ব্বতোঽপ্যধিকে বৃজিনস্যার্ণব এব অস্ত খো বা নশ্যদেব গোকুলং স্বয়মেবাগত্যোদ্ধর। হে গোবিন্দ! স্বপালিতচরীঃ স্বীয়গবীর্ব্বিন্দস্ব, অলং দূত-প্রস্থাপনয়েতি ভাবঃ॥ ৫২॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত বৈষ্ণবানন্দিনী।

নন্বু যাবদসৌ নাগচ্ছেত্তাবৎ সরিচ্ছৈলাদিভ্যো ধীরন্যত্র নেতব্যা ততস্তদ্বিস্মৃতির্ভবেদিতি চেত্তত্রাহুর্গত্যেতি। মাধ্ব্যা অতিমধুরয়া। অস্মাকং ধীস্তত্রৈব লগ্নাস্তি ততঃ কথং তদ্বিস্মৃতিঃ॥ ৫১॥

এবমুক্ত্বা কৃষ্ণ-স্মৃতিবিবশাস্তমুদ্দেশেনৈব সর্ব্বাঃ সম্বোধয়ন্ত্যঃ সদৈন্যরোদনমাহুঃ—হে কৃষ্ণ অস্মচ্চিত্তাকর্ষিন্!, হে রমানাথ! লক্ষ্মী-প্রার্থ্যমানদিব্যরূপ!, হে ব্রজনাথ! গোকুলজন-প্রার্থ্যমান!, হে আর্ত্তি-নাশন! নাশিতেন্দ্রকৃতমহার্ত্তিক! সম্প্রতি ত্বদ্বিরহহেতুকে বৃজিনার্ণবে মগ্নং গোকুলং স্বয়মাগত্যোদ্ধর, কিং দূতপ্রেষণেন? হে গোবিন্দ! স্বপালিতা গা বিন্দস্বেত্যর্থঃ॥ ৫২॥

শ্রীমদ্ধনপতিসূরিকৃত-ভাগবতগূঢ়ার্থদীপিকা।

কিঞ্চ বুদ্ধ্যা বিস্মরণসাধনং মনোনিরোধঃ সম্পাদ্যতে ইত্যবিবাদ-মস্মাকং সা ভগবতা পূর্ব্বমেব হৃতাতোঽস্মাভিস্তদ্বিস্মরণে ক উপায় আশ্রয়ণীয় ইত্যাশয়েনাহুঃ—গত্যেতি। মহত্যা সেনয়া হৃতাস্মাকং বুদ্ধিঃ পুনঃ সমানেতুমশক্যেতি জ্ঞাপনার্থং গত্যেত্যাদি। গতৌ ললিতত্বং, হাসে উদারত্বম্, অবলোকনেষু লীলাপূর্ব্বকত্বং, গিরি মধুরত্বমিত্যুক্ত্বা যথোক্তবিশেষণবিশিষ্ট-গত্যাদীনাং কুত্রাপ্যনুপলম্ভাৎ তদ্গত্যাদীনাং প্রাবল্যং বোধিতং। তথা চ ভগবান্ দূতবুদ্ধিত্বাদস্মান্ বিস্মরতু নাম বয়ন্তু হৃতধিয়ঃ তদীয়ং গত্যাদিকং কথং বিস্মরামহে তন্ন সম্ভবতী-ত্যর্থঃ। ত্বং তদুপায়ং জানাসি চেত্তর্হি বদেতি প্রশ্নো বা যদা "অনুস্মরন্তো মাং নিত্যমচিরান্মামুপৈষ্যথে"তি ভগবৎসন্দেশোত্তরত্বেন বিস্মরণাশক্তি-প্রতিপাদনপরো গ্রন্থো যোজনীয়স্তথা চৈবম্বিধস্মরণ-গতীনামস্মাকং প্রবৃত্ত-প্রবর্ত্তনরূপোঽয়মুপদেশঃ তাদৃশস্মরণে সত্যপ্য-দ্যাপি তস্যালাভাদযথার্থশ্চেতি ভাবঃ॥ ৫১॥

এবং বর্ণয়ন্ত্যঃ স্ব-দুঃখনিবৃত্তাবুপায়মপশ্যন্ত্যঃ সাক্রোশং তদেব প্রার্থয়ন্তি—হে নাথেতি। গোকুলবাসিগোপিকাজনং ত্বদ্বিরহজনিত-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুঃখসাগরে নিমগ্নং স্বোদ্ধারাশক্তং ত্বমেব দুঃখসমুদ্রাদুদ্ধর, অত্রত্যতৃণ-পর্ণাদয়োঽপি ত্বদ্বিরহজনিতবৃজিনার্ণবে নিমগ্না ইতি জ্ঞাপয়িতুং গোকুলমিত্যুক্তম্। অতস্ত্বমেব সর্ব্বস্য নাথঃ স্বামী যথা গজেন্দ্র-মন্দরাচলাদয়স্তয়োদ্ধৃতাস্তথা স্বাম্যত্বাবিশেষাদ্গোকুলমপ্যুদ্ধরেত্যা-শয়েনাহুঃ হে রমানাথেতি। তত্র তত্তদ্ভোগমোক্ষাদিনিরপেক্ষ-ত্বাদেকস্মরণস্বিভাবা রমা যথা সর্ব্বদা স্বসম্প্রদানেনানুগৃহ্যতে তথানু-গ্রহাকাঙ্ক্ষাবত্যো বয়মিতি ভাবঃ।

নন্থ রমানাথত্বেন বিশেষতঃ প্রসিদ্ধত্বাত্তন্মনোরথং পূরয়ামীতি চেত্তত্রাহুর্হে ব্রজনাথেতি। তথা চ বিশেষতো ব্রজনাথত্বেনাপি প্রসিদ্ধত্বং তদ্দুঃখং কিমিতি নাপকরোষীতি ভাবঃ। কিঞ্চ স্বীয়ানাং সর্ব্বেষাং দুঃখাপহারকত্বাদ্ধরিঃ সর্ব্বার্ত্তিনাশনত্বং স্বস্বরূপরক্ষণার্থমস্ম-দার্ত্তিং নাশয় ইত্যাশয়েন সম্বোধয়ন্তি ;—হে আর্ত্তিনাশনেতি। কিঞ্চ গোকুলরক্ষণেন গোবিন্দাখ্যাং প্রাপ্তবতস্তব তদরক্ষণং নোচিতমিত্যা-শয়েনাহুঃ—হে গোবিন্দেতি। যদ্বা মহেন্দ্রভয়াদ্রক্ষিতং গোকুলং স্বভয়ে কিমর্থং নিমজ্জয়সীতি সম্বোধনাশয়ঃ। যদ্বা পূর্ব্বং মৎস্যরূপেণ গোকুলং, স্বভয়ে কিমর্থং শ্রুতিসমুদায়ং যথোদ্ধৃতবাংস্তেন চ গোবিন্দ-নাম লব্ধবান্ তদ্বৎ বর্ত্তমানগোকুলোদ্ধারোঽপ্যুচিত ইতি অতঃ সর্ব্বথাপ্যস্য দুঃখনিবর্ত্তকত্বমেব তবোচিতমিত্যর্থঃ ॥ ৫২ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

তৎ পরং ব্রহ্ম মিত্রং বা শ্রীকৃষ্ণং হে উদ্ধব! কথং বিস্মরাম ॥ ৫১—৫২ ॥

বঙ্গানুবাদ।

যদি বল—বস্ত্র দ্বারা স্ব স্ব নেত্রযুগল আবরণ করিয়া বুদ্ধি দ্বারা অপর বিষয়ে মনোনিবেশপূর্ব্বক শ্রীকৃষ্ণের সকল বিষয় ভুলিয়া তাঁহাকে বিস্মৃত হও ; তাহাই বলিতেছেন ;—(১)

হে উদ্ধব! "মনোহর গমন, (২) মনোজ্ঞ হাস্য-লীলা দ্বারা অবলোকন (৩) মধুর বাক্য" (৪) এই ত্রিবিধ চেষ্টা দ্বারা শ্রীকৃষ্ণ আমাদের বুদ্ধি হরণ করিয়াছেন ; সুতরাং সেই গমন প্রভৃতি, অথবা শ্রীকৃষ্ণের সৌহার্দ্দ্য কি উপায়ে ভুলিয়া যাইব, (অর্থাৎ কোন মতেই ভুলিতে পারিব না ; কারণ তত্তদ্বিষয় স্মরণ দ্বারা তাঁহারই স্মৃতি উৎপন্ন হইয়া থাকে, অথবা) পুনর্ব্বার অন্য কোনও তদ্বিস্মরণোপায় উপদেশ প্রদান কর ॥ ৫১ ॥

হে রাজন্! তাহার পর শ্রীব্রজদেবীগণ মনে মনে ভাবিলেন—হায়! আমাদের দুঃখ, ইহার উপদেশে নিবৃত্ত হইবে না ; সুতরাং তাঁহারা শ্রীউদ্ধবমহাশয়কেও অনাদর পূর্ব্বক গাত্রোত্থান করিয়া এবং মথুরাভিমুখী হইয়া উচ্চধ্বনি সহকারে স্বীয় কান্তকেই সম্বোধন করিয়া দৈন্যের সহিত রোদন করিতে লাগিলেন ;—তাহাতেও তাঁহার গোকুলের প্রিয়তা-স্মরণ ও গোকুলের দুঃখ অসহিষ্ণুতাদ্বারা স্বীয় দুঃখকেও অনাদর করিয়া গোকুলের রক্ষাই প্রার্থনা করিতেছেন ;—

হে কৃষ্ণ! (৫) হে রমা-নাথ! (৬) হে ব্রজ-নাথ! (৭)

---

(১) কিম্বা যদি বল—তাহা হইলে নদী প্রভৃতিতে কোথাও না যাইয়া বস্ত্র দ্বারা নয়নদ্বয় আবরণ পূর্ব্বক বুদ্ধি দ্বারা অন্য বিষয়ে মনোনিবেশ করিয়া তাঁহাকে ভুলিয়া যাও? তাহাতে আমাদের বুদ্ধি নাই যেহেতু শ্রীকৃষ্ণ আমাদের বুদ্ধি হরণ করিয়াছেন। ইহাতেই বলিতেছেন—হে উদ্ধব ইত্যাদি। (চক্রবর্ত্তী)

(২) "মনোহর গমন" ইহা দ্বারা দেহ-চেষ্টামাত্র উপলক্ষিত হইয়াছে।

(৩) "অবলোকন" ইহা দ্বারা তদীয় মনের ভাববিশেষ অভিব্যক্ত হইয়াছে।

(৪) মধুর বাক্য অর্থাৎ শব্দদ্বারা ও অর্থদ্বারা মধুরবাক্য।

(৫) অর্থাৎ হে স্বভাবতঃ পরমানন্দ ঘনমূর্ত্তে!

(৬) তুমি সর্ব্বানন্দ পরিপূর্ণ হইলেও ভক্তের প্রতি তোমার উপেক্ষা নাই ; ইহাই বলিতেছেন—

"হে রমানাথ" অর্থাৎ হে লক্ষ্মীপতে! রমা কর্ত্তৃক পর্য্যন্ত যাচ্যমান কৃপাদৃষ্টি হেতু তুমি পরম দুর্ল্লভ অর্থাৎ অন্য জীবের কথা দূরে থাকুক্ লক্ষ্মী পর্য্যন্তও যে তোমার কৃপাদৃষ্টি প্রার্থনা করিতেছে।

কিম্বা—হে রম! অর্থাৎ হে কান্ত! এবং "হে অনাথ-ব্রজনাথ—" অনাথ অর্থাৎ তুমি ভিন্ন অপর নাথ নাই যাহার যাদৃশ ব্রজের নাথ।

(৭) তুমি রমানাথ হইলেও অন্য জনের প্রতি তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুক উবাচ—

ততস্তাঃ কৃষ্ণসন্দেশৈর্ব্ব্যপেতবিরহজ্বরাঃ।
উদ্ধবং পূজয়াঞ্চক্রুর্জ্ঞাত্বাত্মানমধোক্ষজম্ ॥ ৫৩ ॥

হে আর্ত্তিনাশন! (১) হে গোবিন্দ! (২) অধুনা দুঃখ-সাগরে নিমগ্ন এই গোকুলকে (৩) দুঃখ-সমুদ্র হইতে রক্ষা কর অর্থাৎ একবার নিজ দর্শন-দানে সকল দুঃখ দূরীভূত করিয়া পুনরায় জীবিত করিয়া সুখী কর ॥ ৫২ ॥

উপেক্ষা নাই; ইহাই বলিতেছেন—হে ব্রজনাথ! অর্থাৎ হে ব্রজপালক!

(১) তুমি ব্রজের নাথ হইলেও দীনজনের প্রতি তোমার কখনও উপেক্ষা নাই; ইহাই বলিতেছেন—আর্ত্তিনাশন! এই সম্বোধনটি আপনাদিগের প্রতি উপলক্ষ করিয়াই বলিয়াছেন। (বৃহত্তোষণী)

অথবা হে ব্রজ-নাথার্ত্তি নাশন! অর্থাৎ ব্রজনাথগণের আর্ত্তি-নাশন।

(২) হে গোকুলেন্দ্র! অর্থাৎ তুমি গোকুলের ইন্দ্রত্বরূপে অভিষিক্ত হইয়াছ; সুতরাং গোধন-পালনার্থ এই গোকুল রক্ষা করিতে হইবে। (তোষণী)

(৩) গোকুলকে অর্থাৎ গোকুলস্থ সর্ব্ব প্রাণিগণকে।

শ্রীচক্রবর্ত্তি মহাশয়ের ব্যাখ্যা যথা;—

অনন্তর উদ্ধবকেও অনাদর পূর্ব্বক অত্যন্ত দুঃখভরে মথুরাভিমুখী হইয়া কৃষ্ণাভিমুখ দ্বারাই সম্বোধন করিয়া দৈন্য সহকারে রোদন করিতে বলিতে লাগিলেন—

হে কৃষ্ণ! আমরা অযোগ্যা হইলেও তুমি আমাদিগের চিত্তাকর্ষক। হে রমানাথ! অর্থাৎ তুমি রমাকর্ত্তৃক প্রার্থ্যমান অদ্ভুত মাধুর্য্যরস বিলাদির মহাসম্পত্তি স্বরূপ হইয়াছ। হে ব্রজনাথ! ব্রজবাসিজন সকল তোমাকে প্রার্থনা করিতেছে। হে আর্ত্তিনাশন! তুমি পূর্ব্বে গোবর্দ্ধন ধারণ পূর্ব্বক ইন্দ্রকৃত দুঃখ নাশ করিয়াছিলে, কিন্তু সম্প্রতি তোমার বিরহেই সর্ব্বাপেক্ষা সমধিক দুঃখসাগরেই অদ্য কিম্বা কল্য এ গোকুল নষ্ট হইবে; অতএব তুমি স্বয়ংই এখানে আগমন পূর্ব্বক এই গোকুলকে রক্ষা কর। হে গোবিন্দ! স্বীয় পালিত গাভি সকল গ্রহণ কর; দূতপ্রস্থাপনের দ্বারা কি হইবে? (চক্রবর্ত্তী)

অন্বয়ঃ।

শ্রীশুক উবাচ—

(ততশ্চ তাসু দুঃখেন আশামপি শিথিলয়িত্বা মর্ত্তুমুদ্যতাসু অন্যানপ্যতিরহস্যান্ সন্দেশানুক্ত্বা উদ্ধবস্তা আনন্দয়ামাস ইত্যাহ—ততস্তা ইতি)

ততঃ (তস্মাদ্বিলাপাদেঃ পশ্চাদিতি ক্ষণং নিশ্চেষ্টতয়া নিপত্য বৃত্তানাং তাসাং অথ কথঞ্চিদ্ধৈর্য্যতঃ কিঞ্চিৎস্বস্থতায়াং সত্যামিত্যর্থঃ) কৃষ্ণসন্দেশৈঃ (কৃষ্ণস্য পরমাকর্ষকস্য সন্দেশৈঃ) ব্যপেতবিরহজ্বরাঃ (ব্যপেতঃ—বিশেষেণ নিবৃত্তঃ বিরহজ্বরঃ—বিরহোত্থজ্বরঃ মহাসন্তাপঃ নতু তৎপ্রাপ্ত্যৈকনাশ্যঃ বিরহঃ যাসাং তাদৃশ্যঃ) তাঃ (গোপ্যঃ, যস্যাত্মনো জ্ঞানং সন্দিষ্টং তং) আত্মানং অধোক্ষজং (শ্রীকৃষ্ণমেব) জ্ঞাত্বা (মত্বা নতু অন্যং, কিম্বা অধোক্ষজং—ইন্দ্রিয়জ্ঞানাগোচরমপি ভগবন্তং, কিম্বা শকটাক্ষাধোমহাসঙ্কটাৎ পুনর্জাতমিব শ্রীব্রজেন্দ্রনন্দনং; আত্মানং—উক্তপ্রকারেণ সদা সর্ব্বথা স্বব্যাপকং জ্ঞাত্বা, কিম্বা কৃষ্ণসন্দেশৈঃ অধোক্ষজং আত্মানং জ্ঞাত্বা কিম্বা আত্মানং—প্রিয়ং অধোক্ষজং—ব্রজরাজকুমারং জ্ঞাত্বা) উদ্ধবং (তাদৃশসন্দেশপ্রাপণাদিনা সাক্ষাদুৎসবরূপং ভাগবতপ্রবরং) পূজয়াঞ্চক্রুঃ (শ্লাঘাদিনা সম্মানিতবত্যঃ, তস্য প্রীত্যর্থং কিম্বা তচ্ছ্রবণেন শ্রীকৃষ্ণস্য সুখার্থং শোকশান্ত্যর্থং ইত্যর্থঃ) ॥ ৫৩ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

শ্রীকৃষ্ণমধোক্ষজং জ্ঞাত্বা তঞ্চ স্বাত্মানং জ্ঞাত্বা ॥ ৫৩ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

ততঃ তস্মাদ্বিলাপাদেঃ পশ্চাদিতি ক্ষণং নিশ্চেষ্টতয়া নিপত্য বৃত্তানাং তাসামথ কথঞ্চিদ্ধৈর্য্যতঃ কিঞ্চিৎ স্বস্থতায়াং সত্যামিত্যর্থঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃষ্ণস্য পরমাকর্ষকস্য সন্দেশৈরিতি তৎসন্দেশানামপি চিত্তাদ্যাকর্ষকত্বমভিপ্রেতম্, অত এব অধোক্ষজমিন্দ্রিয়জ্ঞানাগোচরমপি ভগবন্তং কিম্বা শকটাক্ষাধোমহাসঙ্কটাৎ পুনর্জাতমিব শ্রীব্রজেন্দ্রনন্দনং আত্মানং উক্ত-প্রকারেণ সদা সর্ব্বথা স্বব্যাপকং জ্ঞাত্বা বিশ্রামরূপেণাপেতো বিরহস্য জ্বরঃ বাহ্যাভ্যন্তরতাপোদ্রেকো যাসাং তথাভূতাঃ সত্যঃ উদ্ধবং তাদৃশসন্দেশ-প্রাপণাদিনা সাক্ষাদুৎসবরূপং ভাগবত-প্রবরং পূজয়াঞ্চক্রুঃ শ্লাঘাদিনা সম্মানিতবত্যঃ তস্য প্রীত্যর্থং। কিম্বা তচ্ছ্রবণেন শ্রীকৃষ্ণস্য সুখার্থং শোকশান্ত্যর্থং।

যদ্বা ব্যপেতবিরহজ্বরা এব সত্য অধোক্ষজমাত্মানং জ্ঞাত্বেতি যোজ্যং তাদৃশজ্ঞানাসম্ভবাৎ, এতচ্চ শ্রীপরীক্ষিচ্চিত্তসমাধানার্থমুক্তম্। অথবা আত্মানং প্রিয়ম্ অধোক্ষজং ব্রজরাজ-কুমারং কৃষ্ণস্য তস্যৈব সন্দেশৈঃ "ভবতীনাং বিয়োগো মে" ইত্যাদিলক্ষণৈর্জ্ঞাত্বা অধুনা অত্রৈব গণ্ডেমেতি বিজ্ঞায়েত্যর্থঃ। অত এব ব্যপেত-বিরহজ্বরা উদ্ধবং সম্মানিতবত্যঃ ॥ ৫৩ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

অতঃ পুনরপি তাসাং বৈরাগ্যং দৃষ্ট্বা কথিতৈ"র্ভবতীনাং বিয়োগো মে"ইত্যাদিকৈঃ "ময্যাবেশ্য মনঃ কৃষ্ণ" ইত্যাদ্যন্তৈর্ম্মহামন্ত্রৈরিব কৃষ্ণসন্দেশৈর্ব্ব্যপেতো বিরহোত্থজ্বরো মহাসন্তাপো ন তু তৎপ্রাপ্ত্যৈকনাশ্যো বিরহো যাসাং তাদৃশ্যঃ সত্যঃ সম্প্রত্যেবোদ্ধবং যথা স্বাবস্থামাতিথ্যোচিতং পূজয়াঞ্চক্রুরিতি পূর্ব্বমারব্ধাপি পূজা দুঃখেন বিতথা জাতেত্যধুনা তু বিশেষেণৈবেত্যর্থঃ। নন্থ সন্দেশ-মাত্রেণ কথং ব্যপেতবিরহজ্বরত্বং তত্রাহ—জ্ঞাত্বেতি।

তত্র প্রথমার্থে যস্যাত্মনো জ্ঞানং সন্দিষ্টং তমাত্মানমধোক্ষজং শ্রীকৃষ্ণমেব মত্বা নত্বন্যম্। তত্রায়মভিপ্রায়ঃ ;—"অনুবাদমনুক্ত্বা তু ন বিধেয়মুদীরয়েদি"তি ন্যায়াদত্র তদুপদেশাৎ জ্ঞাতত্বেন তস্যাত্মত্বমনূদ্য পুনরধোক্ষজাপরপর্য্যায়-শ্রীকৃষ্ণত্বমেবাভিধীয়তে। তত্রাত্মশব্দেন সর্ব্বাত্মোচ্যতে।

অধোক্ষজশব্দেন রূঢ়িবৃত্ত্যা প্রসঙ্গ-সঙ্গত্যা চ শ্রীকৃষ্ণ এব প্রতিপাদ্যতে। তত্রৈব যোগবৃত্ত্যা সর্ব্বেন্দ্রিয়াধিকারিত্বঞ্চ তত্র চ সতি ময়া সর্ব্বাত্মনেতি যৎ পূর্ব্বমুপদিষ্টং তৎ খলু লক্ষণয়া নির্ব্বিশেষ-স্বরূপত্বেনৈবেত্যবিদ্যাবাদিনঃ। পরমবিশেষবৎ পরমস্বরূপত্বেনৈবেত্যচিন্ত্যশক্তিবাদিনঃ। তাদৃশবিশেষবত্ত্বেঽপি মে ময়েত্যুক্তেঃ কৃষ্ণতয়া বিলক্ষণেনেতি প্রকরণার্থদর্শিনঃ। তথৈব হি "কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনা"মিত্যাদৌ স্বাভাবিকপরমপ্রেমাস্পদত্বোচিতং সর্ব্বাত্মত্বং স্থাপয়িত্বা "দেহীবাভাতি মায়য়ে"ত্যত্র দেহি-শব্দোক্তজীবত্বং নিষিদ্ধমিতি তত্র ব্যাখ্যাতমেব।

তত্র যদ্যপি গোবর্দ্ধনমথ-প্রবর্ত্তনায় কর্ম্মবাদাদিবদভীষ্টমপ্যত্র প্রথমার্থে পরমরহস্যোত্তরার্থদ্বয়াচ্ছাদনায় স্বস্মাদুপরততয়া বিরহসন্তাপনয়কালক্ষপণায় চ শ্রীভগবতা নির্ব্বিশেষত্বমেব প্রতিপাদিতং প্রথমতস্তাভিরপ্যপেক্ষিতম্। তথাপি পুনস্তাভিস্তচ্ছ্রবণাদ্বিলক্ষণস্বরতি-স্বভাব্যেন শ্রীকৃষ্ণস্যৈব সদা সর্ব্বত্র স্ফুরণাৎ নিজসর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকত্বেনাভিগমাচ্চ। তত্র শ্রীকৃষ্ণত্বমেব পর্য্যবসায্যতে স্ম। তদেবাস্মাভিরপ্যনূদ্য বিধেয়য়োরাত্মাধোক্ষজশব্দয়োঃ ক্রমবলাদ্দৃশ্যতে, অন্যথা অদ্বৈতাবেশে সতি পূজ্য-পূজকত্বানুসন্ধানাৎ তাভিরুদ্ধবস্য পূজনং ন প্রসজ্জতে চেতি।

দ্বিতীয়েঽর্থে। যথাসৌ অস্মান্ সদানুভবতি তথা বয়মপি তমিত্যবিনাভাবস্ফূর্ত্তেরাত্মানমধোক্ষজতাদাত্ম্যাপন্নং মত্বেতি ব্যাখ্যেয়ম্। তৃতীয়েঽর্থে। যথা তেন সন্দিষ্টং তথৈবাত্মানমধোক্ষজং মত্বেত্যর্থঃ। "ময্যাবেশ্য মনঃ কৃষ্ণে" ইতি। চতুর্থপক্ষে তু। যথা কৃষ্ণেনাদিষ্টং তথাত্মানমচিরাৎ কৃষ্ণং প্রাপ্স্যন্তং তথৈবাধোক্ষজঞ্চ কৃষ্ণমচিরাৎ স্বং প্রাপয়িষ্যন্তং জ্ঞাত্বা নিশ্চিত্যেত্যর্থঃ। চ শব্দং বিনাপি তদর্থঃ স্বয়ং গম্যতে। "ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবা"নিতিবৎ। কিন্তু

ততস্তাঃ কৃষ্ণ-সন্দেশৈর্জ্ঞাত্বাত্মানমধোক্ষজম্।
ব্যপেতবিরহজ্বরা পূজয়াঞ্চক্রুরুদ্ধবং ॥

ইতি ক্রমং অকৃত্বা যদুদ্ধবমিত্যাদ্যনন্তরং জ্ঞাত্বা আত্মানমধোক্ষজমিতি পঠিতম্, তৎ খলু যথা শ্রীনন্দস্য গর্গদর্শনে "তং দৃষ্ট্বে"ত্যাদাবা"নর্চ্চাধোক্ষজধিয়া" ইতি, তথোদ্ধবদর্শনে "বাসুদেবধিয়ার্চ্চয়"দিত্যাতিথ্যতোচিতা তথৈব সঙ্গচ্ছতে, যদত্রাপি বিশেষণদ্বয়েন তাসাং তত্র পরমাত্মদৃষ্টিরেব নির্দ্দিষ্টেতি ॥ ৫৩ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৫৩ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

তত ইতি। গোপ্যঃ কৃষ্ণসন্দেশৈর্ব্ব্যপেতো বিরহজ্বরো যাসাং তা অধোক্ষজং শ্রীকৃষ্ণমাত্মানং সর্ব্বান্তরাত্মানং জ্ঞাত্বা কৃষ্ণ-সন্দেশৈ-রধোক্ষজমাত্মানং জ্ঞাত্বা ব্যপেতো বিরহজ্বরো যাভিস্তা ইতি বা উদ্ধবং পূজয়ামাসুঃ॥ ৫৩॥

---

* শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

ভক্তিমেব নিরূপয়ত্যস্মিন্নধ্যায়ে, তত্রাদৌ গোপ্যঃ উদ্ধবং কৃষ্ণবুদ্ধ্যা পূজয়ন্তি স্মেত্যাহ—শুক ইতি॥ ১॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

তত ইতি। যথা তেন সন্দিষ্টং তথাত্মানমধোক্ষজং জ্ঞাত্বেত্যর্থঃ॥৫৩

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

এবং তাসাং বিলাপং শ্রুত্বা পুনস্তমেবার্থমুপদিষ্টবানিত্যাহ—তত ইতি। তদনন্তরমপি কৃষ্ণসন্দেশৈঃ বিশেষেণ অপেতঃ বিরহজ্বরঃ যাসাম্, এতৎসর্ব্বং ভগবদ্ভক্তার্থাজ্ঞানাদ্ভবতি, বিয়োগে হি সতি দুঃখং, চিন্তা উদ্ধরণাদিকং ন হি বিস্মৃতকণ্ঠচামীকরস্য চামীকরস্মারণাদতি-রিক্তং দুঃখবিস্মারকং সাধনমস্তি, অতঃ প্রথমোপদেশেন অভিপ্রায়ঃ সিদ্ধঃ, ভগবতি দোষবুদ্ধির্নিবৃত্তা ততো নির্দ্দিষ্টানাং ভাবঃ পুনর্ব্বর্ণিতঃ, সোঽপি পদার্থঃ পুনরুপদেশস্মারণেন নিবর্ত্তিতঃ, তদা ভগবতি আত্মত্বং জ্ঞাতমিত্যাহ—ততঃ কৃষ্ণসন্দেশৈঃ কৃত্বা বিশেষেণ অপেত-বিরহজ্বরাঃ জ্বরাভাবে দৃষ্টমেব দ্বারং জাতমিত্যাহ—অধোক্ষজমাত্মানং জ্ঞাত্বেতি। স্বাত্মৈবাধোক্ষজঃ অধোক্ষজ-পদেন চৈতজ্জ্ঞাপিতমিন্দ্রিয়াধ্যাসাৎ সঙ্ঘাতাত্মবুদ্ধ্যা চ ভগবানাত্মত্বেন প্রতীতঃ তদগপমেঽপ্রতীত ইতি।

---

* শ্রীবিজয়মতে ষট্চত্বারিংশাধ্যায়ারম্ভঃ।

অথবা অন্তঃ স্বরূপং প্রাপ্তাঃ যথা কোশমধ্যে প্রতিমা তথা তাসাং সজ্ঘাতমধ্যে আত্মানং জীবং স্বস্মিন্ অন্তর্ভাব্য তৎপ্রদেশে বা স্বয়মাবির্ভূয় তত্রৈব বা আনন্দাংশাভিব্যক্তাদেব তৎস্বরূপত্বেন সম্পাদ্য পশ্চাদপরোক্ষতয়া স্বপ্রকাশত্বেন বা আত্মানং জ্ঞাপিতবান্ ইতি, অন্যথা অধ্যারোপন্যায়েন প্রতীতিঃ, স্যাৎ, শব্দমাত্রে তু বিরহা-ভাবঃ, আত্মা ন ভেদেন প্রতীতঃ যতঃ সংযুক্তঃ তথা হি ভগবৎকৃতি-র্ভগবত এবেতি আসাং জ্ঞানমেব ততো গুরূপদেশঃপ্রাপ্ত ইতি সাক্ষাদ্-গুরুত্বাভাবেঽপি শ্রুয়ত ইত্যাদ্যুপদেশাৎ নিগূরণার্থস্য বিদ্যমানত্বাৎ পূজয়াঞ্চক্রুঃ। আত্মবিদং বা সম্মানিতবত্যঃ অথবা পূর্ব্বং ভগবন্তং ভিন্নতয়া জ্ঞাতবত্যঃ ইদানীমাত্মত্বেন অগ্রে তু তথৈব ভবিষ্যতীতি ব্রহ্মভাবযোগ্যতা নিরূপিতা। তচ্চেৎ নাভিলষিতং স্যাত্তদা ন ভবেৎ ইত্যুৎকটেচ্ছাং জ্ঞাপয়িতুমুদ্ধব-পূজা নিরূপিতা॥ ৫৩॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

ততশ্চ তাসু দুঃখেনাশামপি শিথিলয়িত্বা মর্ত্তুমুদ্যতাসু অন্যা-নপ্যতিরহস্যান্ সন্দেশানুক্ত্বা উদ্ধবস্তা আনন্দয়ামাসেত্যাহ—ততস্তা ইতি। ততস্তদনন্তরং যে কৃষ্ণ-সন্দেশাঃ পূর্ব্বসন্দেশেভ্যো ভিন্নাস্তে-রিত্যন্বয়ঃ। তে চ সন্দেশাঃ শ্রীশুকেনাবিবৃতা অপি ফলতো জ্ঞেয়াঃ যথা ভোঃ প্রাণপ্রেয়স্যঃ! মৎপ্রেষিতস্যোদ্ধবস্যাগ্রে যুষ্মাভিশ্চক্ষূংষি মুদ্রয়িতব্যানি; ততশ্চ পূর্ব্বং যথা গোপবালকাশ্চক্ষুর্ম্মুদ্রণেন মুঞ্জাটবী-দাবানলাদুদ্ধৃতাস্তথৈব বিরহানলাদ্ভবতীরপ্যুদ্ধরিষ্যামি, পশ্যত মে যোগবলমিতি সন্দেশশ্রবণেন তা যদৈব চক্ষূংষি মুদ্রয়ামাসুস্তৎক্ষণমধ্য এব শতকোটিবর্ষ-সময়ং যোগমায়য়া প্রবেশ্য, তত্র তাভিঃ সহ রাস-বৃন্দাবনবিহার-দ্যূত-মধুপান-জলবিহার-হিন্দোলনাদিবিলাসানন্যালক্ষি-তান্ কৃষ্ণস্তাবচ্চক্রে যাবদ্ভিঃ সা বিরহপীড়া সম্যগেব বিস্মৃতা ভবেৎ।

ততশ্চ তাসামঙ্গানি আনন্দ-প্রমুদিতান্যালক্ষ্য মুহূর্ত্তানন্তরং ভোঃ স্বামিন্যঃ! সাম্প্রতং চক্ষূংষি উন্মীলয়তেত্যুদ্ধবেনোক্তে সতি তাশ্চক্ষূংষ্যুন্মীল্য অধোক্ষজম্ অধঃ কৃতেভ্যোঽক্ষিভ্যো নিমীলিতেভ্যো নেত্রেভ্যঃ পরঃসহস্রানন্দপ্রাপ্ত্যা পুনর্জ্জাতমিব আত্মানং স্বং জ্ঞাত্বা পূজয়াঞ্চক্রুঃ, ভোঃ প্রেমবত্যঃ! যদি যূয়ং প্রাণাংস্ত্যক্তুমীহধ্বে তর্হি যুষ্মদ্দশাং শ্রুত্বা অহমপি প্রাণাংস্ত্যক্ষ্যামি নাত্র সন্দেহঃ, শপথ-সহস্রং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুর্ব্বন্নহং ব্রবীমি,যূয়মেব প্রাণা ভবথ ব্রজং গন্তুং প্রতিক্ষণং যতমানোঽপ্যহং যন্ন শক্নোমি। তত্রায়ং কাল এব কর্ম্মৈব বা ব্যাখ্যাতলক্ষণঃ প্রেমৈব বা প্রতিবন্ধক ইত্যহং শঙ্কে।

ইত্যেবং প্রকারকৈঃ সন্দেশৈর্ব্ব্যপেতো বিরহজ্বরঃ স্বেষু তৎপ্রেমাভাবনিশ্চয়লক্ষণঃ সন্তাপো যাসাং তাঃ, অধোক্ষজং কৃষ্ণমাত্মানম্ আত্মতুল্যং বিরহসন্তাপজর্জ্জরং জ্ঞাত্বা কিম্বা আত্মানমাত্মানঃ স্বা এব অনাঃ প্রাণা যস্য তথাভূতমধোক্ষজং কৃষ্ণং জ্ঞাত্বা উদ্ধবং পূজয়াঞ্চক্রুরিতি, ভো উদ্ধব! সাধূক্তমতঃপরং কষ্টেনাপি স্বপ্রাণান্ বয়ং রক্ষিষ্যাম, এবং যদীমং সন্দেশং ত্বং নাখ্যাস্যস্তদা বয়মমরিষ্যামৈব ততশ্চ সর্ব্বনাশ এবাভবিষ্যদতোঽস্মদিষ্টা সর্ব্বরক্ষা ত্বয়া কৃতেতি তং সম্মানয়ামাসুঃ, আত্মানং স্বস্ব-জীবাত্মানম্, অধোক্ষজং পরমাত্মানং জ্ঞাত্বেতি প্রকটোঽর্থোঽসুরমোহনার্থ এব ন তু বাস্তবঃ শাস্ত্রস্য অস্য মোহিনীসাধর্ম্ম্যাৎ, ন হি কেনাপি প্রেমরসাস্বাদিনা ভক্তেনাত্মৈক্য জ্ঞানং কদাপি রোচিতম্ আভ্যঃ প্রেমিভক্তমুকুটমণিভ্যস্তৎ কথং রোচতাং—

"ত্বৎকথামৃতপাথোধৌ বিহরন্তো মহামুদঃ।
কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্ব্বর্গং তৃণোপমং॥"

ইত্যর্ষশাস্ত্রতাৎপর্য্যাভিজ্ঞৈঃ স্বামিচরণৈরপ্যুক্তং নাপি বলবতা অপ্যাত্মজ্ঞানেন সম্পূর্ণঃ প্রেমা কাপ্যাবরীতুং শক্যো দৃষ্টঃ, বসুদেবার্জ্জুনয়োরপি মহৈশ্বর্য্যদর্শনোদ্দীপিতদাস্যভক্ত্যৈব বাৎসল্য-সখ্যভাবাবৃতৌ ন তু ব্রহ্মজ্ঞানেন, যত্তু "তে তু ব্রহ্মহ্রদং নীতা মগ্নাঃ কৃষ্ণেন চোদ্ধৃতা" ইতি ব্রজৌকসাং ব্রহ্মরসনিমগ্নত্বং শ্রূয়তে তদপি ব্রহ্মজ্ঞানস্য তদরোচকত্ব-জ্ঞাপনার্থমেব। তে এব তত্র "উদ্ধৃতা" ইতি পদং প্রযুক্তং। যথা সংসারকূপাজ্জীবা উদ্ধ্রিয়ন্তে তথৈব ব্রহ্মরসাত্তে ব্রজৌকস উদ্ধৃতা ইতি কিঞ্চ আসামুৎপন্ননির্ভেদাত্মজ্ঞানত্বে

গোপ্যো হসন্ত্যঃ পপ্রচ্ছুঃ রাম-সন্দর্শনাদৃতাঃ।
কচ্চিদাস্তে সুখং কৃষ্ণঃ পুরস্ত্রীজনবল্লভঃ॥ ইতি
কথং নু গৃহ্নন্ত্যনবস্থিতাত্মনো
বচঃ কৃতঘ্নস্য বুধাঃ কুলস্ত্রিয়ঃ"।

ইত্যাদ্যগ্রিমবচনানি সাভিমানাত্মজ্ঞানদ্যোতকানি ন সম্ভবেয়ুরিতি বিবেচনীয়ম্॥ ৫৩॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

অথ লিখিতৈঃ সন্দেশৈঃ প্রসাদমাসাদ্যাপ্যুৎকলদ্দয়াস্তাঃ সন্দেশান্তরৈরুদ্ধবঃ সমানন্দয়দিত্যাহ—তত ইতি। লিখিতসন্দেশবাচনোত্তরং তেভ্যোঽন্যৈরিত্যর্থঃ বহুত্বং মান্যত্বাৎ। তে চৈবং, ভো ভামিন্যো! যুষ্মাভির্ম্মৎপ্রিয়স্যোদ্ধবস্য পুরস্তান্নেত্রাণি নিমীলনীয়ানি তথাস্থিতা যুষ্মান্ মুঞ্জাটবীদাবাগ্নেঃ সখীনিব মদ্বিরহাগ্নেরুদ্ধরিষ্যামি, পশ্যত মমাচিন্ত্যং যোগবলমিতি। তৈরেতৈঃ সন্দেশৈঃ স্বপ্রিয়মুখোক্তৈর্নিমীলিতনেত্রাসু তাসু সতীষু ত্রিযামায়াং ব্রহ্মরাত্রিমিব ক্ষণেঽপি তস্মিন্ যুগং কালং প্রবেশ্য তাভিঃ সহ বিবিধা রাসাদিলীলাঃ কৃষ্ণোঽন্যালক্ষিতা ব্যতানীৎ। তাভিস্তদ্বিরহজ্বালানিবৃত্তা অভূৎ। ততস্তদঙ্গানি পরিহৃষ্টানি বিলোক্যোদ্ধবেন স্বামিন্যঃ! অধুনা নেত্রাণ্যুন্মীলয়তেত্যুক্তাস্তাস্তথাভূতা আত্মানং স্বমধোক্ষজং জ্ঞাত্বা অধঃকৃতেভ্যো নিমীলিতেভ্যোঽক্ষেভ্যো নেত্রেভ্যঃ পরমানন্দলাভেন পুনর্জ্জাতমিবানুভূয় তং তং প্রিয়ং পূজয়াঞ্চক্রুঃ বিধিনাভ্যর্চ্চন্নিতি॥৫৩॥

শ্রীমদ্ধনপতিসূরিকৃত-ভাগবতগূঢ়ার্থদীপিকা।

এবং প্রিয়বিরহানলজ্বালাব্যাপ্তমানসানাং তাসাং তদুত্তরং কীদৃশ্যবস্থা সম্বৃত্তেত্যপেক্ষায়াং শ্রীশুক উবাচ—ততঃ স্বদুঃখনিবেদনানন্তরমুদ্ধবেন ত এব প্রিয়সন্দেশাঃ পুনঃ শ্রাবিতাস্তৈঃ প্রিয়স্য সন্দেশৈঃ "ভবতীনাং বিয়োগো মে নহি সর্ব্বাত্মনা ক্বচি"দিত্যাদিকৈঃ প্রিয়েণ পরমাপ্তেন প্রেষিতত্বাদ্যথার্থত্ব-প্রতীতিজনকৈস্তাঃ প্রিয়মধোক্ষজং সর্ব্বেন্দ্রিয়জন্যজ্ঞানাবিষয়ং নিত্যং জ্ঞানং তং চ স্বাত্মানং জ্ঞাত্বা ব্যপেতো বিশেষেণ নিবৃত্তো বিরহজ্বরো যাসাং তাঃ উদ্ধবং ভগবদুপদেশপ্রাপকত্বাদ্গুরুপ্রতিনিধিং মত্বা পূজয়াঞ্চক্রুঃ সম্মাননং কৃতবত্যঃ, তথাচ তত্ত্বজ্ঞানমবাপ্য জীবন্মুক্তদশাং প্রাপ্তাঃ সফলজন্মবত্যঃ সম্পন্না ইতি ভাবঃ॥ ৫৩॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

ততঃ শ্রীমদুদ্ধবং "ভবতীনাং বিয়োগো মে নহী"ত্যাদি কৃষ্ণসন্দেশৈঃ অধোক্ষজং সর্ব্বজ্ঞং সর্ব্বাত্মানং সর্ব্বগতং জ্ঞাত্বা আত্মানঞ্চ ক্ষেত্রজ্ঞমল্পজ্ঞত্বাদিনা ভিন্নমপি তদংশত্বাত্তদভিন্নং জ্ঞাত্বা ব্যপেত-বিরহজ্বরাঃ সত্যঃ উদ্ধবং পূজয়াঞ্চক্রুঃ; অত্র "আত্মেতি তূপগচ্ছন্তি গ্রাহয়ন্তি চ" ইতি সূত্রমপ্যনুসন্ধেয়ম্॥ ৫৩॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বঙ্গানুবাদ।

অনন্তর শ্রীব্রজাঙ্গনাগণ অতি কষ্টে শ্রীকৃষ্ণপ্রাপ্তির আশাও পরিত্যাগ করিয়া মরিতে উদ্যত হইলে, শ্রীউদ্ধব মহাশয় অতিশয় গোপ্য অন্যান্য সংবাদ বলিয়া তাঁহাদিগকে আনন্দিত করিয়াছিলেন; ইহাই—

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্!

অনন্তর এইরূপে বিলাপাদির পরে শ্রীব্রজদেবীগণ কিছুকাল নিশ্চেষ্টভাবে পড়িয়া রহিলেন, পরে কিঞ্চিৎ ধৈর্য্য অবলম্বনে কিছু সুস্থতা লাভ করিলে শ্রীকৃষ্ণের সংবাদে তাঁহাদিগের শ্রীকৃষ্ণ বিরহ-জন্য মহাসন্তাপ অপগত হইল; পরন্তু তৎপ্রাপ্তি দ্বারা যেরূপ বিরহ অপগত হইবে তাহা হইল না, অপিচ উদ্ধবকর্ত্তৃক যে আত্মজ্ঞান সন্দিষ্ট হইল; সেই আত্মাকে তাঁহারা অধোক্ষজ (১) শ্রীকৃষ্ণ মনে করিয়াই শ্রীউদ্ধব মহাশয়কে সম্মানাদি দ্বারা পূজা করিয়াছিলেন (২)॥ ৫৩॥

---

(১) ইন্দ্রিয় জ্ঞানের অগোচর হইলেও শ্রীভগবান্। কিম্বা শকট-চক্রের অধঃস্থলে মহাশকট হইতে পুনর্জ্জন্মের ন্যায় ব্রজরাজ-কুমারকে আত্মা অর্থাৎ উক্ত প্রকারে সর্ব্বতোভাবে নিজের ব্যাপক জানিয়া।

(২) তোষণীসম্মত ব্যাখ্যা যথা—

অতএব পুনরায়ও তাঁহাদিগের ব্যগ্রতা দর্শন করিয়া শ্রীউদ্ধব কর্ত্তৃক কথিত "ভবতীনাং বিয়োগো মে" এই ২৯ শ্লোক হইতে আরম্ভ করিয়া "ময্যাবেশ্য মনঃ কৃষ্ণে" এই ৩৬ শ্লোক পর্য্যন্ত মহামন্ত্রের ন্যায় শ্রীকৃষ্ণের সংবাদ দ্বারা শ্রীব্রজাঙ্গনাদিগের বিরহজ্বর (মহাসন্তাপ) অপগত হইল, কিন্তু যে বিরহ একমাত্র শ্রীকৃষ্ণের প্রাপ্তিতে বিনষ্ট হইবে; তাহা হইল না; সুতরাং সম্প্রতি গোপীগণ নিজ নিজ অবস্থা অনুসারে শ্রীউদ্ধব মহাশয়কে পূজা করিলেন। এই পূজা প্রথমে আরব্ধ হইলেও দুঃখাতিশয্য বশতঃ তাহা বৃথা হইয়াছিল; কিন্তু সম্প্রতি তাহা বিশেষরূপে সম্পন্ন হইল।

যদি বল;—কেবলমাত্র সংবাদ দ্বারাই তাদৃশ প্রিয়তমের বিরহ-জ্বর বিনষ্ট হইল কিরূপে? তাহাতে বলিতেছেন—উদ্ধব কর্ত্তৃক উপদিষ্ট সেই আত্মাকে অধোক্ষজ শ্রীকৃষ্ণ মনে করিয়া ইত্যাদি।

তাহাতে প্রথমার্থ এই;—

যে আত্মার জ্ঞান আদিষ্ট হইয়াছে সেই আত্মাকে অধোক্ষজ শ্রীকৃষ্ণই ইহা মনে করিয়া পরন্তু অন্য কিছু মনে করিয়া নহে।

তাহাতে অভিপ্রায় এইরূপ—"অনুবাদমনুক্ত্বৈব ন বিধেয়মুদীরয়েৎ" অর্থাৎ "উদ্দেশ্য না বলিয়া বিধেয় বলিবে না" এই ন্যায় অনুসারে এইস্থানে শ্রীকৃষ্ণের উপদেশে জ্ঞাত বিধায় শ্রীকৃষ্ণের আত্মত্ব না বলিয়া পুনরায় অধোক্ষজের অপর পর্য্যায়গত শ্রীকৃষ্ণত্বই অভিহিত হইতেছে।

তাহাতে "আত্ম" শব্দে সর্ব্বাত্মা বুঝায়, রূঢ়িবৃত্তি দ্বারা ও প্রসঙ্গ সঙ্গতিবশতঃ অধোক্ষজ শব্দে শ্রীকৃষ্ণই প্রতিপাদিত হইতেছেন; অপিচ উক্ত অধোক্ষজ শব্দে যৌগিক বৃত্তি দ্বারা সকল ইন্দ্রিয়ের অধিকারীকে বুঝায়। তাহা হইলে পূর্ব্বে যে ২৯ শ্লোকে "সর্ব্বাত্মা আমার সহিত" এই উপদেশ দিয়াছেন; তাহা লক্ষণা দ্বারা নির্ব্বিশেষ স্বরূপত্বেই উপদেশ দিয়াছেন; ইহা অবিদ্যাবাদিগণ (মায়াবাদিগণ) বলেন।

"পরম বিশেষ" ইহার ন্যায় পরম স্বরূপত্বে উপদেশ দিয়াছেন ইহা অচিন্ত্যশক্তিবাদিগণ বলেন।

প্রকরণার্থ-দর্শিগণ বলেন—তাদৃশ বিশেষ বিশিষ্টত্ব হইলেও "মে ময়া" এই উক্তি হেতু কৃষ্ণরূপে বিলক্ষণ দ্বারা উপদেশ দিয়াছেন।

সেইরূপ ১৪ অধ্যায়ের ৫৫ শ্লোকস্থ—

"কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাং।

অর্থাৎ হে রাজন্! তুমি এই শ্রীকৃষ্ণকে নিখিল জীবের আত্মা বলিয়া জানিও" ইত্যাদি স্থলে স্বাভাবিক পরম প্রেমাস্পদত্বের সমুচিত সর্ব্বাত্মত্ব স্থাপিত করিয়া ঐ শ্লোকের শেষার্দ্ধে—

জগদ্ধিতায় সোঽপ্যত্র দেহীবাভাতি মায়য়া॥"

অর্থাৎ জগতের হিতের নিমিত্ত তিনিই মায়াদ্বারা দেহীর ন্যায় আভাত হইতেছেন। "মায়াদ্বারা" এইস্থলে "দেহী" শব্দোক্ত জীবত্ব নিষিদ্ধ হইয়াছে; ইহা সেইস্থানেই ব্যাখ্যাত হইয়াছে।

তাহাতে যদিও শ্রীভগবান্ গোবর্দ্ধন যজ্ঞ প্রবর্ত্তনের নিমিত্ত কর্ম্ম-বাদাদির মত স্থাপন করিয়াছিলেন তদ্রূপ অভীষ্ট হইলেও এই প্রথম অর্থে পরমগোপ্য পরবর্ত্তী অর্থ দ্বয়ের আচ্ছাদনের নিমিত্ত এবং নিজ হইতে উপরত হেতু বিরহ সন্তাপময় কালক্ষেপণের নিমিত্ত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নির্ব্বিশেষত্বই প্রতিপাদিত হইয়াছে। তাহা প্রথমতঃ গোপীগণও অপেক্ষা করিয়াছিলেন।

তথাপি পুনরায় গোপীগণ কর্ত্তৃক সেই সংবাদ শ্রবণ হেতু বিলক্ষণ স্বীয় রতি-স্বভাব বশতঃ শ্রীকৃষ্ণেরই সর্ব্বদা সকল স্থানে স্ফুরণ হেতু এবং নিজ সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তকত্বে অভিগম হেতু তাহাতে শ্রীকৃষ্ণত্বই পর্য্যবসায়িত হইয়াছে; অতএব আমরাও উদ্দেশ্য ও বিধেয়—"আত্ম এবং অধোক্ষজ" এই শব্দের ক্রম বলে দর্শন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতেছি অর্থাৎ আত্মাকে উদ্দেশ্য এবং অধোক্ষজকে বিধেয় দেখিতেছি।

অন্যথা অদ্বৈতাবেশ হইলে পূজ্য পূজকত্ব অননুসন্ধান বশতঃ গোপীগণ কর্ত্তৃক উদ্ধবের পূজা সম্ভব হয় না।

দ্বিতীয় অর্থে—যেরূপ শ্রীকৃষ্ণ সর্ব্বদা আমাদিগকে অনুভব করেন; সেইরূপ আমরাও তাহাকে অনুভব করিয়া থাকি; সুতরাং ইহাতে অবিনাভাবের (তদসত্তে তদসত্তা অর্থাৎ না থাকিলে না থাকা, এতাদৃশ ভাবের) স্ফূর্ত্তি হওয়ায় আত্মাকে অধোক্ষজ স্বরূপ মনে করিয়া; এইরূপ ব্যাখ্যা হইবে।

তৃতীয় অর্থে—যেমন শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সন্দিষ্ট, তেমনই আত্মাকে অধোক্ষজ মনে করিয়া এই প্রকার ব্যাখ্যা হইবে। ময্যাবেশ্য মনঃ কৃষ্ণে ইত্যাদি ৩৬ শ্লোক।

চতুর্থ অর্থে—যেমন শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আদিষ্ট তেমন নিজেরা অবিলম্বে কৃষ্ণকে পাইবেন, এইরূপই অধোক্ষজ কৃষ্ণ অচিরাৎ নিজকে প্রাপ্ত করাইবেন এইরূপ জানিয়া অর্থাৎ নিশ্চয় করিয়া।

এইস্থলে সমুচ্চয় বোধক "চ" শব্দ ব্যতিরেকেও তদর্থ স্বয়ং লাভ হইল। যেমন "ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দতে" এই স্থলে "চ"শব্দ ব্যতিরেকেও সমুচ্চয় বুঝাইয়াছে; তদ্রূপ।

কিন্তু "ততস্তাঃ কৃষ্ণসন্দেশৈর্ল্লব্ধাত্মান্যমধোক্ষজং।
ব্যপেতবিরহজ্বরাঃ পূজয়াঞ্চক্রুরুদ্ধবং॥"

অনন্তর "গোপীগণ কৃষ্ণের সন্দেশ বাক্য সমূহ দ্বারা আত্মাকে অধোক্ষজ জানিয়া বিগতবিরহসন্তাপা হইয়া উদ্ধবকে পূজা করিয়াছিলেন" এইরূপ ক্রম না করিয়া উদ্ধবকে আত্মা অধোক্ষজ জানিয়া এইরূপ যে পাঠ হইয়াছে, তাহা যে প্রকার শ্রীনন্দের গর্গ-দর্শনে "তং দৃষ্ট্বা" ইত্যাদি ৮ম অধ্যায়ের ২য় শ্লোকে "আনর্চ্চাধোক্ষজধিয়া' এই বাক্য, আর উদ্ধব-দর্শনে "বাসুদেবধিয়ার্চ্চয়ৎ" ইত্যাদি ৪৬ অধ্যায়ের ১৪ শ্লোকগত বাক্য আতিথ্যোচিত, সেইরূপ সঙ্গত হয়।

যেহেতু এই স্থলেও বিশেষণদ্বয়ে গোপীগণের তাহাতে পরমাত্ম দৃষ্টি নির্দ্দিষ্টা হইয়াছে। (তোষণী)

শ্রীচক্রবর্ত্তি মহাশয়ের ব্যাখ্যা যথা—

অনন্তর যে কৃষ্ণ-সন্দেশ সমূহ অর্থাৎ পূর্ব্ব সন্দেশসমূহ হইতে ভিন্ন যে সন্দেশ সকল তদ্দ্বারা—

(সেই সকল সংবাদ সমূহ, শ্রীশুকদেব গোস্বামী বিবৃত না করিলেও ফলতঃ জানিতে হইবে এই যে;—

(১) বিনয়ে নিজের সাধারণ্য প্রতিপাদনের নিমিত্ত শ্রীবর্হদেবাদি অপেক্ষায় "আমাদিগের" এই বহুবচন নির্দ্দেশ করিয়াছেন। (তোষণী)

(২) গুরু—উপদেষ্টা।

(৩) হিতাচরণের দ্বারা বন্ধু।

কিম্বা শ্লাঘ্যবন্ধু ; কিন্তু কংসাদির ন্যায় নিন্দনীয় নহে। আর উপেক্ষ্যও নহে কিন্তু প্রশস্যবন্ধু।

(৪) আপৎ হইতে রক্ষণীয় অর্থাৎ আপনি আমাদিগকে আপৎ হইতে সর্ব্বদা রক্ষা করিবেন।

(১) ভোজন পানাদি দ্বারা পোষণ-যোগ্য।

(২) সদুপদেশাদি দ্বারা দয়ার যোগ্য। (তোষণী)

(৩) প্রজা—পুত্রতুল্য। (চক্রবর্ত্তী)

(৪) লৌকিক ব্যবহারে আপনি আমাদিগের পরম আদরণীয় আর পরমার্থ দৃষ্টিতে আপনি পরমবৈষ্ণবত্বে পূজ্য ইহাই বলিতেছেন।

(৫) মহান্ ভাগ—পরমভাগবতত্ব প্রাপ্তিহেতুক ভাগ্য যাহাদিগের তাদৃশ।

শ্লোকে "শ্রেয়স্কাম" এইশব্দে বহুবচন দ্বারা মুক্তি এবং ভগবদ্ভক্তি-পর্য্যন্ত মঙ্গল গৃহীত হইয়াছে।

অতএব ভগবান্ ও ভগবদ্ভক্ত ব্যতিরিক্ত দেবগণের তাদৃশ শক্তি নাই ; দেবগণের অল্পফলদায়কত্বেও দোষ আছে ; ইহাই বলিয়াছেন "দেবগণ স্বার্থপর" অতএব দেবগণ হইতেও আপনারা দেবত্বাদি জাতি-নিরপেক্ষত্ব-হেতু মহত্তম। "সাধবস্তিতিক্ষবঃ" অর্থাৎ 'সাধুগণ ক্ষমাশীল' এই হইতে "ত এতে সাধবঃ সাধ্বীতি" পর্য্যন্ত লক্ষিত হইয়াছে।

ভাবার্থ এই ; আপনাদিগের ন্যায় সাধুগণ মানব কর্ত্তৃক সর্ব্বদা সেব্য। (তোষণী)

কিম্বা যদি বলেন—মানবগণ কর্ত্তৃক দেবগণ সেব্য ; ইহা প্রসিদ্ধ ; তাহাতেই বলিতেছেন—দেবগণ স্বস্ব-কার্য্য সাধনপর ; কিন্তু সাধুগণ তদ্রূপ নহেন ; তাঁহারা পরানুগ্রহ কাতর এই ভাবার্থ ॥ (চক্রবর্ত্তী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স ভবান্ সুহৃদাং বৈ নঃ শ্রেয়ান্ শ্রেয়শ্চিকীর্ষয়া।
জিজ্ঞাসার্থং পাণ্ডবানাং গচ্ছস্ব ত্বং গজাহ্বয়ম্ (১) ॥ ৩২ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

তর্হি মৃচ্ছিলাদিময়াঃ কিং দেবাদয়ো নৈবেত্যত আহ—নহীতি। অম্ময়ানি তীর্থানি মৃণ্ময়াঃ শিলাময়াশ্চ দেবা ন ভবন্তীতি ন অপি তু ভবন্ত্যেব, তথাপি সাধূনাং তেষাঞ্চ মহদন্তরমিত্যাহ—তে পুনন্তীতি ॥ ৩১ ॥

কিং চিকীর্ষয়ন্ প্রাগাদিতি যদুক্তং তৎকার্য্যমাদিশতি—স ইতি। নঃ সুহৃদাং মধ্যে ভবান্ শ্রেষ্ঠোঽতঃ পাণ্ডবানাং শ্রেয়শ্চিকীর্ষয়া গজাহ্বয়ং গচ্ছস্ব গচ্ছেতি। যদ্বা স্বেতি পৃথক্ পদম্। হে স্ব! আত্মীয়েত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

নন্বু তর্হি দেবাঃ কিং ন সেব্যা এব তত্রাহ—নহীতি। তীর্থানীতি দৃষ্টান্তত্বেন, অতএব তে ইতি পুংস্ত্বেন নির্দ্দেশঃ, অন্যথা তানীতি স্যাৎ। অন্যত্তৈর্ব্ব্যাখ্যাতং। ভাবস্ত্বয়ং; মৃচ্ছিলাময়া অপি পূজ্যাঃ কিং পুনর্জ্যোতির্ম্ময়াঃ সাত্ত্বিকাঃ সাক্ষাৎ অনেন পূর্ব্বোক্ত-সং-নি-শব্দসূচিতার্থস্য বিষয়ো দর্শিতঃ, কিন্তু তত্ত্বতঃ সাধব এব তীর্থানি দেবাশ্চেতি সাধব এব ভক্ত্যাধিক্যং সেব্যা ইতি যতস্তে দেবা বহুকালসেবনাদেব পুনন্তি পাপাদিমলতশ্চিত্তং শোধয়তি ॥ ৩১ ॥ *

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

এতাবতা যদ্বিবক্ষিতং তদাহ—সঃ সাধুত্বেনোক্তমাহাত্ম্যঃ বিশেষতশ্চ নোঽস্মাকং সুহৃদো যাদবাস্তেষাং মধ্যে, কিম্বা সুহৃদাং জ্ঞাতীনাং নো মধ্যে। বৈ প্রসিদ্ধৌ। শ্রেয়শ্চিকীর্ষয়া পাণ্ডবানাং যা বিজ্ঞাসা "ধৃতরাষ্ট্রাশ্রয়ে তে কথমবতিষ্ঠন্ত" ইতি পর্য্যালোচনং তদর্থম্ ॥ ৩২ ॥ *

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৩১—৩২ ॥

---

(১) গচ্ছস্ব ত্বং গজাহ্বয়ং ইতি পাঠান্তরং।

---

* ইতো দ্বাত্রিংশ-শ্লোকতোঽধ্যায়ান্তং যাবৎ বৃহদ্বৈষ্ণবতোষণ্যাদর্শ-পুস্তকাভাবাৎ ন দত্তা কিন্তু লঘুতোষণ্যেব সমর্পিতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

নন্বেবমপি শ্রৈষ্কামৈর্গঙ্গাদিপুণ্যনদীজলানাং মৃচ্ছিলাময়ভগবৎ-প্রতিমানাম্ এব নিষেব্যতয়া পাবিত্র্যাবহত্বাদিত্যত আহ—নহীতি। অম্ময়ানি জলময়ানি গঙ্গাদীনি তীর্থানি ন ভবদ্বিধা ইব পাবনকরাণি পুনন্তীত্যস্তাপকর্ষো বা ন তথা পুনন্তীত্যর্থঃ। তথা মৃচ্ছিলাময়া দেবাঃ শ্রীভগবৎপ্রতিমাশ্চ ন যথা ভবদ্বিধাঃ পুনন্তি, কিন্তু প্রকারান্তরেণ পুনন্তীত্যর্থঃ। অভিপ্রেতং বৈষম্যং বিশদয়তি—ত ইতি। তানি চ তে চ পুংশেষ আর্ষঃ। অম্ময়ানি দেবাশ্চ উরুকালেন স্নান-পান-পরিচর্য্যাদিসহচরিতেন দীর্ঘেণ কালেন পুনন্তি, সাধবো ভবদ্বিধাস্তু দর্শনাদেব পুনন্তি।

অত্র কেচিদেবং ব্যাচক্ষতে—কিং দেবাদয়ো ন সেব্যা এবেত্যত আহ—নহীতি। অম্ময়ানি তীর্থানি, মৃচ্ছিলাময়াশ্চ দেবা ন ভবন্তি ন, অপি তু ভবন্ত্যেবেত্যর্থঃ। তথাপি সাধূনাং তেষাং চ মহদন্তরম্ ইত্যাহ—তে পুনন্তীতি তচ্চিন্ত্যং। দেবাঃ স্বার্থা ন সাধব ইত্যনেনৈবাসেব্যত্বস্তোক্তত্বাৎ পুনরসেব্যত্বাশঙ্কাপরিহারয়োরযুক্তত্বাৎ সেব্যত্বাপাদক-পবিত্রত্বাপাদকত্ব-তদভাবয়োরেব সংশয়োদয়াৎ, অত এব "তে পুনন্ত্যুরুকালেনে"তি পবিত্রতাকরত্ব-তারতম্যোক্তিঃ সঙ্গচ্ছতে। কিম্বা ত্রয়াণাং চাতীর্থত্বাদেবত্বাদিশঙ্কায়াং হি "নঞ্দ্বয়ং প্রকৃতমর্থং সূচয়তী"তি ন্যায়েন তীর্থত্ব-দেবত্ব-স্থিরীকরণোপপত্তিঃ, তদা হেবমাশঙ্কনীয়ং তর্হি কিমম্ময়ানি ন তীর্থান্যেব, মৃচ্ছিলাময়াঃ কিং ন দেবা এবেতি ন চ পূর্ব্বগ্রন্থাদিয়ং শঙ্কোদেতি অতো যথোক্ত এবার্থঃ ॥ ৩১ ॥

কিঞ্চিকীর্ষয়া" প্রাগাদিতি যদুক্তং তৎকার্য্যমাদিশতি—স ইতি স উক্তবিধো ভবান্ নোঽস্মাকং যে সুহৃদস্তেষাং মধ্যে শ্রেয়ানতো নঃ শ্রেয়ঃ কর্ত্তুমিচ্ছয়া পাণ্ডবানাং জিজ্ঞাসার্থং সুখদুঃখবিচারার্থং হাস্তিনপুরং গচ্ছ ॥ ৩২ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

দেবা অপি হি অম্ময়াদিশব্দবাচ্যা ন ভবন্তি তত্র সন্নিহিতত্বাৎ তাসাং দেবশব্দবাচ্যত্বমিতি ভাবেনাহ—নহীতি। অম্ময়ানি জলময়ানি তীর্থশব্দবাচ্যানি ন ভবন্তি কিন্তু তৎসংহিতানি দৈবতানি কিমত ইতি তত্রাহ—ত ইতি। তে উরুকালেন কৃতয়া সেবয়া ॥ ৩১ ॥

পাণ্ডবানাং বৃত্তিজিজ্ঞাসার্থং কিঞ্চিকীর্ষয়েত্যস্য বিবরণমেতৎ, গজেন সম আহ্বয়ো যস্য স তথা হস্তিনাপুরমিত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

অতো যদি দেবাঃ সেবিতুং সাক্ষাল্লভ্যন্তে তদাপি ন সাম্যং সাক্ষাত্তু দুর্ল্লভা এব ততঃ প্রতিমারূপেণ যৎ সেব্যন্তে তত্র তু তদপেক্ষয়া ত্বতিনিকর্ষ ইতি বক্তুং প্রসঙ্গতস্তীর্থানামপি তমাহ—নহীতি। পুনন্তি চিত্তমলতঃ শোধয়ন্তি ॥ ৩১ ॥

॥ ৩২ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

ন হ্যম্ময়ানি তীর্থানীতি। তীর্থেষু স্নাত্বা তদধিষ্ঠাতৃদেবতাপূজনং কর্ত্তব্যং তদা তীর্থং কৃতং ভবতি তদুভয়মপ্যপ্রযোজকমিত্যাহ—ন হ্যম্ময়ানীতি। তীর্থশব্দেন জলাভিমানিনীদেবতোচ্যতে, সা চিন্ময়ী দেবতা চ চিদানন্দময়ীত্যেব শাস্ত্রমর্য্যাদা, অম্ময়ানি তু তীর্থানি ন ভবন্তি দেবা অপি মৃচ্ছিলাময়া ন ভবন্তি। স্থানস্য দেবতাপক্ষে মৃণ্ময়ত্বং প্রতিমায়া দেবতাত্বপক্ষে তু শিলাময়ত্বমুভয়মপি লোকপ্রসিদ্ধং নিবার্য্যতে শাস্ত্রপ্রামাণ্যাৎ, অন্যথা শাস্ত্রমনুবাদকং সদপ্রমাণং ভবেৎ কিঞ্চ অতএব সাধনোপদেষ্টারঃ ভক্তিপ্রবর্ত্তকা বা দর্শনমাত্রেণৈব জ্ঞানভক্ত্যোঃ সাধিতত্বাৎ ফলতোঽপ্যুৎকর্ষঃ ॥ ৩১ ॥

এবং স্তুত্বা সম্মোহমুৎপাদ্য স্বাভিলষিতং করিষ্যতীতি অভিজ্ঞায় কিঞ্চিদাজ্ঞাপয়তি স ভবানিতি ত্রিভিঃ। তেষু ত্রিবিধং হি কার্য্যং কর্ত্তব্যং, মোক্ষঃ সম্পাদনীয়ঃ ভক্তির্ব্বা পাণ্ডবেষু রাজ্যং বা দেয়ং শত্রবশ্চ মারণীয়া ইতি সঃ সর্ব্বোপকারকর্ত্তা ভবান্ তত্রাপি সুহৃদাং ভগিনীভাগিনেয়ানাং, বৈ নিশ্চয়েনেতি তেঽবশ্যং পালনীয়া ইতি পুরুষস্য পিতৃবর্গো বা রক্ষকো ভবতি তত্রাপি তত্র পিতৃবর্গো ন তেষাং রক্ষকঃ পিতুর্নিবৃত্তত্বাদন্যেষাং প্রতিকূলত্বাদিতি বক্ষ্যতি; অত এব বয়মেব সুহৃদঃ অস্মাকং মধ্যে ত্বঞ্চ শ্রেয়ান্ অতঃ শ্রেয়-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্চিকীর্ষয়া হিতাচরণার্থং গজেন সমাহ্বয়ং হস্তিনাপুরং গচ্ছ, অনেন প্রসিদ্ধ্যা তত্র গমনং ন নিন্দিতং ভবতি গুপ্তস্থানেষু ন তিষ্ঠন্তি ইত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

অম্ময়ানি তীর্থানি, নহীতি শিরশ্চালনে নঞ্ অপি তু এবং দেবা অপি তু ভবন্ত্যেব এবং দেবা অপি কিন্তু সাধূনাং তেভ্যো মহদন্তর-মিত্যাহ—তে ইতি। একশেষে পুংস্ত্বমার্ষং। দর্শনাদপি ॥ ৩১ ॥

অতঃ পিতৃব্যত্বেনাস্মৎপ্রিয়ঙ্করত্বাৎ সাধুত্বেন পরোপকারকত্বাচ্চ ইদং ত্বয়া কর্ত্তব্যমিত্যাহ—স ইতি। গচ্ছস্ব গচ্ছ স্বেতি সম্বোধনং বা ॥ ৩২ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

নন্থ তীর্থাদিনিষেবয়া শ্রেয়ঃ স্যাদিত্যাহ—ন হীতি। শিরশ্চালনে নঞ্। অম্ময়ানি তীর্থানি পাবনানি কিং ন ভবন্তি অপিতু ভবন্ত্যেব, এবং দেবাশ্চ, কিন্তু তেভ্যঃ সাধূনাং মহদন্তরমিত্যাহ—তে পুনন্তীতি সাধবস্তু দর্শনাদপি পুনন্তি ॥ ৩১ ॥

অতঃ পিতৃব্যত্বেনাস্মৎপ্রিয়ঙ্করত্বাৎ সাধুত্বেন পরোপকারিত্বাচ্চ ত্বয়ৈতৎ কার্য্যমিত্যাহ—স ইতি। নঃ সুহৃদাং মধ্যে শ্রেয়ান্ ভবান্ পাণ্ডবানাং জিজ্ঞাসার্থং তেষাং শ্রেয়শ্চিকীর্ষয়া গজসাহ্বয়ং গচ্ছ হে স্ব! ॥ ৩২ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

অম্ময়ানি তীর্থানি দর্শনান্ন পুনন্তি মৃচ্ছিলাময়া ভূপ্রদেশাঃ ক্ষেত্রাণি চ দর্শনান্ন দেবাশ্চ দর্শনান্ন পুনন্তি কিন্তু তে সর্ব্বে উরু-কালেন সেবিতাঃ পুনন্তি সাধবস্তু দর্শনাদেব ভগবচ্চরণস্পৃষ্টাঃ মৃদাদিপ্রদেশাঃ অম্ময়ানি তীর্থানি চাত্র প্রয়োজনার্হাণি,

"ধন্যা অহো! অমী আল্যাঃ গোবিন্দাঙ্ঘ্র্যব্জরেণবঃ।
যান্ ব্রহ্মেশৌ রমাদেবী দধুর্মূর্দ্ধ্ন্যঘনুত্তয়ে ॥"
"যৎপাদনিঃসৃতসরিৎপ্রবরোদকেন
তীর্থেন মূর্দ্ধ্ন্যধিকৃতেন শিবঃ শিবোঽভূ"দিত্যাদ্যুক্তেঃ ॥ ৩১ ॥

হে স্ব! অক্রূর নঃ সুহৃদাং মধ্যে ভবান্ শ্রেয়ান্ শ্রেষ্ঠোঽতঃ পাণ্ডবানাং শ্রেয়শ্চিকীর্ষয়া জিজ্ঞাসার্থং তেষাং রহস্যজিজ্ঞাসার্থং চ হস্তিনাপুরং গচ্ছ ॥ ৩২ ॥

বঙ্গানুবাদ।

অতএব যদি সাধারণ দেবগণকে সাক্ষাৎ সেবা করিবার জন্য লাভ করা যায়; তথাপিও সাধুদিগের সহিত দেবগণের তুলনা হয় না; কারণ দেবগণের সাক্ষাৎকার দুর্ল্লভ; সুতরাং প্রতিমারূপে যে সেবা করা হয়; তাহাতেও সাধু অপেক্ষা তাঁহাদিগের অতিনিকর্ষ। ইহা বলিবার জন্য প্রসঙ্গক্রমে সাধারণ তীর্থেরও তাহাই বলিতেছেন (১);—

জলময় গঙ্গা প্রভৃতি তীর্থগণও আপনাদিগের ন্যায় পবিত্রতা বিধায়ক নহে; অপিচ মৃণ্ময় এবং শিলাময় দেবগণও আপনাদিগের ন্যায় পবিত্রতা বিধায়ক নহে। সেই তীর্থ ও দেবগণ, স্নান পান, ও পরিচর্য্যা—সেবা প্রভৃতি দ্বারা দীর্ঘকালে পবিত্র করেন; কিন্তু আপনাদিগের ন্যায় সাধুগণ দর্শনমাত্রেই (২) পবিত্র করিয়া থাকেন (৩) ॥ ৩১ ॥

---

(১) তবে কি মৃণ্ময় ও শিলাময় মূর্ত্তি দেবতা নহে? ইহাই বলিতেছেন—জলময় তীর্থ এবং মৃণ্ময় ও শিলাময় দেবতা কি দেবতা নহে? এই প্রশ্নে অর্থাৎ তাঁহারাও দেবতা; কিন্তু সাধুগণের সহিত তাঁহাদের অতিশয় ভেদ ॥ (শ্রীস্বামী)

(২) অর্থাৎ দর্শনের প্রথম-ক্ষণেই এইরূপ করিয়া থাকেন এবং ইহার সহিতই তুলনা; কিন্তু দ্বিতীয় ক্ষণের সহিত তুলনাই হয় না।

(৩) অর্থাৎ জলময় তীর্থগণ এবং মৃণ্ময় ও শিলাময় দেবগণ দর্শন-মাত্রে পবিত্র করেন না; কিন্তু তাঁহারা অতিদীর্ঘকাল সেবিত হইয়া পবিত্র করেন; আর সাধুগণ দর্শনমাত্রেই পবিত্র করেন।

(তোষণী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতর্য্যুপরতে বালাঃ সহ মাত্রা সুদুঃখিতাঃ।
আনীতাঃ স্বপুরং রাজ্ঞা বসন্ত ইতি শুশ্রুম ॥ ৩৩ ॥
তেষু রাজাম্বিকাপুত্রো ভ্রাতৃপুত্রেষু দীনধীঃ।
সমো ন বর্ত্ততে নূনং দুষ্পুত্রবশগোঽন্ধদৃক্ ॥ ৩৪ ॥

"কোন কার্য্য করিবার অভিপ্রায়ে গিয়াছিলেন" পূর্ব্বে ১২ শ্লোকে যাহা বলিয়াছেন; সেই কথার কার্য্য বলিতেছেন (১) –

আমাদিগের সুহৃদ্‌গণের মধ্যে শ্রেষ্ঠ; ইহা চিরপ্রসিদ্ধ; সুতরাং আপনি আমাদিগের মঙ্গল ইচ্ছায় পাণ্ডবগণের নিকট "তাহারা ধৃতরাষ্ট্রের আশ্রয়ে কিরূপে রহিয়াছে" এইরূপ জিজ্ঞাসা করিবার নিমিত্ত হস্তিনাপুরে গমন করুন ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

(জিজ্ঞাস্যমেব সকারণং সপ্রয়োজনঞ্চাহ—পিতরীতি)

পিতরি (পাণ্ডৌ) উপরতে (স্বর্গং গতে সতি) মাত্রা সহ সুদুঃখিতাঃ বালাঃ (শতশৃঙ্গাখ্যপর্ব্বতাৎ মুনিভিঃ) স্বপুরং আনীতাঃ (সন্তঃ তত্র অধুনা) রাজ্ঞা (ধৃতরাষ্ট্রেণ সহ) বসন্তে (বসন্তি; রাজ্ঞা গৃহীতা বা সন্তঃ তত্রৈবাধুনা বসন্তি) ইতি শুশ্রুম ॥ ৩৩ ॥

ভ্রাতৃপুত্রেষু তেষু (যুধিষ্ঠিরাদিষু বিষয়ভূতেষু) দীনধীঃ (দীনা কৃপণা ধীর্যস্য তথাভূতঃ ক্ষুদ্রবুদ্ধিঃ) দুষ্পুত্রবশগঃ (দুষ্পুত্রঃ—দুর্য্যোধনঃ তস্য বশগঃ বশবর্ত্তী) অন্ধদৃক্ (তদাদীনাং সামুদ্রিকে বহুদোষস্মরণাৎ কিম্বা অজ্ঞঃ) অম্বিকাপুত্রঃ (পাণ্ডোঃ বিমাত্রা পুত্রঃ) রাজা (ধৃতরাষ্ট্রঃ) সমঃ ন বর্ত্ততে, নূনং (ইতি বিতর্কয়ামি, কিম্বা নূনং—ইতি নিশ্চিতং) ॥ ৩৪ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ, বসন্তে নিবসন্তি, শুশ্রুম শ্রুতবন্তো বয়ম্ ॥৩৩॥

দুষ্টা যে স্বপুত্রাঃ দুর্য্যোধনাদয়স্তদ্বশেন গচ্ছতীতি তথা যতোঽন্ধদৃক্ অন্ধনেত্রঃ ॥ ৩৪ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত বৈষ্ণবতোষণী।

জিজ্ঞাস্যমেব সকারণং সপ্রয়োজনঞ্চাহ—পিতরীতি ত্রিভিঃ। উপরতে শান্তে ইতি তাদৃশাদরণীয়জনেষ্বশ্লীলবচনানর্হতা খ্যাপনায়। বালা ইত্যানয়নসময়াপেক্ষয়া। রাজ্ঞেত্যন্ধস্যাপি তস্যাধুনা দৈবাদ্রাজত্বপ্রাপ্তিশ্চ জাতেতি সূচিতং। শুশ্রুমেতি লৌকিক-লীলামাধুর্য্যং অগ্রে নূনমিতি চ ॥ ৩৩ ॥

নূনং বিতর্কে। সমো ন বর্ত্ততে তৎ কুতঃ। অম্বিকাপুত্রঃ পাণ্ডোর্বৈমাত্রেয়ত্বাদিত্যর্থঃ। হেত্বন্তরং দুষ্পুত্রবশগঃ তৎ কুতঃ দীনধীঃ ক্ষুদ্রবুদ্ধিঃ তদপি কুতঃ অন্ধদৃক্ তদাদীনাং সামুদ্রিকে বহুদোষস্মরণাৎ ॥ ৩৪ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৩৩ ॥

অম্বিকাপুত্রঃ ধৃতরাষ্ট্রঃ। অন্ধদৃক্ অন্ধঃ ॥ ৩৪ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

পিতরি পাণ্ডৌ উপরতে স্বর্গং গতে সতি বালা অত এবাতিদুঃখিতা রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ স্বপুরং প্রত্যানীতাঃ সন্তস্তত্রাধুনা বসন্তীতি শুশ্রুম ॥ ৩৩ ॥

---

(১) কিম্বা আপনি আমাদের পিতৃব্যত্বহেতু আমাদিগের প্রিয়কারী এবং আপনি সাধু প্রযুক্ত পরোপকারী; সুতরাং আপনি ইহা অবশ্য সম্পাদন করিবেন; ইহাই বলিতেছেন—আমাদিগের ইত্যাদি। (চক্রবর্ত্তী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অম্বিকাপুত্রো ধৃতরাষ্ট্রঃ রাজা ভ্রাতৃপুত্রেষু যুধিষ্ঠিরাদিষু বিষয়ভূতেষু দীনা কৃপণা ধীর্যস্য তথাভূতঃ সমো ন বর্ত্ত[illegible] নূনং নিশ্চিতং। তত্র হেতুঃ; দুষ্পুত্রো দুর্য্যোধনঃ তদ্বশগঃ তত্রাপি হেতুরন্ধদৃগ্ অজ্ঞঃ ॥ ৩৪ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

শতশৃঙ্গগিরিনিবাসিভিঃ ঋষিভিরানীতা রাজ্ঞা সহ বসন্তে বসন্তি স্বমহিমানমাচ্ছাদ্যেতি শেষঃ। ইত্যত আত্মনেপদম্ ॥ ৩৩ ॥

তত্র হেতুর্হ্যন্ধদৃগিতি তত্ত্বজ্ঞানশূন্যত্বাৎ ॥ ৩৪ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৩৩—৩৪ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

কা জিজ্ঞাসেত্যাকাঙ্ক্ষায়ামাহ—পিতর্য্যুপরত ইতি। পাণ্ডৌ সংস্থিতে বালা এব তে চ বহবশ্চ মাত্রা সহ স্থিতা ইতি স্তনন্ধয়প্রায়া ইত্যবস্থায়া দয়াপাত্রত্বমুক্তম্। অতিদুঃখিতা ইতি দয়ায়াঃ সাধারণো হেতুঃ, তদীয়ানাং পালকত্বমস্তি নবেতি বচনার্থং পরিগ্রহো নিরূপ্যতে;—আনীতাঃ স্বপুরমিতি। তে চেচ্ছত্রবঃ সুতরামেবানর্থপর্য্যবসায়িত্বং স্বস্থানে স্থাপিতা ইতি তত্রাপি রাজ্ঞা অনেন তেষাং রাজত্বাভাবো নিরূপিতঃ ॥ ৩৩ ॥

কিঞ্চ ন কেবলং তে বসন্তে কিন্তু উপদ্রুতা ইত্যপি শঙ্কা, যতো অয়মম্বিকাপুত্রঃ তেষু প্রসিদ্ধেষ্বপি নিষ্ঠুরেষ্বপি ভ্রাতৃপুত্রেষু বিনীতেষু সমো ন বর্ত্ততে, তত্র হেতুঃ দীনা ধীর্যস্যেতি বুদ্ধিস্তু দরিদ্রো হি দুর্গতঃ সর্ব্বমেব কর্ত্তুং সমর্থঃ নিষিদ্ধং বিহিতে ত্বশক্তঃ আগন্তুকদোষমাহ—দুষ্পুত্রবশগ ইতি। দুষ্টঃ সহজঃ কলিত্বাৎ দুর্য্যোধনো হি কলেরবতার ইতি। অতএব কালস্য প্রাবল্যাৎ তদ্বশগঃ পুত্রত্বাৎ মোহেনাপি তদ্বশগো জাতঃ, স্বতো বিচারসামর্থ্যাভাবায়াহ—অন্ধদৃগিতি। [illegible] শব্দনৈ[illegible] [illegible] শব্দং সর্ব্বো মন্যতে পুত্রশব্দশ্চ [illegible] ॥ ৩৪ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ, বসন্তে বসন্তি ॥ ৩৩—৩৪ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ বসন্তে পুরে সন্তি ॥ ৩৩ ॥

দীনধীঃ পাণ্ডবেষু সমৃদ্ধেষু মৎপুত্রাণাং রাজ্যং ন স্যাদিতি পরিতপ্তবুদ্ধিঃ, অন্ধদৃক্ নেত্রহীনঃ ॥ ৩৪ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

স্বপুরমানীতাঃ শতশৃঙ্গাখ্যপর্ব্বতাৎ মুনিভিরিতি শেষঃ। রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ গৃহীতাঃ ইতি শেষঃ। বসন্তি তত্রৈব নিবসন্তীতি শুশ্রুম শ্রুতবন্তো বয়মিত্যর্থঃ। তেষাং পর্ব্বতে জন্ম তত্রৈব পিতুর্মৃত্যুঃ, তত আগমনাদিকমাদিপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥ ৩৩ ॥

দুষ্পুত্রাণাং দুষ্টানাং দুর্য্যোধনাদিপুত্রাণাং বশেন গচ্ছতীতি তথা ॥ ৩৪ ॥

বঙ্গানুবাদ।

(যাহা জিজ্ঞাস্য; তাহাই কারণের সহিত ও প্রয়োজনের সহিত বলিতেছেন;—)

পিতা পাণ্ডু শান্ত হইলে (১) অর্থাৎ স্বর্গলোক গমন

(১) "শান্ত হইলে" ইহা বলার তাৎপর্য্য এই—তাদৃশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গচ্ছ জানীহি তদ্বৃত্তমধুনা সাধ্বসাধু বা।
বিজ্ঞায় তদ্বিধাস্যামো যথা শং সুহৃদাং ভবেৎ ॥ ৩৫ ॥
ইত্যক্রূরং সমাদিশ্য ভগবান্ হরিরীশ্বরঃ।
সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং বৈ ততঃ স্বভবনং যযৌ ॥ ৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে অক্রূরগৃহগমনং নাম
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

করিলে মাতার (কুন্তীর) সহিত সুদুঃখিত বালকগণকে (১) শত শৃঙ্গাখ্য পর্ব্বত হইতে মুনিগণ স্বীয় পুরীতে অর্থাৎ হস্তিনাপুরে আনয়ন করিয়াছিলেন, এবং তাহারা সম্প্রতি রাজা (২) ধৃতরাষ্ট্রের সহিত সেই স্থানেই বাস করিতেছে; (অথবা রাজা কর্ত্তৃক গৃহীত হইয়া সেই স্থানেই বাস করিতেছে) ইহা শুনিয়াছি (৩) ॥ ৩৩ ॥

ক্ষুদ্রবুদ্ধি অজ্ঞ অম্বিকাপুত্র (৪) রাজা ধৃতরাষ্ট্র, কুসন্তান দুর্য্যোধনের বশবর্ত্তী হইয়া ভ্রাতৃপুত্র যুধিষ্ঠিরাদির প্রতি তুল্যব্যবহার করে না এইরূপ আমার বিবেচনা হইতেছে ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

অধুনা (এব ত্বং) গচ্ছ, তদ্বৃত্তং (তস্য ধৃতরাষ্ট্রস্য বৃত্তং, কিম্বা তেষাং পাণ্ডবানাং বৃত্তং বর্ত্তনং অবস্থানমিতিযাবৎ) সাধু অসাধু বা (সাধু বা ভবতি অসাধু বা ইতি) জানীহি, তৎ (বৃত্তং) বিজ্ঞায় (ভবন্মুখাৎ বিশেষেণ জ্ঞাত্বা ততঃ) সুহৃদাং (পাণ্ডবানাং) শং (সুখং) যথা ভবেৎ (তথা) বিধাস্যামঃ (করিষ্যামঃ) ॥ ৩৫ ॥

ঈশ্বরঃ (সর্ব্বনিয়ন্তাপি) ভগবান্ (সমগ্রৈশ্বর্য্যপূর্ণোঽপি) হরিঃ (মনসৈব দুষ্টসংহারসমর্থোঽপি শ্রীকৃষ্ণঃ) ইতি (পূর্ব্বোক্তানুনয়ন-প্রকারেণৈব) অক্রূরং সমাদিশ্য (সম্যক্ পুরস্কারপূর্ব্বকং আদিশ্য) ততঃ (অক্রূরগৃহাৎ) সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং (সহ) স্বভবনং যযৌ (গতবান্) বৈ (সম্বোধনে তচ্চ লীলামাধুর্য্যানুভববৈশিষ্ট্যায় ইত্যর্থঃ) ॥ ৩৬ ॥

ইতি শ্রীধাম-নবদ্বীপ-নিবাসি-
পণ্ডিত শ্রীযুক্তশচীনন্দন গোস্বামি ভক্তিরত্ন-
কৃতাষ্টচত্বারিংশাধ্যায়ঃ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা।

॥ ৩৫—৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকায়াম্
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

অধুনৈব গচ্ছ তস্য রাজ্ঞো বৃত্তং সাধু বা ভবত্যসাধু বেতি জানীহীত্যর্থঃ। তত্তথা ভগবান্ সমগ্রৈশ্বর্য্যাদিপূর্ণোঽপি হরিঃ মনসৈব দুষ্টসংহারসমর্থোঽপি ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তাপি। ইতি

আদরণীয় জন সমূহের প্রতি অশ্লীলবাক্য প্রয়োগ করা উচিত নয়; ইহাই খ্যাপনের নিমিত্ত।

(১) "বালকগণকে" ইহা আনয়ন সময়ের অপেক্ষায় ইহা বলা হইল।

(২) "রাজা" ইহাদ্বারা অন্ধেরও দৈবাৎ রাজত্ব প্রাপ্তি হইয়াছিল; ইহা সূচিত হইল ॥ (তোষণী)

(৩) "শুনিয়াছি" ইহা দ্বারা লীলার মাধুর্য্য ব্যক্ত হইল।

(৪) "অম্বিকাপুত্র" পাণ্ডুর বিমাতার পুত্র বলিয়া অম্বিকার পুত্র ॥ (তোষণী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বোক্তানুনয়প্রকারৈরেব সম্যক্ পুরস্কারপূর্ব্বকং আদিশ্য ততো-হক্রূরগৃহাৎ সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং সহেতি ন ত্বনুব্রজনার্থমক্রূরেণাপীতি তৎপ্রস্থাপনত্বরা দর্শিতা। স্বেতি তস্মিন্ ভবনে তদনন্তরং স্বেচ্ছাময়-বিলাসঃ সূচিতঃ। বৈ সম্বোধনে। তচ্চ লীলামাধুর্য্যানুভব-বৈশিষ্ট্যায় ॥ ৩৫—৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে
শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণ্যাং
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণী।

॥ ৩৫—৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমজ্জীবগোস্বামিকৃত-বৈষ্ণবতোষণ্যাম্
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৩৫—৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ে
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

অতস্ত্বং গচ্ছ, সাধ্বসাধু বা তেষাং পাণ্ডবানাং বৃত্তং বর্ত্তনমবস্থান-মিতি যাবৎ, জানীহি। তদ্বৃত্তং বিজ্ঞায় ততঃ সুহৃদাং পাণ্ডবানাং শং সুখং যথা ভবেত্তথা বিধাস্যামঃ করিষ্যামঃ ॥ ৩৫ ॥

ইতীতি। ইত্থং সনাদিশ্যাজ্ঞাপ্য ততঃ সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং সহ স্বগৃহং গতবান্ ॥ ৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকায়াম্
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

তদ্বিধাস্যামঃ তথা করিষ্যামঃ, শং সুখম্ ॥ ৩৫—৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবল্যাম্
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৭ । ৪৮ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৩৫—৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভে
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

তর্হি কিং কর্ত্তব্যমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—গচ্ছ জানীহীতি—এক-বচনেন সেনাত্বভাবঃ সূচিতঃ, যুদ্ধার্থং ন গন্তব্যং কিন্ত্বধুনা তেষাং সাধুমঙ্গলমস্তি অসাধ্বমঙ্গলং বা অনিষ্টমস্তি বেত্যনাদরে, নো ভয়ং বা, জ্ঞানস্য কৃতোপযোগ ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—বিজ্ঞায়েতি। সুহৃদাং বন্ধূনাং যেনৈব প্রকারেণ শং ভবেৎ স এব প্রকারঃ কর্ত্তব্য ইত্যেতৎ সর্ব্বং জিজ্ঞাসানন্তরং কর্ত্তব্যম্, অন্যথা কৃতং ন সুখপর্য্যবসায়ি ভবতীতি অতো জিজ্ঞাসার্থমেব গচ্ছ নত্বন্যৎ কিঞ্চিৎ কর্ত্তব্যমিতি ভাবঃ। মোহিতস্যায়ং গুণঃ যদধিকমপি করিষ্যতি অতএব ধৃত-রাষ্ট্রোঽপি তেন নির্ভৎসিতঃ ॥ ৩৫ ॥

CC0: In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতাবতৈব কার্য্যং ভবিষ্যতীত্যভিজ্ঞায় ভগবান্ স্বগৃহং গত ইত্যাহু—ইত্যক্রূরং সমাদিশ্যেতি। আজ্ঞাসিদ্ধৌ ভগবত্ত্বং হেতুঃ, আজ্ঞাপনে হরিত্বং, স্বত আগমনে ঈশ্বরত্বং, স্তুত্বা স্বাপেক্ষয়াপ্যাধিক্যমুপপাদ্যেদানীঞ্চ সেবকার্থং দূতত্বঞ্চ কারিতবানিতীশ্বরচর্য্যা সঙ্কর্ষণোদ্ধবয়োরন্যতরস্য বা গমনং ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ—সঙ্কর্ষণোদ্ধবাভ্যামিতি। নির্গমন এব সহ ভাবঃ স্বভবনগমনে তু নায়ং নির্ব্বন্ধ ইতি জ্ঞাপয়িতুং তত ইত্যুক্তং, তস্মাৎ স্থানাৎ তদনন্তরঞ্চ কার্য্যান্তরাবৃত্ত্যর্থং স্বস্য ভবনং যযৌ প্রাপণকথনেন মধ্যেঽপি কার্য্যান্তরং ব্যাবর্ত্তিতম্॥ ৩৬॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমদ্বল্লভদীক্ষিতবিরচিতায়াং সুবোধিন্যাম্
পঞ্চচত্বারিংশাধ্যায়ার্থবিবরণম্॥ ৪৫॥ ৪৮॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

॥ ৩৫—৩৬॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্।
অষ্টচত্বারিংশকোঽয়ং দশমেঽজনি সঙ্গতঃ॥ ৪৮॥

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণকৃত বৈষ্ণবানন্দিন্যাং।

সুহৃদাং পাণ্ডবানাং শং সুখং যথা ভবেত্তাদ্বধাস্যামঃ॥ ৩৫॥

ততোঽন্তরগৃহাৎ অক্রূরেণানুব্রজ্যানুক্তিস্তস্য প্রস্থানেতি ত্বরাং বানক্তি॥ ৩৬॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিন্যাং
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৮॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

॥ ৩৫—৩৬॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে দশমস্কন্ধে পূর্ব্বার্দ্ধে
শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপে
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৮॥

বঙ্গানুবাদ।

সম্প্রতি আপনি এক্ষণই তথায় গমন করুন, ধৃতরাষ্ট্রের বৃত্তান্ত ভাল কি মন্দ জানিয়া আসুন্ (১) আপনার মুখে বিশেষরূপে পরিজ্ঞাত হইয়া (২) যাহাতে পাণ্ডবগণের মঙ্গল হয় (৩) তাহাই করিব॥ ৩৫॥

(ইহার দ্বারাই কার্য্য হইবে; এইরূপ জানিতে পারিয়া শ্রীভগবান্ নিজের গৃহে গমন করিলেন—তাহাই বলিতেছেন;—)

শ্রীকৃষ্ণ, সর্ব্বনিয়ন্তা, ভগবান্ (সমগ্র ঐশ্বর্য্যপূর্ণ) হরি (সঙ্কল্পমাত্রে দুষ্ট-সংহারে সমর্থ) হইলেও পূর্ব্বোক্ত অনুনয় প্রকারে শ্রীঅক্রূর মহাশয়কে সম্যক্‌রূপে আদেশ প্রদান করিয়া তাঁহার গৃহ হইতে শ্রীবলরাম ও শ্রীউদ্ধব মহাশয়ের সহিত স্বীয় ভবনে গমন করিলেন॥ ৩৬॥

ইতি শ্রীধামনবদ্বীপ নিবাসি-
পণ্ডিত শ্রীযুক্তশচীনন্দন গোস্বামি ভক্তিরত্নকৃত
অষ্টচত্বারিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত॥

---

(১) এই স্থানে মূলে "গচ্ছ ও জানীহি" অর্থাৎ "গমন করুন ও জানুন" এইরূপ একবচনের প্রয়োগ আছে, ইহাদ্বারা সেনাদির অভাব সূচিত হইল।

যুদ্ধের নিমিত্ত গমন করিব না, কিন্তু সম্প্রতি তাহাদের মঙ্গল বা অমঙ্গল, অথবা ভয় নাই।

(২) এইজ্ঞানের উপযোগ কোথায়? এই আশঙ্কা করিয়াই বলিলেন—পরিজ্ঞাত হইয়া।

(৩) অর্থাৎ যাহাতে বন্ধুগণের মঙ্গল হয়, সেই রূপই করা উচিত; সুতরাং এই সকল জিজ্ঞাসা করিয়াই করিব, তাহা না হইলে যাহা করা হয়, তাহা সুখে পর্য্যবসিত হয় না, অতএব জিজ্ঞাসা করিবার জন্য গমন করুন্ অন্য কিছুই আর আপনার কর্ত্তব্য নাই; এই ভাবার্থ। (সুবোধিনী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একোনপঞ্চাশোঽধ্যায়ঃ।

শ্রীশুক উবাচ—

স গত্বা হাস্তিনপুরং পৌরবেন্দ্রযশোঽঙ্কিতম্ (১)।
দদর্শ তত্রাম্বিকেয়ং সভীষ্মং বিদুরং পৃথাম্ ॥ ১ ॥
সহপুত্রঞ্চ বাহ্লীকং ভারদ্বাজঞ্চ গৌতমম্ (২)।
কর্ণং সুযোধনং দ্রৌণিং পাণ্ডবান্ সুহৃদোঽপরান্ ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুক উবাচ—

সঃ (অক্রূরঃ) পৌরবেন্দ্রযশোঽঙ্কিতং (পৌরবেন্দ্রাণাং যশোভিঃ যশোদ্যোতকৈঃ তৎকৃতদেব-ব্রাহ্মণায়তনাদিভিঃ অঙ্কিতং, "কৌরবেন্দ্র-যশোঽঙ্কিতং" ইতি পাঠে কৌরবেন্দ্রাণাং—কুরুবংশোদ্ভবানাং যশোভিঃ—যশঃসূচকদেব-ব্রাহ্মণাদ্যায়তনাদিভিরঙ্কিতং) হাস্তিনপুরং গত্বা তত্র (হাস্তিনপুরে) সভীষ্মং (ভীষ্মসহিতং) আম্বিকেয়ং (ধৃতরাষ্ট্রং) বিদুরং, পৃথাং (স্বভগিনীং কুন্তীং), সহপুত্রঞ্চ (সোম-দত্তসহিতঞ্চ) বাহ্লীকং, (সগৌতমং ইতি পাঠে কৃপাচার্য্যসহিতং) ভারদ্বাজং (দ্রোণাচার্য্যং) গৌতমং (কৃপাচার্য্যং) কর্ণং, সুযোধনং, দ্রৌণিং (দ্রোণপুত্রং অশ্বত্থামানং,) সুহৃদঃ পাণ্ডবান্, অপরান্ (শকুনি-ভূরিশ্রবঃ-প্রভৃতীন্, কিম্বা অপরান্ সুহৃদঃ জ্ঞাতীন্) দদর্শ ॥ ১—২ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

ঊনপঞ্চাশত্তমে তু গত্বাক্রূরো গজাহ্বয়ম্।
রাজ্ঞঃ স্বভ্রাতৃপুত্রেষু বুদ্ধা বৈষম্যমাগমৎ ॥
পৌরবেন্দ্রাণাং যশোভিস্তৎকৃতদেব-ব্রাহ্মণায়তনাদিভিরঙ্কিতম্ ॥১॥
বাহ্লীক-পুত্রঃ সোমদত্তঃ, ভারদ্বাজো দ্রোণঃ,গৌতমঃ কৃপঃ ॥ ২ ॥

(১) কৌরবেন্দ্রযশোঽঙ্কিতং ইতি পাঠান্তরং।

(২) ভরদ্বাজং সগৌতমং ইতি পাঠান্তরং।

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

সঃ সাধুত্বেনোক্তঃ,তত্র হাস্তিনপুরে তত্রাপি সভামধ্য ইতি জ্ঞেয়ং। একত্রৈব যুগপৎ সর্ব্বেষাং দর্শনাৎ ভীষ্মেণ সহিতমিতি সর্ব্বকৃত্যেষু তস্য সম্মতি-গ্রহণার্থং তদন্তিকে রাজ্ঞ আম্বিকেয়স্যাসীনত্বাৎ ইতি। তস্য পার্শ্বে দক্ষিণে ভীষ্মস্য বিদুরস্য মন্ত্রিত্বাৎ বামে, অন্যেষাঞ্চ যথা-স্থানমাসনমূহ্যং। যদ্বা বিদুরস্যৈব বিশেষণং। সভীষ্মমিতি পরম-সাধুতয়া স্নেহেন তয়োরেকত্রৈবাসনাৎ, অতএব তয়োঃ পার্শ্বে শ্রীকুন্ত্যা আসনাত্তাভ্যামনন্তরমেব নির্দ্দেশঃ ॥ ১ ॥

আত্মশ্চকারস্বর্থে, বাহ্লীকস্য পুত্রসাহিত্যবিশেষাৎ, অপ্যর্থে দ্বিতীয়ঃ, দ্রোণস্য বিপ্রত্বেঽপি তদন্তরে বাসনাৎ সমুচ্চয়ে বা, "সগৌতম-মিতি" বা পাঠঃ। তয়োরেকত্রৈবাসনাৎ এবমেষু যথোত্তরং রাজ্ঞ আদরাধিক্য-ন্যূনত্বাভ্যাং তদনুসারেণ কস্যচিদন্তিকে কস্যাপি দূরে অপি আসনাত্তেষাং তত্তৎক্রমেণ দর্শনং, তত্র বাহ্লীকে ভারদ্বাজা-দপ্যাধিক্যং তস্য কুলবৃদ্ধত্বেনাতি পূজ্যত্বাৎ, তত্র পুত্রস্য তু পিতৃ-পার্শ্বাসনাপেক্ষয়া। কিম্বা তস্যাপি পিতামহত্বেনাত্যাদরণীয়ত্বাৎ কর্ণস্য চ সুযোধনপ্রিয়ত্বাদিনা, অন্যৎ স্পষ্টং। অতএবাদরহান্যা পাণ্ডবানাং সর্ব্বান্তে আসনাত্তথৈব দর্শনং, অপরান্ শকুনিদুঃশাসনাদীন্ ॥ ২ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

বৃত্তবিবিৎসয়া বৃত্তং বেদিতুমিচ্ছয়া ॥ ১—২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

অথৈবং প্রেষিতোঽক্রূরঃ সম্বিজ্ঞাতসুহৃদ্বৃত্তান্তঃ পুনরাগতঃ তদ্-ভগবতে স্ববেদয়দিত্যাহ—একোনপঞ্চাশত্তমেন স গত্বেত্যাদিনা। সোঽক্রূরঃ কৌরবেন্দ্রাণাং কুরুবংশোদ্ভবানাং যশোভিঃ যশঃসূচক-দেবব্রাহ্মণাদ্যায়তনাদিভিরঙ্কিতং হাস্তিন-পুরং গত্বা তত্র ভীষ্মেণ সহিত-মাম্বিকেয়ং ধৃতরাষ্ট্রং বিদুরাদীংশ্চ দদর্শেতি দ্বয়োরেব সম্বন্ধঃ। তত্র পৃথা কুন্তী ॥ ১ ॥

বাহ্লীক-পুত্রঃ সোমদত্তঃ,গৌতমঃ কৃপাচার্য্যঃ, ভারদ্বাজো দ্রোণঃ, দ্রৌণিঃ দ্রোণপুত্রোঽশ্বত্থামা, অপরান্ সুহৃদঃ জ্ঞাতীন্ ইত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

যোগ্যানাং ভগবতি হরৌ স্বত এব ভক্তিঃ প্রকাশত ইতি ব্যনক্তি—অস্মিন্নধ্যায়ে; তত্রাদাবক্রূরস্য ধৃতরাষ্ট্রাদি-দর্শনং বক্তি—স গত্বেতি ॥ ১ ॥

বাহ্লীকং কুরুবংশে কঞ্চন বৃদ্ধং রাজানং শন্তনোর্ভ্রাতরং, ভার-দ্বাজং ভরদ্বাজস্যাপত্যং দ্রোণং সগৌতমং সকৃপম্ ॥ ২ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

জগদীশ্বরমপি কৃষ্ণং স্বজনং নিজবন্ধুতয়ানুস্মৃত্য ॥ ১—২ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

ষট্চত্বারিংশকেঽধ্যায়ে সাত্ত্বিকানাং নিরূপ্যতে।
সান্ত্বনং চাস্যমুখতো নিরোধো মহদধিকারতঃ ॥
ভগবৎপ্রেষিতোঽক্রূরঃ কৃত্বা সান্ত্বনপূর্ব্বতঃ।
জ্ঞানেন তৎপ্রতীকারং মত্বা তচ্চোক্তবান্ স্বয়ম্ ॥
পাণ্ডবৈর্জ্ঞাপিতাশেষে বিচারে কুশলো যতঃ।
অতঃ স্থিত্বা গতিং বুদ্ধা স্বশক্তিং জ্ঞাতবাংস্ততঃ ॥

অন্যথা ভগবৎকার্য্যং নিরোধো ন ভবিষ্যতি। প্রথমং ভগবৎ-কার্য্যং কৃতবানিত্যাহ—স গত্বেতি ষড়্ভিঃ। স অক্রূরঃ স্বতো ভগবদাজ্ঞয়া চ বিশিষ্টো হস্তিন-পুরং হস্তিন্ শব্দাদপি রূঢ়ত্বাভাবায় তেন নির্বৃতমিতি জ্ঞাপনার্থং। বহুলেন গন্তব্যং তথাপি স্বভাবত উত্তমমিত্যাহ—পৌরবেন্দ্রশ্রিয়োঽঙ্কিতমিতি পৌরবেন্দ্রাণাং শ্রিয়া অঙ্কিতনিতি মুখ্যত্বাৎ প্রথমতো রাজদর্শনম্, অম্বিকায়াঃ পুত্রো ধৃত-রাষ্ট্রঃ ধৃতং রাষ্ট্রং যেনেতি ব্যুৎপত্তিঃ সম্ভবিষ্যতীতি তন্নিষেধার্থং মাতৃনাম্না ব্যপদিষ্টঃ, রাজস্থান এব ভীষ্মং দৃষ্টবান্ বিদুরং পৃথামিতি জ্ঞাপকো জ্ঞাপ্যশ্চ নিরূপিতঃ ॥ ১ ॥

সহপুত্রমিতি। বাহ্লীকঃ শন্তনোর্ভ্রাতা। তৎপুত্রা ভূরিশ্রবাদয়ঃ, ভরদ্বাজো দ্রোণঃ, গৌতমঃ কৃপঃ, কর্ণদুর্য্যোধনাশ্বত্থামানঃ, এতে মহারথাঃ গণিতাঃ, ষট্সহপুত্রত্বেন সসহায়া অপি গণিতাঃ, ততোঽগ্রে তেষাং নিবারণসমর্থা ইতি জ্ঞাপয়িতুং পাণ্ডবাঃ গণিতাঃ, লোক-ন্যায়েন সর্ব্ববন্ধু-প্রিয়কৃদিতি জ্ঞাপয়িতুং সুহৃদঃ অপরাংশ্চ দৃষ্টবানি-ত্যুক্তম্ ॥ ২ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

ঊনপঞ্চাশত্তমেঽগাদক্রূরো হস্তিনাপুরম্।
ভ্রাতুষ্পুত্রেষু বৈষম্যং রাজ্ঞো জ্ঞাত্বাগমত্ততঃ ॥

পৌরবেন্দ্রাণাং যশোভির্যশোদ্যোতকৈস্তৎকৃতদেবব্রাহ্মণায়তনা-দিভিরঙ্কিতম্। আম্বিকেয়ং ধৃতরাষ্ট্রং, সহপুত্রং সোমদত্তসহিতং ভারদ্বাজং দ্রোণং, গৌতমং কৃপম্ ॥ ১—২ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

ঊনপঞ্চাশকেঽক্রূরো জগাম গজসাহ্বয়ং।
বৈষম্যং ভ্রাতৃপুত্রেষু রাজ্ঞো বুদ্ধাগমত্ততঃ ॥

পৌরবেন্দ্রাণাং যশোভিস্তদ্ধেতুভির্দ্দেবতাবিপ্রাদিমন্দিরৈরঙ্কিতং আম্বিকেয়ং ধৃতরাষ্ট্রং, সহপুত্রং সোমদত্তসহিতং ভারদ্বাজং দ্রোণং গৌতমং কৃপং ॥ ১—২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথাবদুপসঙ্গম্য বন্ধুভির্গান্দিনীসুতঃ।
সম্পৃষ্টস্তৈঃ সুহৃদ্বার্ত্তাং স্বয়ং চাপৃচ্ছদব্যয়ম্ ॥ ৩ ॥
উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞো বৃত্তবিবিৎসয়া।
দুষ্প্রজস্যাল্পসারস্য খলচ্ছন্দানুবর্ত্তিনঃ ॥ ৪ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

একোনপঞ্চাশত্তমেঽক্রূরো হাস্তিনপুরং গত্বা সুহৃদ্বৃত্তান্তং জ্ঞাত্বা শ্রীমথুরাং পুনঃ প্রাপ্য তদ্বৃত্তান্তং শ্রীরামকৃষ্ণাভ্যাং ন্যবেদয়দিত্যাহ—স গত্বেতি। পৌরবেন্দ্রাণাং পুরুবংশ্যানাং নরেন্দ্রাণাং যশোভিঃ যশঃসূচকৈঃ তদ্দেবায়তনাদিভিঃ অঙ্কিতম্ আম্বিকেয়ং ধৃতরাষ্ট্রম্ ॥ ১ ॥

পুত্রেণ সোমদত্তেন সহিতম্, গৌতমেন কৃপেণ সহিতং ভারদ্বাজং দ্রোণম্, অপরান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্ ॥ ২ ॥

বঙ্গানুবাদ।

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—(হে রাজন্!)

শ্রীঅক্রূর মহাশয় পৌরবশ্রেষ্ঠগণের যশঃপ্রকাশক দেবালয় ও বিপ্রালয় প্রভৃতি দ্বারা অঙ্কিত হস্তিনাপুরে গমন করিয়া সেই স্থানে শ্রীভীষ্ম সহিত ধৃতরাষ্ট্র, বিদুর, স্বীয়ভগিনী কুন্তী, স্বীয়পুত্র সোমদত্তের সহিত বাহ্লীক, কৃপাচার্য্যের সহিত ভারদ্বাজ (দ্রোণাচার্য্য), কর্ণ, দুর্য্যোধন, অশ্বত্থামা, সুহৃদ্ পাণ্ডবগণ এবং অন্যান্য শকুনি ভূরিশ্রবা প্রভৃতিকে দেখিতে পাইলেন (১) ॥ ১—২ ॥

(১) প্রথমে রাজাই দর্শনের যোগ্য, পরে কুলশ্রেষ্ঠ বলিয়া ভীষ্ম দর্শন যোগ্য। সেই দিনে শ্রীভীষ্ম, ধৃতরাষ্ট্রের নিকটে ছিলেন। সুতরাং "শ্রীভীষ্মের সহিত ধৃতরাষ্ট্র" এইরূপ বলা হইল। পরে আত্মীয় বিধায় শ্রীবিদুর ও তাহার সহিত স্ব-ভগিনীকে দর্শন করিলেন। তাহার পর কুলবৃদ্ধ বাহ্লীক মহাশয়ের দর্শন, অনন্তর পাণ্ডবান্বেষণে তাহাদিগের শিক্ষক ভারদ্বাজ, তার পরে ভারদ্বাজের সহিত গৌতমের, পরে পাণ্ডবদিগের সহাধ্যায়ী বলিয়া কর্ণ প্রভৃতি সকলের সাক্ষাৎকার হইয়াছিল।

অন্বয়ঃ।

গান্দিনীসুতঃ (অক্রূরঃ) যথাবৎ উপসঙ্গম্য (বৃদ্ধাদীন্ প্রণামাদিনা স্নেহাধিক্যেন মিলিত্বা) তৈঃ বন্ধুভিঃ সুহৃদ্বার্ত্তাং (সুহৃদাং যাদবানাং বার্ত্তাং) সম্পৃষ্টঃ (যথাবিধ্যাতিথ্যপূর্ব্বকং সস্নেহং পৃষ্টঃ সন্) স্বয়ং চ অব্যয়ং (কুশলং) অপৃচ্ছৎ।

কিম্বা গান্দিনীসুতঃ যথাবৎ (যথাযোগ্যং) বন্ধুভিঃ (যুধিষ্ঠিরাদিভিঃ সহ) উপসঙ্গম্য (সমুপেত্য) তৈঃ (বন্ধুভিঃ সহ সমেত্য) সম্পৃষ্টঃ (স্বকুশলঃ জিজ্ঞাসিতঃ সন্) স্বয়ঞ্চ (স্বয়মপি সুহৃদাং) অব্যয়ং (কুশলং) অপৃচ্ছৎ (পপ্রচ্ছ) ॥ ৩ ॥

দুষ্প্রজস্য (দুষ্টাঃ প্রজাঃ দুর্য্যোধনাদয়ঃ পুত্রাঃ যস্য স তস্য) অল্পসারস্য (মন্দঃ সারঃ—ধৃতিঃ যস্য সঃ তস্য) খলচ্ছন্দানুবর্ত্তিনঃ (খলান্—কর্ণাদীন্ অনুবর্ত্তিতুং শীলং অস্য ইতি তথা তস্য) রাজ্ঞঃ (ধৃতরাষ্ট্রস্য) বৃত্তবিবিৎসয়া (বৃত্তপরিশীলনার্থং) কতিচিৎ মাসান্ উবাস (উষিতবান্) ॥ ৪ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

অব্যয়ং কুশলম্ ॥ ৩ ॥

দুষ্প্রজস্যাসৎপুত্রস্যাল্পসারস্য মন্দধৃতেঃ, খলানাং কর্ণাদীনাং ছন্দং ইচ্ছাং অনুবর্ত্তিতুং শীলং যস্যেতি তথা তস্য ॥ ৪ ॥

বালকগণের বলিয়াই এইরূপ পাঠক্রম, তাহাতে পাণ্ডবগণের পশ্চাৎ ভাব কথন নিজের মধ্যস্থতা খ্যাপনদ্বারা ধর্ম্মোপদেশের নিমিত্ত পশ্চাৎ মিলন।

প্রথম চশব্দ, অনুক্ত সমুচ্চয়ে ও দ্বিতীয় চশব্দ, তৃপ্তি অর্থে অর্থাৎ ব্রাহ্মণ ভারদ্বাজেরও ক্ষত্রিয়ের মধ্যে পাঠ হেতু। (তোষণী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

গান্দিনীসুত ইতি ধর্ম্মজ্ঞত্বমভিপ্রেতং, অতএব যথাবদিতি বৃদ্ধান্ প্রণামাদিনা সম্মানালিঙ্গনাদিনা কনিষ্ঠানামাশীর্ব্বাদাদিনেত্যেবং যথাযোগ্যং উপসঙ্গম্য স্নেহাদাধিক্যেন মিলিত্বা সুহৃদাং যাদবানাং বার্ত্তাং কুশলবৃত্তং সম্যক্ যথাবিধ্যাতিথ্যপূর্ব্বকং স্নেহং পৃষ্টঃ ॥ ৩ ॥

দুষ্প্রজস্যেত্যাদিনা পরমাসাধুত্বমুক্তং, অতঃ ক্রূরদূরাশয়স্য চিরেণৈব ভাবজ্ঞানুশক্তের্ব্বহূন্মাসাংস্তত্রাবসৎ দুষ্প্রজস্যেত্যাদীনাং যথোত্তরং হেতুমত্তা তয়া দুষ্টতাধিক্যতা চ জ্ঞেয়া ॥ ৪ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৩—৪ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

যথাবদিতি। গান্দিনীসুতোঽক্রূরঃ যথাযোগ্যং বন্ধুভিঃ সহ যুধিষ্ঠিরাদিভিঃ সাকং সমুপেত্য তৈর্ব্বন্ধুভিঃ সহ সমেত্য সম্পৃষ্টস্বকুশলঃ স্বয়মপি সুহৃদামব্যয়ং কুশলং পপ্রচ্ছ ॥ ৩ ॥

কিঞ্চ উবাসেতি। ততো রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য বৃত্তপরিশীলনার্থং কতিচিন্মাসান্ উষিতবান্। কথম্ভূতস্য রাজ্ঞঃ দুষ্টাঃ প্রজাঃ দুর্য্যোধনাদয়ঃ পুত্রা যস্য। অসিজ্জভাব আর্ষঃ। অল্পসারস্য মন্দঃ সারো ধৃতিঃ যস্য অত এব খলান্ কর্ণাদীননুবর্ত্তিতুং শীলমস্যেতি তথা তস্য ॥ ৪ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

তৈর্ভীষ্মাদিভিঃ সুহৃদ্বার্ত্তাং প্রতি সম্পৃষ্টঃ অভূদিতি শেষঃ। অক্রূরঃ স্বয়ং চ তেষামব্যয়মনাময়ং পৃষ্টবান্ ॥ ৩ ॥

বৃত্তবিবিৎসয়া স্বপুত্রেষু বৃত্তং বর্ত্তনং সমং বিষমং চেতি জ্ঞাতুমিচ্ছয়া, অল্পমসার্য্যং সারং যস্য স তথা তস্য। তত্র হেতুঃ খলচ্ছন্দানুবর্ত্তিন ইতি। খলানাং পুত্রাণাং ছন্দমিচ্ছামনুবর্ত্তিতুং শীলমস্যাস্তীতি তস্য ॥ ৪ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৩—৪ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

যথাবদিতি। ততো যথাযোগ্যং নমস্কারাদি-প্রকারেণোপগম্যনম্ অস্যাপি মাহাত্ম্যং মাতৃপুরমাহৃতৈঃ মথুরাস্থবার্ত্তাং সম্যক্ পৃষ্টঃ বসন্ স্বয়ং চ তেষামব্যয়মপৃচ্ছত, চকারেণ বার্ত্তা সমাগতৈবাব্যয়মিতি ব্যয়োঽত্র কস্যচিৎ পরিত্যাগঃ, অব্যয়ং যথা ভবতি তথা সর্ব্বানেব পৃষ্টবান্ আপাততো বৃত্তান্তজ্ঞানং ন ভবতীতি স্বতো জ্ঞানার্থং স্থিতবান্, বর্ত্তমানস্যৈব জ্ঞানং ভবতীতি জ্ঞানং শ্রুতবান, ভবিষ্যজ্ঞানার্থং প্রবোধিতবানিতি সংগ্রহঃ ॥ ৩ ॥

তত্র প্রথমং স্থিতিমাহ—উবাসেতি। কতিচিন্মাসানিতি নিরন্তরং যাবত্তৎপরিজ্ঞানং ভবতি মাসত্রয়ং স্থিতবানিতি লক্ষ্যতে মাসে হি নূতনা দিবসা আবর্ত্তন্তে, ত্রয়ো হি পদার্থা জ্ঞাতব্যাঃ ধৃতরাষ্ট্রকাঃ স্বদোষাঃ পুত্রাদিমোহকৃতা দোষাঃ সংসর্গদোষাশ্চেতি এতে নৈমিত্তিকা অপি ভবন্তীতি মাসপর্য্যন্তং নিরন্তরপরিজ্ঞানার্থং স্থিতিঃ, নিরন্তরং পরিজ্ঞানে ত্রয়াণাং সংশ্লেষেণ গুণদোষব্যবস্থাপকানাং প্রত্যেকং ব্যভিচারাৎ পরিজ্ঞানং ন ভবতীতি একৈকস্য পরিজ্ঞানার্থং তদীয়গুণদোষনির্দ্ধারার্থং মাসপর্য্যন্তং স্থিতিঃ, এবং দোষত্রয়ে মাসত্রয়মিতি শীঘ্রাপরিজ্ঞানে রাজত্বং হেতুঃ, রাজমন্ত্রণং গূঢ়ং ভবতীতি দোষানাহ—দুষ্টাঃ প্রজাঃ পুত্রাঃ অল্পঃ সারো বিবেকধৈর্য্যাদিকং যস্য খলাঃ শকুনিপ্রভৃতয়ঃ, তেষাং ছন্দো বৃত্তং তদনুবর্ত্তনশীলশ্চ ॥ ৪ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী

অব্যয়ং কুশলম্ ॥ ৩ ॥

খলানাং কর্ণাদীনাং ছন্দমিচ্ছামনুবর্ত্তিতুং শীলং যস্য তথা তস্য ॥ ৪ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেজ ওজো বলং বীর্য্যং প্রশ্রয়াদীংশ্চ সদ্‌গুণান্।
প্রজানুরাগং পার্থেষু ন সহদ্ভিশ্চিকীর্ষিতম্ ॥ ৫ ॥
কৃতঞ্চ ধার্ত্তরাষ্ট্রৈর্যদ্‌গরদানাদ্যপেশলম্।
আচখ্যৌ সর্ব্বমেবাস্মৈ পৃথা বিদুর এব চ ॥ ৬ ॥

শ্রীমদ্‌বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

অব্যয়ং কুশলং ॥ ৩ ॥

দুষ্প্রজস্য দুষ্ট-পুত্রস্য অল্পসারস্য তুচ্ছধৈর্য্যস্য খলেতি কর্ণাদীচ্ছানুসারিণ ইত্যর্থঃ ॥ ৪ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

অব্যয়ং কুশলম্ ॥ ৩ ॥

দুষ্টাঃ প্রজাঃ দুর্য্যোধন-দুঃশাসনাদ্যাঃ যস্য তস্য অল্পসারস্য স্বল্পধর্ম্মরুচেঃ, খলানাং শকুনীকনকাদীনাং ছন্দনিচ্ছামনুবর্ত্তিতুং শীলমস্যেতি ॥ ৪ ॥

বঙ্গানুবাদ।

গান্দিনীতনয় শ্রীঅক্রূর মহাশয় যথানিময়ে বৃদ্ধদিগের নিকট প্রণামাদি দ্বারা উপস্থিত হইলে তাঁহারা অক্রূরের নিকট সুহৃদ্ যাদবগণের সংবাদ জিজ্ঞাসা করিলে পর তিনিও তাঁহাদিগের নিকট কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন।

কিম্বা গান্দিনীতনয় শ্রীঅক্রূর মহাশয় যথানিয়মে বন্ধু যুধিষ্ঠিরাদির সহিত মিলিত হইলে তাহারা নিজের কুশল জিজ্ঞাসা করিলে নিজেও তাহাদিগের নিকট কুশল জিজ্ঞাসা করিলেন ॥ ৩ ॥

আর যাহার পুত্রগণ দুর্দ্দান্ত, যাহার ধৈর্য্য নিরতিশয় অল্প। যিনি খল কর্ণ প্রভৃতির বুদ্ধির অনুবর্ত্তন করে, সেই রাজা ধৃতরাষ্ট্রের কার্য্য-কলাপ পর্য্যবেক্ষণের নিমিত্ত শ্রীঅক্রূর মহাশয় সেই স্থানে কয়েক মাস বাস করিতে লাগিলেন (১) ॥ ৪ ॥

অন্বয়ঃ।

পৃথা (কুন্তী) বিদুর এবচ অস্মৈ (শ্রীঅক্রূরায়) (পাণ্ডবানাং) তেজঃ (প্রভাবং—পরাভিভবসামর্থ্যং) ওজঃ (শাস্ত্রাদিনৈপুণ্যং পরৈরনভিভূতত্বং) বলং (শারীরং ধানুষঞ্চ) বীর্য্যং (শৌর্য্যং) প্রশ্রয়াদীন্ (বিনয়লজ্জাধৈর্য্যাদীন্) সদ্‌গুণান্ চ পার্থেষু (যুধিষ্ঠিরাদিষু) প্রজানুরাগং (প্রজানাং অনুরাগং) ন সহদ্ভিঃ (অসহমানৈঃ) ধার্ত্তরাষ্ট্রৈঃ (দুর্য্যোধনাদিভিঃ) কৃতং গরদানাদ্যপেশলং (শ্রীভীমায় বিষপ্রদানাদি-জলক্ষেপণাত্মকং অপেশলং—কঠিনং দুষ্টং কর্ম্ম) যচ্চ চিকীর্ষিতং (অগ্রে করণীয়ং লাক্ষাগৃহাদি) সর্ব্বং এব চ আচখ্যৌ (উক্তবান্) ॥ ৫—৬ ॥

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

তেজঃ প্রভাবং, ওজঃ শাস্ত্রাদিনৈপুণ্যং, বীর্য্যং শৌর্য্যম্ ন সহদ্ভিরসহমানৈঃ, চিকীর্ষিতমিত উপরি কর্ত্তুমিষ্টম্ ॥ ৫ ॥

গরস্য বিষস্য দানাদি অপেশলমন্যায্যম্ তেজ ওজ ইত্যাদি সর্ব্বং কথয়ামাস ॥ ৬ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

আদিশব্দাল্লজ্জাধৈর্য্যাদয়ঃ, স উত্তমান্ গুণান্ তেষ্ব আদীনাং

(১) বহুদিন বাস করিলে তাহার কৌটিল্য প্রকাশ হইয়া পড়িবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যন্নাং যথাপূর্ব্বমসহনে শ্রৈষ্ঠ্যং গরস্য দানং আদিশব্দাৎ তদ্দান-প্রকারাদি। কিম্বা বধার্থবিবিধ-দুর্ম্মন্ত্রণাদি অস্মৈ অক্রূরায় এব অপি পিতৃব্যত্বেনোভয়ত্র সমো বিদুরোঽপি ইতি তদ্দার্ঢ্যং বোধিতং,চকারাৎ দ্রোণাদিভৃত্যপুরোহিতাদির্ব্বা। অন্যত্তৈর্ব্ব্যাখ্যাতং। তত্র তেজ ওজ ইত্যাদিকমিতি সর্ব্বমিত্যস্যৈব ব্যাখ্যা ॥ ৫—৬ ॥

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৫ ॥

অপেশলং অশুভং ॥ ৬ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

তেজ ইত্যাদি। পার্থেষু প্রজানামনুরাগং যেষাং, তেজ আদি-গুণাংশ্চাসহমানৈর্দ্ধার্ত্তরাষ্ট্রৈর্দুর্য্যোধনাদিভির্যৎ কৃতং বিষপ্রদানাদিক-মপেশলং কঠিনং দুষ্টং কর্ম্ম,যচ্চ চিকীর্ষিতমগ্রে করণীয়ং তৎ সর্ব্বমস্মৈ অক্রূরায় পৃথা বিদুরশ্চাচখ্যৌ ইতি দ্বয়োরেকান্বয়ঃ। তত্র তেজঃ পরাভিভবসামর্থ্যম্, ওজঃ পরৈরনভিভূতত্বং, বলং শারীরং ধানুষঞ্চ, বীর্য্যং শৌর্য্যং তচ্চ যুদ্ধে স্বগৃহে ইব প্রবেশসামর্থ্যম্ ॥ ৫—৬ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

তেজো জ্যোতির্লক্ষণা দীপ্তিঃ, ওজঃ পরাভিভবলক্ষণং সামর্থ্যং, বলং শারীরং রূপং বা, বীর্য্যং পরাক্রমঃ ॥ ৫—৬ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৫—৬ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

তৎকৃতং সমীচীনং মন্যত ইত্যর্থপূজার্থপরিজ্ঞানমাহ—তেজ ইতি দ্বাভ্যাম্। তেজঃ কান্তিঃ, ওজ ইন্দ্রিয়শক্তিঃ, বলং দেহস্য বীর্য্যং পরাক্রমঃ বীররসাভিনিবেশকৃৎ এতে ক্ষত্রিয়োৎকৃষ্টত্ব-প্রতিপাদক-ধর্ম্মাঃ, সদ্‌গুণানাহ—প্রশ্রয়াদীনিতি। বিনয়াদয়ো হি সাত্ত্বিক-ধর্ম্মাস্তেন স্বভাবতস্তে জীবা উদ্ধর্ত্তব্যা ইত্যুক্তং। দোষে হেত্বন্তর-মপ্যাহ—পার্থেষু যুধিষ্ঠিরাদিষু প্রজানুরাগং চ ত্রেধা হি মাৎসর্য্য-মুৎপন্নং ত্রিদোষাত্মকং সৎ অচিকিৎস্যমিতি তৎকৃতং ফলমাহ—ন সহন্তিশ্চিকীর্ষিতমিতি ॥ ৫ ॥

সর্ব্বথা মারণং কৃতং তু গরদানং ভীমায়, বিষমোদকাঃ প্রদত্তা ইতি স চ পাতালে গত্বা সমাগত ইতি চ অতিশব্দেন বহুধা ভীম-মারণার্থমুদ্যমোঽপি প্রদর্শিতঃ, অপেশলমসুন্দরং কদাচিদপ-মানাদিকমপি কৃতমিতি বৃত্তান্তসহিতমেতৎ সর্ব্বং পৃথা বিদুরশ্চ স্বকীয়সাধারণশ্চ সর্ব্বমেবাচখ্যৌ একেন স্বরূপজ্ঞানমপরেণ ভাবমিতি চকারাল্লোকমুখতোঽপ্যেবং ভূতার্থপরিজ্ঞানে ভগবদীয়ত্বং হরে-রিতি ॥ ৬ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

তেজঃ প্রভাবঃ, ওজঃ শাস্ত্রাদিনৈপুণ্যং, বীর্য্যং শৌর্য্যম্,অপেশল-মন্যায্যম্ ॥ ৫—৬ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

তেজ ইতি যুগ্মকং, তেজঃ প্রভাবঃ, ওজঃ শাস্ত্রনৈপুণ্যং, বীর্য্যং শৌর্য্যং এতৎ সর্ব্বমসহমানৈর্দ্ধার্ত্তরাষ্ট্রৈশ্চিকীর্ষিতমতঃপরং কর্ত্তু-মিষ্টং লাক্ষাগৃহাদি অপেশলমন্যায্যং, অস্মৈ অক্রূরায় ॥ ৫—৬ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

তথা পুত্রেষু প্রজায়াঃ পৌরজানপদজনতায়াঃ অনুরাগম্ পার্থানাং তেজ আদিসদ্‌গুণাংশ্চ ন সহন্তিঃ অসহমানৈর্দ্ধার্ত্তরাষ্ট্রৈর্দুর্য্যোধনাদিভিঃ যদপেশলং কঠিনং বিষদানাদি কৃতং যচ্চ চিকীর্ষিতমত উপরি কর্ত্তু-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃথা তু ভ্রাতরং প্রাপ্তমক্রূরমুপসৃত্য তম্।
উবাচ জন্ম-নিলয়ং স্মরন্ত্যশ্রুকলেক্ষণা ॥ ৭ ॥
অপি স্মরন্তি নঃ সৌম্য! পিতরৌ ভ্রাতরশ্চ মে।
ভগিন্যো ভ্রাতৃপুত্রাশ্চ জাময়ঃ সখ্য এব চ ॥ ৮ ॥

মিষ্টং তৎ সর্ব্বম্ অস্মৈ অক্রূরায় পৃথা বিদুরশ্চ আচখ্যৌ ইতি দ্বয়োরন্বয়ঃ। এবকারস্তেষাং দুষ্টানাং দুর্ম্মন্ত্রিত্বং প্রায়োঽন্যে ন জ্ঞাতবানিতি সূচয়তি ॥ ৫—৬ ॥

বঙ্গানুবাদ।

শ্রীকুন্তীদেবী এবং শ্রীবিদুর মহাশয়, শ্রীঅক্রূরকে পাণ্ডবগণের তেজঃ (পরাভিভবসামর্থ্য) শাস্ত্রাদিতে নিপুণতা, শরীরের ও ধনুর বল, শৌর্য্য, বিনয়াদি সদ্‌গুণ(১), এবং পাণ্ডব-গণের প্রতি প্রজাগণের অনুরাগ এই সকল সদ্‌গুণ সহ্য করিতে না পারিয়া দুর্য্যোধনাদি ধৃতরাষ্ট্র-পুত্রগণ, শ্রীভীমকে যে বিষ-প্রদান করিয়াছিল ও অপরাপর যে কিছু দুষ্ট-কর্ম্ম করিবে বলিয়া মনস্থ করিয়াছিল তৎসমুদায়ই বর্ণন করিলেন ॥ ৫—৬ ॥

অন্বয়ঃ।

পৃথা তু (কুন্তী তু অতএবান্যতো বিশেষাৎ তুশব্দঃ) প্রাপ্তং (স্বগৃহে সমাগতং) তং (শ্রীভগবদ্ভক্তত্বেন খ্যাতং) ভ্রাতরং অক্রূরং উপসৃত্য (সমুপেত্য) জন্ম-নিলয়ং (জন্ম-ভবনং) স্মরন্তী অশ্রুকলেক্ষণা (অশ্রূণি কলয়তঃ নিরন্তরং মুঞ্চতঃ ইতি অশ্রুকলে ঈক্ষণে যস্যাঃ সা, কিম্বা অশ্রূণাং কলা লেশাঃ যয়োঃ তে ঈক্ষণে যস্যাঃ সা সতী) উবাচ (উক্তবতী) ॥ ৭ ॥

সৌম্য! (হে শান্তপ্রকৃতে!) মে (মম) পিতরৌ (শূরমারিষৌ) ভ্রাতরশ্চ (বসুদেবাদয়ঃ) ভগিন্যঃ (শ্রুতদেবাদয়ঃ) ভ্রাতৃপুত্রাঃ (রামকৃষ্ণাদয়ঃ) জাময়ঃ (কুলস্ত্রিয়ঃ) সখ্যঃ (সমশীলাঃ অন্যাঃ সহচর্য্যঃ) নঃ (অস্মান্, পুত্রাদ্যপেক্ষয়া বহুলং স্মরন্তি অপি? (কিং?) ॥ ৮ ॥

(১) বিনয়াদি সাত্ত্বিক ধর্ম্ম সুতরাং স্বভাবতই সেই সকল গুণ, জীবগণকে উদ্ধার করিবে এই ভাবার্থ। (সুবোধিনী)

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

তৎকথনাৎ পূর্ব্বতরং পৃথায়া বৃত্তমাহ—পৃথা ত্বিতি। অশ্রূণাং কলা লেশা যয়োস্তে ঈক্ষণে যস্যাঃ সা ॥ ৭ ॥

অপি কিম্? জাময়ঃ কুলস্ত্রিয়ঃ ॥ ৮ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

শ্রীভগবতি ভক্তিবিশেষেণ শ্রীকুন্ত্যা বৃত্তং বিস্তার্য্যাহ—পৃথেতি। অতএবান্যতো বিশেষাৎ তু-শব্দঃ। প্রাপ্তং পশ্চাৎ স্বগৃহে সমাগতং সন্তং তং শ্রীভগবদ্ভক্ত-বরত্বেন খ্যাতং। অশ্রূণি কলয়তঃ নিরন্তরং মুঞ্চত ইত্যশ্রুকলে ঈক্ষণে যস্যাঃ সা ॥ ৭ ॥

নোঽস্মানিতি পুত্রাদ্যপেক্ষয়া, মে ইতি তস্যা এব তৎসুতাত্বাদিনা, সৌম্য! হে শান্তপ্রকৃতে ইতি ভবাদৃশাং বন্ধুবাৎসল্যসাধুত্বাদিতি ভাবঃ। পিতরৌ শূর-তৎপত্নৌ, ভ্রাতরঃ শ্রীবসুদেবাদয়ঃ, ভ্রাতৃপুত্রাঃ শ্রীরামকৃষ্ণাদয়ঃ, জাময়ঃ শ্রীদেবক্যাদয়ঃ সখ্যোঽন্যাঃ কুলস্ত্রিয়ঃ এব অপ্যর্থে সমুচ্চয়ে চকারাদ্দাসদাস্যাদয়ঃ ॥ ৮ ॥

শ্রীমৎসুদর্শনসূরীকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৭ ॥

অপীতি পিত্রাদয়ঃ কিং স্মরন্তীত্যর্থঃ ॥ ৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

তত্র পৃথায়া বিশেষমাহ—পৃথা ত্বিতি। তত্র পৃথা তু তদাখ্যানাৎ পূর্ব্বমেব সমাগতং ভ্রাতরমক্রূরমুপসৃত্য সমুপেত্য জন্ম-নিলয়ং জন্ম-ভবনং স্মরন্তী অশ্রূণাং কলা লেশা যয়োস্তে ঈক্ষণে যস্যাঃ সা তমক্রূরং প্রত্যুবাচ ॥ ৭ ॥

উক্তিমেবাহ—অপীতি ষড়্ভিঃ। হে সৌম্য! অক্রূর! মে পিত্রাদয়ঃ নোঽস্মান্ স্মরন্ত্যপি? স্মরন্তি কিম্? তত্র জাময়ঃ কুলস্ত্রিয়ঃ সখ্যঃ সহচর্য্যঃ ॥ ৮ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

জন্মনিলয়ং-জন্মগৃহম্ ॥ ৭ ॥

জাময়ঃ ভ্রাতৃবর্গ-ভার্য্যাঃ ॥ ৮ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত-ক্রমসন্দর্ভঃ।

॥ ৭—৮ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

পৃথায়া ভগবদীয়ত্বনিরূপণার্থং ভগবতি তস্যানবধানভাবমাহ—পৃথা ত্বিতি। যদ্যপ্যেষা কুন্তিভোজায় দত্তা তথাপ্যুৎপন্না শূরাদেবেতি পিতৃগৃহং বসুদেবাদয়ঃ এব ভবন্তি বসুদেবো ভ্রাতেত্যয়মপি ভ্রাতা, তু-শব্দঃ তজ্জিজ্ঞাসাভিন্নপ্রক্রমার্থং। প্রাপ্তমিতি তস্যালভ্যলাভো দর্শিত, উপসৃত্যেতি আচখ্যৌ সর্ব্বমেবাস্মৈ পৃথেত্যুক্তং, বস্তুতস্তু পূর্ব্বমেব সমাগমাদনন্তরমেব ভগবতি ভাবঃ, অত এব তু-শব্দপ্রাপ্ত-শব্দৌ। উপসৃত্য সমীপে সমাগত্য তং পর্য্যনুযুঞ্জানা জন্মনিলয়ং জন্মগৃহং পিতৃকুলমিতি যাবৎ, তৎ স্মরন্তী লোকবদশ্রুকলেক্ষণা জাতা, এতৎ কায়িকং মানসিকঞ্চ নিরূপিতম্ ॥ ৭ ॥

বাচনিকং নিরূপয়তি—অপি স্মরতীতি। সৌম্যেতি সম্যক্ কথনার্থং সম্বোধনং। নোঽস্মান্ পাণ্ডবান্। অপীতি সম্ভাবনায়াং। যতঃ পিতরৌ যতো ভ্রাতরঃ পিত্রোর্বৃদ্ধত্বেনা প্রযোজকতা শঙ্কেতেতি ভ্রাতৃ-গৃহণং। মে ইতি স্বস্য প্রিয়ত্বং সূচিতং। যদ্যপি ভগিন্যোঽত্র সন্তি তথাপি পিতৃগৃহে সমায়ান্তীতি তেষাং স্মরণজ্ঞানসম্ভাবনম্। অন্যস্মৈ দত্তেতি শঙ্কয়া কদাচিদস্মরণং, তথা সতি ন নিস্তার ইতি ভাবঃ। স্মরণে ত্বভিজনসম্পত্তিঃ সিদ্ধেতি ন তথা দুঃখং ভবতি, ভ্রাতৃপুত্রাঃ বসুদেব-সুদেবাদিপুত্রাঃ, চকারাদ্ভগিনীপুত্রাশ্চ। জাময়ঃ কুলস্ত্রিয়ঃ পিতৃবংশ-বিবাহিতা দেবকী-প্রভৃতয়ঃ সখ্যঃ স্বস্য তাসাং স্মরণমাবশ্যকমিতি। সর্ব্বাশ্চ তাঃ সখ্য এব চকারাৎ বালিকাশ্চ সম্পূর্ণবংশস্য মমত্বেন দুঃখমিতি ভাবঃ ॥ ৮ ॥

শ্রীমদ্বিশ্বনাথচক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিনী।

তৎকথনাৎ পূর্ব্বতরং পৃথাবৃত্তমাহ—পৃথা ত্বিতি ॥ ৭ ॥

জাময়ঃ কুলস্ত্রিয়ঃ ॥ ৮ ॥

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণকৃত-বৈষ্ণবানন্দিনী।

তদাখ্যানাৎ পূর্ব্বতরং পৃথা-বৃত্তমাহ—পৃথেতি। পৃথা তং ভ্রাতরমুপসৃত্য জন্ম-স্থানং স্মরন্তী উবাচ ॥ ৭ ॥

জাময়ঃ কুলস্ত্রিয়ঃ ॥ ৮ ॥

শ্রীযুক্তশুকদেবকৃত-সিদ্ধান্তপ্রদীপঃ।

কৃতচিকীর্ষিততৎকর্ম্মকথনাৎ পূর্ব্বমক্রূরং সমুপেত্য পৃথয়া যদুক্তং তৎ বর্ণয়তি—পৃথেতি সপ্তভিঃ। উপসৃত্য সমুপেত্য। জন্মনিলয়ং জন্মভূমিং স্মরন্তী অশ্রূণাং কলা লেশাঃ যয়োস্তে ঈক্ষণে যস্যাঃ সা তমক্রূরমুবাচ ॥ ৭ ॥

জাময়ঃ কুলস্ত্রিয়ঃ ॥ ৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভ্রাত্রেয়ো ভগবান্ কৃষ্ণঃ শরণ্যো ভক্তবৎসলঃ।
পৈতৃষ্বস্রেয়ান্ স্মরতি রামশ্চাম্বুরুহেক্ষণঃ ॥ ৯ ॥
সপত্নমধ্যে শোচন্তীং বৃকাণাং হরিণীমিব।
সান্ত্বয়িষ্যতি মাং বাক্যৈঃ পিতৃহীনাংশ্চ বালকান্ ॥ ১০ ॥

বঙ্গানুবাদ।

শ্রীকুন্তীদেবী স্বীয়গৃহে সমাগত, শ্রীভগবানের ভক্ত বলিয়া প্রসিদ্ধ ভ্রাতা অক্রূরকে সমীপে প্রাপ্ত হইয়া জন্ম-ভবন স্মরণে নিরন্তর অশ্রু বিসর্জ্জন করিতে করিতে বলিতে লাগিলেন ॥ ৭ ॥

হে সৌম্য! (১) আমার পিতা ও মাতা এবং বসুদেবাদি ভ্রাতৃগণ ও শ্রুতদেবাদি ভগিনীগণ, কৃষ্ণরামাদি ভ্রাতৃপুত্রগণ, কুলস্ত্রীগণ, সখীগণ; ইহারা সকলে আমাদিগকে (২) স্মরণ করিয়া থাকেন ত? ॥ ৮ ॥

অন্বয়ঃ।

(তত্রৈব বিশেষতঃ পুনঃ পৃচ্ছতি—ভ্রাত্রেয় ইতি)

ভ্রাত্রেয়ঃ (ভ্রাতুঃ বসুদেবস্য পুত্রঃ) শরণ্যঃ ভক্তবৎসলঃ ভগবান্ অম্বুরুহেক্ষণঃ (কমললোচনঃ) কৃষ্ণঃ রামশ্চ পৈতৃষ্বস্রেয়ান্ (পিতৃষ্বস্রুঃ পিতৃভগিন্যাঃ মম অপত্যান্ যুধিষ্ঠিরাদীন্) স্মরতি (কিং ইতি শেষঃ) ॥ ৯ ॥

(নন্থ স্মরন্নেব মামত্র প্রাহিণোদিত্যাশঙ্ক্যাহ—সপত্নেতি)

বৃকাণাং (মধ্যে) হরিণীমিব সপত্নমধ্যে (শত্রূণাং মধ্যে) শোচন্তীং মাং পিতৃহীনান্ বালকান্ (যুধিষ্ঠিরাদীন্) চ বাক্যৈঃ (প্রিয়বচনৈঃ পূর্ব্ববৎ তদ্বচনশুশ্রূষয়া) সান্ত্বয়িষ্যতি (কিং ইতি শেষঃ) ॥ ১০ ॥

---

(১) "হে সৌম্য!" এই সম্বোধন ভবাদৃশ ব্যক্তির বন্ধুবাৎসল্য-অতি উত্তম।

(২) "আমাদিগকে" এই বহুবচন, পুত্রাদিকে অপেক্ষা করিয়া বলিলেন। (তোষণী)

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকা।

পৈতৃষ্বস্রেয়ান্ মৎপুত্রান্ ॥ ৯ ॥
শোচন্তীং মাং বাক্যৈঃ সান্ত্বয়িষ্যতি কিম্? ॥ ১০ ॥

শ্রীমৎসনাতনগোস্বামিকৃত-বৃহদ্বৈষ্ণবতোষণী।

তত্রৈব বিশেষতঃ পুনঃ পৃচ্ছতি—ভ্রাত্রেয় ইতি। ভগবান্ কারুণ্যাদ্যশেষ-গুণযুক্তঃ অতএব শরণ্যঃ শরণাগতপালকঃ বিশেষতশ্চ ভক্তবৎসলঃ যতঃ কৃষ্ণঃ সাক্ষাদ্ভগবান্নিজাংশৈশ্বর্য্য-প্রকটনার্থমবতীর্ণ ইতি ভাবঃ। বিশেষণানাং যথোত্তরং স্মরণহেতুত্বে শ্রৈষ্ঠ্যং। পৈতৃষ্বস্রেয়ানিতি স্নেহবিশেষপাত্রত্বেন স্মরণীয়তাং বোধয়তি, অম্বুরুহেক্ষণ ইতি পরমসৌন্দর্য্যং, দৃষ্টৈব সন্তাপহারিত্বং তেন সাক্ষাদ্দিদৃক্ষাঞ্চ, এবং দ্বয়োরেব তত্তৎ সর্ব্বং বিশেষণং জ্ঞেয়ং। তথাপি তত্র তত্র গৌণত্বাদ্রামস্য পশ্চান্নির্দ্দেশঃ ॥ ৯ ॥

নন্থ স্মরন্নেব মামত্র প্রাহিণোদিতি চেত্তর্হি সাক্ষাদ্ভূয়াৎ চিরাৎ কিমনুগ্রহীষ্যতীত্যাশয়েন শ্রীকৃষ্ণে ভক্তিবিশেষাত্তমেবোদিশ্য অম্বুরুহেক্ষণ ইত্যভিপ্রেতার্থমেবোৎসুক্যাৎ সদৈন্যমাহ—সপত্নেতি। অনেনাত্মনঃ পরমার্ত্তত্বমুক্তং, অতঃ বাক্যৈঃ প্রিয়বচনৈরাশ্বাসয়িষ্যতি কিং? ততশ্চ তস্য সস্মিতাবলোকপূর্ব্বক-শ্রীমুখমুদ্রাবিশেষোদয়েন মধুরগম্ভীরস্বরেণ চ বিলসদ্বচনামৃতং সাক্ষাৎ পশ্যামীতি গূঢ়ো ভাবঃ। যদ্বা বাক্যৈরপি কৈশ্চিৎ কিং পুনঃ সদ্ব্যবহারেণেত্যর্থঃ। পিতৃহীনামিতি দীননাথত্বমুক্তং, অল্পার্থে কঃ। তেন চ কিঞ্চিৎ কর্ত্তুমসামর্থ্যং অতস্তস্য দীননাথৈকশরণতা মাহাত্ম্যাপেক্ষয়াবশ্যং সান্ত্বনযোগ্যতাভিপ্রেতা ॥ ১০ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমৎসুদর্শনসূরিকৃত-শুকপক্ষীয়ম্।

॥ ৯—১০ ॥

শ্রীমদ্বীররাঘবাচার্য্যকৃত-ভাগবতচন্দ্রচন্দ্রিকা।

ভ্রাত্রেয় ইতি। দেহসম্বন্ধেনাপ্যাত্মনাং রক্ষকত্বখ্যাপনায় ভ্রাত্রেয় ইত্যুক্তিঃ। ভ্রাতুর্ব্বসুদেবস্য পুত্রো ভ্রাত্রেয়ঃ, শরণমুপায়ত্তামর্হতীতি শরণ্যঃ, অনেন সম্বন্ধাদিকমনাদৃত্য শরণাগতরক্ষাশীলত্বমুক্তম্, তদুপযুক্তগুণপূর্ত্তিরুচ্যতে—ভগবানিতি। শরণাগতানপি কদাচিদ্দোষান্বেষণেন ন রক্ষেদিত্যাশঙ্কাং নিরাকুর্ব্বন্ ব্যাচষ্টে—ভক্তবৎসল ইতি। ভক্তেষু দোষাদর্শী, পিতৃষ্বসুঃ পিতৃভগিন্যা মমাপত্যরূপান্ যুধিষ্ঠিরাদীন্ স্মরতি অপীতি শেষোঽনুষঙ্গো বা স্মরতি কিমিত্যর্থঃ। তথাম্বুরুহে ঈক্ষণে যস্য স রামোঽপি স্মরতি কিম্? তদীক্ষণপ্রসাদমাত্রেণৈব নিস্তাপা বয়ং ভবিষ্যাম ইত্যভিপ্রায়েণ তদীক্ষণয়োরম্বুরুহোপমা। ॥ ৯ ॥

কিঞ্চ সপত্নমধ্য ইতি। বৃকাণাং মধ্যে হরিণীমিব তথা শত্রূণাং মধ্যে শোচন্তীং মাং, পিতৃহীনান্ বালকান্ পুত্রাংশ্চ বাক্যৈঃ সান্ত্বয়িষ্যতি কিম্?॥ ১০ ॥

শ্রীমদ্বিজয়ধ্বজতীর্থকৃত-পদরত্নাবলী।

পৈতৃষ্বস্রেয়ান্ পিতৃষ্বসুঃ পুত্রান্ পাণ্ডবান্॥ ৯ ॥
সপত্নমধ্যে শত্রুমধ্যে বৃকাণাং মধ্যে স্থিতাম্॥ ১০ ॥

শ্রীমজ্জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভঃ।

॥ ৯—১০ ॥

শ্রীমদ্বল্লভাচার্য্যকৃত-সুবোধিনী।

